সটীক সানুবাদ

# আনন্দলহরী

ও

## কর্পূরাদিস্তবঃ।

কাব্যতীর্থ বিশেষণান্তর—

শ্রীযুক্ত গুরুনাথ বিদ্যানিধি কর্ত্তৃক

অনুবাদিত ও সংশোধিত।

---

কলিকাতা ১নং গরাণহাটা ষ্ট্রীট দাক্ষায়ণী পুস্তকালয় হইতে

শ্রীগণেশচন্দ্র ঘোষ কর্ত্তৃক

প্রকাশিত।

কলিকাতা।

১নং নিমুগোস্বামীর লেন দাক্ষায়ণী যন্ত্রে

শ্রীমাখনলাল ঘোষ দ্বারা মুদ্রিত।

১২৯৭।

*All Rights Reserved.*

# বিজ্ঞাপন।

এই আনন্দলহরী, অদ্বিতীয় দার্শনিক মহাযোগী পরমহংস পরিব্রাজক প্রাতঃ স্মরণীয় নামা মহাত্মা শঙ্করাচার্য্যের সেই অমৃতময়ী লেখনী হইতে প্রসূত। ইহাতে শক্তির মাহাত্ম্য বর্ণিত হইয়াছে, ভগবান শঙ্করাচার্য্য যে ইহাতে কত দূর পাণ্ডিত্য প্রদর্শন করাইয়াছেন তাহা সুপণ্ডিতগণের ভিন্ন অপর সাধারণের সহজে বুদ্ধিগম্য হইতে পারে না। ইহার মর্ম্মার্থ অবগত হইলে যে প্রকৃতই মানসসরোবরে আনন্দলহরী উচ্ছলিত হয় তাহার কোন সন্দেহ নাই। শঙ্করাচার্য্য আধুনিক ব্যবসায়িগণের ন্যায় গ্রাহকদিগের প্রলোভনার্থ পুস্তকের নাম বরণ করিতেন না। ভগবান শঙ্করাচার্য্য প্রথমে শিবভক্ত ছিলেন তিনি শক্তি মানিতেন না এই জন্য সৃষ্টি স্থিতি প্রলয়কর্ত্রী শক্তিরূপা জগদম্বা তাঁহার প্রতি বিরূপা হন। একদিবস ভগবান শঙ্করাচার্য্য বারাণসীতে মণিকর্ণিকার ঘাটে আহ্নিক করিতেছেন এমন সময়ে জগদম্বা তাহার শক্তি অপনয়ন করেন, শঙ্করাচার্য্য ঐ সময় এরূপ অবসন্ন হইলেন যে তাঁহার শঙ্কর বলা দূরে থাকুক স্পন্দন করারও শক্তি ছিলনা। তখন কৃপাসাগর শঙ্কর স্বীয় ভক্ত শঙ্করের ঐরূপ অবস্থা দেখিয়া জগদম্বাকে অনুরোধ করেন, জগদম্বা শিবের অনুরোধে বাধ্য হইয়া কোন এক বৃদ্ধা রমণীর বেশধারণ করিয়া তথাতে উপস্থিত হইয়া শঙ্করাচার্য্যের প্রতি দৃষ্টিপাত করিলেন এবং যৎকিঞ্চিৎ বাক্‌শক্তিপ্রদান করিয়া জিজ্ঞাসা করিলেন "যোগিবর! তোমার এই অবস্থা কিসে হইল" তখন শঙ্করাচার্য্য বলিলেন "মাগো! আমায়

একটু জল প্রদান কর আমি বড় তৃষিত হইয়াছি" তখন আবার জগদম্বা বলিলেন ঐ যে তোমার নিকটেই জল রহিয়াছে আনিয়া খাও না" শঙ্কর বলিলেন মা! আমার ত শক্তি নাই, আমি যে জল আনিয়া খাইতেপারি। তখন জগদম্বা বলিলেন তুমিত শক্তি মাননা তোমার আবার শক্তি নাই এই কি কথা" এই বলিয়া জগদম্বা অদৃশ্যা হইলেন শঙ্করাচার্য্য এই অলৌকিক আশ্চর্য্য ঘটনাতে দিব্যজ্ঞান লাভ করিলেন এবং ঐ সময়েই শক্তিরূপা জগদম্বাকে সুপ্রসন্না করার অভিপ্রায়ে "শিবঃ শক্ত্যা যুক্ত" ইত্যাদি স্তব রচনা করিতে আরম্ভ করিলেন। শঙ্করাচার্য্য যে অদ্বিতীয় দার্শনিক অদ্বিতীয় তান্ত্রিক এবং কবিকুঞ্জর কুলের অগ্রগণ্যছিলেন এই স্তোত্রময় গ্রন্থখানিও তাহার পরিচায়ক. আমরা এরূপ উপাদেয় রত্ন সাধারণের অপ্রাপ্য দেখিয়া টীকা ও বঙ্গানুবাদের সহিত মুদ্রিত করিলাম। অনুবাদ বিশেষ সরল করা হইয়াছে সংস্কৃতানভিজ্ঞ ব্যক্তিও যে ইহার মর্ম্মার্থ অবগত হইতে পারিবেন তাহা আমরা ভরসা করিতে পারি। এস্থলে এটিও উল্লেখ্য যে জগন্নাথ চক্রবর্ত্তি কৃত যে ইহার অপর ১খানি টীকা আছে তাহা মুদ্রণার্থ সংগ্রহ করিয়াও প্রথম টীকা অপেক্ষায় পল্লবিত দেখিয়া এবার তাহা মুদ্রিত করা হইলনা, গ্রাহক মহোদয়গণ উৎসাহিত করিলে দ্বিতীয় সংস্করণ সময়ে আর পল্লবিতা আশঙ্কার পরিত্যাগ হইবেনা। এইক্ষণ গ্রাহক গণ প্রীতি-প্রকাশ করিলেই চরিতার্থ মনে করিব। ইতি।

শ্রীগুরুনাথ শর্ম্মা।

সটীক-সানুবাদ—

# আনন্দলহরী

শিবঃ শক্ত্যা যুক্তো যদি ভবতি শক্তঃ প্রভবিতুং
নচেদেবং দেবো ন খলু কুশলঃ স্পন্দিতুমপি।
অতস্ত্বামারাধ্যাং হরিহরবিরিঞ্চ্যাদিভিরপি
প্রণন্তুং স্তোতুং বা কথমকৃতপুণ্যঃ প্রভবতি॥১॥

টীকা।

নত্বা পিত্রোঃ পদাম্ভোজমচ্যুতানন্দশর্ম্মণা। আনন্দলহরী-স্তোত্রং মুদে ব্যাখ্যায়তে সতাং॥ কদাচিদ্ভগবতা শঙ্করাচার্য্যেণ শঙ্করমূর্ত্তিনাপি বিবিধশাস্ত্রানুশীলনতয়া সর্ব্বং বৈ পরং ব্রহ্মেতি মতমাশ্রিত্য হরাদন্যং দেবং ন জানামীত্যনুশাসতা প্রত্যক্ষীভূতয়া শক্ত্যানুগৃহীতেন তস্যা এব প্রাধান্যমনুভবতা স্তোত্রমারব্ধম্ শিব ইতি। শিবো ব্রহ্মস্বরূপঃ যদি ইচ্ছাজ্ঞানক্রিয়াদিশক্ত্যা যুক্তো ভবতি তদা প্রভবিতুম্ অধিকর্ত্তুং শক্তঃ, ন চেদেবং স্পন্দিতুং চলিতুমপি ন সমর্থঃ। অতো হেতোস্ত্বাং প্রণন্তুং স্তোতুং বা অকৃতপুণ্যো জনঃ কথং ভবতি। প্রাক্তনপুণ্যং বিনা স্তুতিনত্যাদিকং ন সম্পাদ্যত ইত্যর্থঃ। ত্বাং কিম্ভূতাং, হরিহরবিরিঞ্চ্যাদিভিঃ সেব্যাম্। বস্তুতস্তু সৃষ্ট্যাদীনাং শক্তিঃ কারণম্। তদুক্তং গীতায়াম্, অজোঽপি সন্নব্যয়াত্মা দেবানামীশ্বরোঽপি সন্। প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া। শারদায়ামপি— সচ্চিদা-

নন্দবিভবাৎ সকলাৎ পরমেশ্বরাৎ। আসীচ্ছক্তিস্ততো নাদো-নাদাদ্বিন্দুসমুদ্ভবঃ॥ তত্র সকলাদিতি কলাযুক্তশক্তিমত-ইত্যর্থঃ। বামকেশ্বরতন্ত্রেঽপি—পরোঽপি শক্তিরহিতঃ শক্তঃ কর্ত্তুং ন কিঞ্চন। শক্তস্তু পরমেশানি শক্ত্যা যুক্তো, ভবেদ্‌যদি। অত্র মন্ত্রমপ্যুদ্ধরন্তি। শিবো হঙ্কারঃ যদি শক্ত্যা সঃকারেণ যুক্তো ভবতি তদা প্রভবিতুং সমস্ততন্ত্রা-ণামাদির্ভবিতুং শক্তঃ। হংসমন্ত্রঃ সোহঞ্চ। গোরক্ষসংহি-তায়াং—অকারো হরিরিত্যাহুরুকারো হর উচ্যতে। মকারো ব্রহ্মণঃ সংজ্ঞা জায়তে প্রণবস্তু তৈঃ। অথবা শিবঃ কাদিক্ষকারপর্য্যন্তবর্ণসমূহঃ। শক্তিঃ ষোড়শস্বরঃ। তয়া যুক্তো যদি ভবতি তদা বেদাদিকং স্পষ্টীকর্ত্তুং শক্তো-ভবতি; ন চেৎ স্পন্দিতুং উচ্চারণবিষয়ীভবিতুমপি ন কুশলঃ। তদুক্তং শারদায়াম্। বিনা স্বরৈস্তু নান্যেষাং জায়তাং ব্যক্তিরঞ্জসা। শিবশক্তিময়াস্তস্মাদ্বর্ণাঃ প্রোক্তা-মনীষিভিঃ। ব্যাখ্যানঞ্চ শিবশব্দ ইকারেণ যুক্তশ্চেৎ ঈশ্বর-বাচকঃ,অন্যথা শব ইতি শব্দচ্ছলঃ। তন্ত্রে দৃষ্টং যথা,সংকারেণ বহির্যাতি হংকারেণ বিশেৎ পুনঃ। হংসো হংস ইমং মন্ত্রং জীবো জপতি সর্ব্বদা। অথবা ত্বাং কিম্ভুতাং, প্রণবাদি-বেদমন্ত্রৈরারাধ্যাম্। প্রণবস্তু হরিহরবিরিঞ্চিবাচকৈঃ অকারো-কার-মকারবাচকৈঃ। তথাচ অকারো হরিরিত্যাহুরুকারো-হর উচ্যতে। মকারো ব্রহ্মণঃ সংজ্ঞা জায়তে প্রণবস্তু তৈঃ। ১

---

জগদম্বে! মহেশ্বর যদি ইচ্ছা জ্ঞান ক্রিয়াদি শক্তি-বিশিষ্ট হন, তবেই তিনি জগতের সৃষ্টিপ্রভৃতি কার্য্য

কলাপ করিতে পারেন; অন্যথা হইলে তিনি নিজে স্পন্দন করিতেও সক্ষম হয়েন না; এই জন্য ব্রহ্মা বিষ্ণু শিব-প্রভৃতি সমস্ত দেববৃন্দ ও সেই শক্তিরূপা তোমারই উপাসনা করিয়া থাকেন, এইরূপ অবস্থায় আমার তুল্য পুণ্যরহিত মানব কিপ্রকারে তোমাকে প্রণাম অথবা স্তব করিতে সক্ষম হইতে পারে। এই শ্লোকের অর্থান্তর দ্বারা মন্ত্র ও উদ্ধৃত হয়; যথা।—শিব শব্দে 'হং'। শক্তি শব্দে 'সঃ'। 'হং' এই বর্ণটি যদি 'সঃ' এই বর্ণের সহিত যুক্ত হন, তবে সকল তন্ত্রের আদিমন্ত্র হইয়া থাকেন প্রাণিগণ শ্বাসের আকর্ষণে ও পরিত্যাগে 'হংসঃ' এই অজপা মন্ত্র জপ করিয়া থাকে। অথবা শিব শব্দে ককারাদি ক্ষকারান্ত ব্যঞ্জনবর্ণ শক্তিশব্দে অকারাদি ষোড়শ স্বরবর্ণ, ব্যঞ্জন বর্ণ যদি স্বরবর্ণের সহিত যুক্ত হয় তবে বেদাদি ব্যক্ত করিতে সমর্থ হয়; অন্যথা শিব অর্থাৎ ব্যঞ্জনবর্ণ উচ্চারিত হইতেও পারে না। কিংবা, 'শিব' এই শব্দটি যদি শক্তি শূন্য অর্থাৎ ইকার রহিত হয়, তবে শব হইয়া পড়ে ইকারযুক্ত হইয়াই পরমেশ্বরের প্রতিপাদক হয় এবং হরি শব্দে 'অকার' হর শব্দে 'উকার' বিরিঞ্চি শব্দে মকার। জননি! এই বর্ণত্রয় মিলিত হইয়া যে 'ওঁ' ইত্যাকার বেদাদি মন্ত্র হইয়া থাকে ইহার দ্বারাও তোমার উপাসনা হইয়া থাকে। ১

তনীয়াংসং পাংশুং তব চরণপঙ্কেরুহভবং
বিরিঞ্চিঃ সঞ্চিন্বন্ বিরচয়তি লোকানবিকলম্।

বহত্যেনং শৌরিঃ কথমপি সহস্রেণ শিরসাং
হরঃ সংক্ষুভ্যৈনং ভজতি ভসিতোদ্ধূননবিধিম্ ॥২

টীকা।

দেব্যাশ্চরণরেণূনাং মহিমানমাহ তনীয়াংসমিতি। হে মাতস্তব পাদপদ্মভবং অল্পতরং পাংশুং ধূলিং ব্রহ্মা রাশীকুর্ব্বন্ স্বচ্ছন্দং লোকান্ সৃজতি। তব মহিম্না তনীয়সোঽপি বহুলীকরণসামর্থ্যমিতি ভাবঃ। এনং চরণরেণুং জগত্ত্বেন সম্পন্নমপরিমেয়পরাক্রমোঽপি নারায়ণঃ অনন্তরূপেণ কষ্টসৃষ্ট্যা শিরসাং সহস্রেণ বহতি। তনীয়সোঽপি এবম্ভূতং গরীয়স্ত্বমিতি ভাবঃ। হর এনং অন্তকালে স্বতেজসা দগ্ধং সংক্ষুভ্য চূর্ণীকৃত্য বিভূতিম্রক্ষণবিধিং ভস্মলেপনবিধিং ভজতি। তদাত্মকত্বাৎ আত্মনি পুনস্তনীয়স্ত্বমিতি ভাবঃ। তব পাদরেণবঃ সৃষ্টিস্থিতিপ্রলয়ানাং হেতব ইতি তাৎপর্য্যার্থঃ। অত্র ভূতশুদ্ধিবীজান্যুদ্ধরন্তি। তনীয়াংসং শব্দাৎ যংকারঃ। চরণশব্দাদ্রেফঃ। পাংশুশব্দাৎ বিন্দুঃ। অবিকলং শব্দাৎ লঙ্কারঃ। ভবং শব্দাৎ বঙ্কারঃ। এতেন য়ং রং লং ব ইতি ভূতশুদ্ধিবীজচতুষ্টয়ম্। ২

মাতঃ! বিধাতা তোমার পাদপদ্মের কিঞ্চিৎ রেণু সঞ্চয় করিয়া তদ্দ্বারা অক্লেশে এই জগতের সৃজন করিতেছেন। নারায়ণ অসীম পরাক্রমশালী হইয়া ও অনন্তরূপ ধারণ করিয়া সহস্র ফণা দ্বারা অতিকষ্টে ঐ যৎ কিঞ্চিৎ রেণুনির্ম্মিত এই বিশ্বসংসার বহন করিতেছেন। মহাপ্রলয় সময়ে

মহাদেব স্বকীয় তেজো দ্বারা ভস্মীকৃত এই বিশ্ব সংসারকে বিভূতিরূপে পরিণত করিয়া শরীরে তাহা মাখিয়া থাকেন অর্থাৎ তোমার চরণ ধূলীই জগতের সৃজন, পালন এবং সংহারের হেতু। এই শ্লোকে ভূতশুদ্ধির ৪টী বীজ মন্ত্র উদ্ধৃত হয়, যথা।—'তনীয়াংসং' এই শব্দে যং। 'চরণ' এই শব্দে—র। 'পাংশু' এই শব্দে অনুস্বার (০) 'অবিকল' এই শব্দে—লং। 'ভবং' এই শব্দে—বং। ইহাতে 'যং রং লং বং' এই বীজ ৪টী পাওয়া গেল। ২

অবিদ্যানামন্তস্তিমিরমিহিরোদ্দীপনকরী
জড়ানাং চৈতন্যস্তবকমকরন্দশ্রুতিশিরা।
দরিদ্রাণাং চিন্তামণিগুণনিকা জন্মজলধৌ
নিমগ্নানাং দংষ্ট্রা মুররিপুবরাহস্য ভবতী। ৩

টীকা।

ভক্তেষ্বনুকম্পামাহ অবিদ্যা ইতি। অবিদ্যানামজ্ঞানিনাং যদন্তস্তিমিরং অহঙ্কাররূপং তত্র রবিঃপ্রকাশকরী শ্রীভগবতী। ভগবত্যা অনুকম্পা চেৎ মূর্খোঽপি প্রসন্নচেতা ভবতীত্যর্থঃ। মিহিরদ্বীপনগরীতি ক্বচিৎ পাঠঃ। তত্র দ্বাদশাদিত্যস্থান রূপা নগরী ত্বমিত্যর্থঃ। জড়ানাং কর্ত্তব্যাকর্ত্তব্যবিমূঢ়ানাং নানাজাতীয়জ্ঞানরূপং যৎ পুষ্পগুচ্ছং তত্র মকরন্দশ্রুতি শিরা। অন্তঃপ্রবোধমধুস্রবাণাং সম্পাদয়িত্রী ত্বং জড়ানামপি বিশিষ্টজ্ঞানদাত্রী ত্বমিত্যর্থঃ। দরিদ্রাণাং চিন্তামণিঃ অভীষ্ট-ফলদো মণিবিশেষঃ। তস্য গুণনিকা গুণস্বরূপা ত্বং

দরিদ্রাণাং সম্বন্ধে দানশক্তিরূপা ত্বং,যয়া দারিদ্র্যভঞ্জনং ভবতি সা ত্বমিত্যর্থঃ। তথা সংসারসমুদ্রমগ্নানাং পৃথিব্যুদ্ধারকস্য বরাহরূপস্য বিষ্ণোর্দ্দন্তরূপা ভগবতী। বিষয়ব্যাপারিণামপি মোক্ষদাত্রীত্যর্থঃ। অত্র প্রকাশকবোধকদারিদ্র্যবিদারণ-ভবতারক বীজান্যুদ্ধরন্তি। চৈতন্যশব্দাদৈকারঃ। জড়ানাং শব্দাদ্বিন্দুঃ। মিহিরশব্দাৎ হকাররেফৌ। নগরীশব্দাদী-কারঃ। অবিদ্যানাং শব্দাদ্বিন্দুঃ। এতেন ঐঁ হ্রীঁ ইতি বীজদ্বয়ং প্রকাশকং বোধকঞ্চ। বরাহশব্দাৎ বকাররেফৌ। জলধৌ শব্দাদৌকারঃ। নিমগ্নানাং শব্দাৎ বিন্দুঃ। অবি-দ্যানাং শব্দাৎ বকারঃ। তিমির শব্দাদ্রেফঃ। ভবতীশব্দা-দীকারঃ। দংষ্ট্রাশব্দাদ্বিন্দুঃ। এতেন ব্রৌঁ ব্রীঁ ইতি বীজদ্বয়ং দারিদ্র্যদারণং সংসারতারণঞ্চ। ৩

---

জননি! অজ্ঞানিদিগের অন্তঃকরণে যে অহঙ্কাররূপ অন্ধকার অবস্থান করিয়া থাকে তুমি তাহাতে জ্ঞানরূপ সূর্য্য উদিত করিয়া দিয়া থাক। অর্থাৎ মূর্খ ব্যক্তি ও ত্বদীয় দয়ার ভাজন হইলে পণ্ডিত হইয়া থাকে। যে সকল ব্যক্তি জড় অর্থাৎ কোন কর্ম্ম কর্ত্তব্য, কোন কর্ম্ম বা অকর্ত্তব্য ইহার বিবেচনা করিতে পারে না সেই সকল ব্যক্তির নানাপ্রকার বুদ্ধিরূপ যে কুসুমস্তবক তুমি উহার মধু-স্রবণের ধমনী অর্থাৎ পথস্বরূপা অর্থাৎ তুমি মূঢ়দিগের অন্তঃকরণে প্রবোধরূপ মধুক্ষরণ করিয়া থাক এবং তুমি দীন ব্যক্তিদিগের বাঞ্ছিতার্থপ্রদ যে চিন্তামণি নামক মণি বিশেষ, তাহার গুণনিকা স্বরূপা অর্থাৎ যে দানশক্তি দরিদ্রদিগের

দারিদ্র্যভঞ্জন করে, তুমিই সেই দানশক্তি—স্বরূপা এবং তুমিই ভবপারাবারে পতিত জীবগণের বরাহরূপী বিষ্ণুর দন্তস্বরূপা, অর্থাৎ বিষয়াসক্ত জীবগণকে মুক্ত করিয়া থাক। এই শ্লোকে উদ্দীপক, বোধক দারিদ্র্যভঞ্জক এবং সংসার-তারক ৪ টী বীজ মন্ত্র কথিত হইয়াছে, যথা।—চৈতন্য—ঐ। জড়ানাং—হ। মিহির—হ এবং রেফ। নগরী—ঈকার। অবিদ্যানাং ং। এই সমস্ত মিলিত হইলে ঐঁ হ্রীঁ এই দুইটী বীজ হইল, ইহার প্রথমটী প্রকাশক বীজ দ্বিতীয়টী বোধক বীজ। আর বরাহ—ব ও রেফ। জলধৌ—ঔ। নিমগ্নানাং অনুস্বার (ং) অবিদ্যানাং ব। তিমির—র। ভবতী—ঈকার। দংষ্ট্রা অনুস্বার (ং) এই সকল মিলিত হইলে ব্রৌঁ এবং ব্রীঁ এই দুইটী মন্ত্র হইল। ইহার প্রথমটী দারিদ্র্যভঞ্জক, দ্বিতীয়টী সংসারতারক। ৩

ত্বদন্যঃ পাণিভ্যামভয়বরদো দৈবতগণ—
স্ত্বমেকা নৈবাসি প্রকটিতবরাভীত্যভিনয়া।
ভয়াৎ ত্রাতুং দাতুং ফলমপি চ বাঞ্ছাসমধিকং
শরণ্যে লোকানাং তব হি চরণাবেব নিপুণৌ ॥৪

টীকা।

ভগবত্যা অন্যদেবতাভ্যোঽসাধারণ্যমাহ ত্বদন্য ইত্যাদি। হে লোকানাং শরণ্যে! লোকানাং রক্ষিত্রি! তথাচ শরণং গৃহরক্ষিত্রোরিত্যমরঃ। ত্বদন্যো দৈবতগণঃ দৈবতসমূহঃ পাণিভ্যামেব অভিনয়ং কৃত্বা বরাভয়মুদ্রাং ধৃত্বা বরঞ্চ অভ-য়ঞ্চ দদাতি। একা ত্বং তথা ন করোষি। কিন্তুতাং, প্রকটিত-

বরাভীত্যভিনয়া প্রকটিতং স্ফুটং বরাভীতিমুদ্রারহিতং বরাভীত্যভিনয়ং বরাভীতিদানং যস্যাঃ। হি যস্মাৎ ভয়াৎ ত্রাতুং বাঞ্ছাসমধিকঞ্চ ইষ্টতোঽপ্যধিকং ফলঞ্চ দাতুং তব চরণৌ এব নিপুণৌ। অন্যেষাং হস্তকৃত্যং যত্নসাধ্যং শ্রীমত্যা-অযত্নেন চরণাভ্যামেব সম্পাদ্যতইতি ধ্বনিঃ। অত্র বালা-মন্ত্রমপ্যুদ্ধরন্তি। দৈবতশব্দাদৈকারঃ। পাণিভ্যাং শব্দা-দ্বিন্দুঃ। এতেন ঐঁ। লোকানাং শব্দাৎককারলকারেকারা-নুস্বারাঃ। এতেন ক্লীঁ। সমধিক-শব্দাৎ সকারঃ। চরণৌ-শব্দাদৌকারঃ। ত্বদন্যশব্দাদ্বিসর্গঃ -এতেন সৌঃ। ৪

হে ত্রিলোকপালিকে। অন্য অন্য অমরবৃন্দ হস্ত দ্বারা অভিনয় করিয়াই বরাভয় দান করিয়া থাকেন; কেবল তুমিই ঐপ্রকার কর না, তোমার বরাভয়প্রদানটি কার্য্যেই পরি-ণত হইয়া থাকে, যেহেতু ভয় হইতে ত্রাণ এবং আশাতি-রিক্ত দান করিতে কেবল তোমার চরণযুগলই সমর্থ। অর্থাৎ ত্বদীয় পাদপদ্মের সাহায্য না লইয়া কোন দেবতাই বরাভয়-প্রদানে সক্ষম হন না। ইহাতে এইটী ও ব্যঞ্জিত হইতেছে যে, অন্য দেবগণের হস্ত কর্ত্তব্য কার্য্য সকল জগদম্বার চরণযুগলই সম্পাদিত করেন। এই শ্লোকে বালামন্ত্র উদ্ধৃত হয়, যথা- দৈবত -ঐ। পাণিভ্যাং—ং। লোকানাং—ক্, ল্, ঈ আর বিন্দু। সমধিক—স। চরণৌ ঔ। ত্বদন্য—ঃ। সমস্ত মিলিত, হইয়া' ঐঁ ক্লীঁ সৌঃ' এই মন্ত্র উদ্ধৃত হইল

হরিস্ত্বামারাধ্য প্রণতজনসৌভাগ্যজননীং
পুরা নারী ভূত্বা পুররিপুমপি ক্ষোভমনয়ৎ।
স্মরোঽপি ত্বাং নত্বা রতিনয়নলেহ্যেন বপুষা
মুনীনামপ্যন্তঃ প্রভবতি হি মোহায় মহতাম্॥ ৫

টীকা।

সর্ব্বত্র শ্রীমত্যাশ্চরণারাধনস্য কারণতামাহ। হরিস্ত্বামিত্যাদি। পুরা হরির্নারায়ণঃ প্রণতজনসৌভাগ্যজননীং প্রণতানাং সৌভাগ্যকরীং ত্বামারাধ্য নারী ভূত্বা মোহিনীরূপমাস্থায় পুররিপুমপি যস্য যোগবলেন ত্রিপুরং দগ্ধম্ অর্থাৎ তং মহাযোগীন্দ্রমপি ক্ষোভং অনয়ৎ অস্থৈর্য্যং প্রাপয়ৎ। স তু ভবদ্‌গুণাজ্জাত ইতি তস্মিন্ কদাচিদেতৎ কার্য্যং সম্ভাব্যতে। অপি তু স্মরো যঃ কার্ম্মুকৈঃ স্মরণীয়তাং প্রাপ্তঃ সোঽপি ত্বাং নত্বা রতিনয়নলেহ্যেন বপুষা স্ত্রিয়াশ্চক্ষুঃপ্রীতিকরেণ দেহেন অর্থাৎ স্ত্রীবশ্যেন শরীরেণাপি মহতাং মুনীনাং মননশীলানাং পারাশরপ্রভৃতীনামপি অন্তর্মোহায় মনসোঽস্থৈর্য্যায় প্রভবতি প্রভুর্ভবতি। যদ্বা হে প্রণতজনসৌভাগ্যজননি! ঈমিতি চতুর্থবীজাত্মককামকলারূপাং ধ্যাত্বা পুররিপুমপি ক্ষোভমনয়ৎ। শ্রীমত্যাঃ পূজায়াঃ প্রথমতঃ দ্বারদেশে রতিকামদেবৌ পূজ্যাবিতি তাৎপর্য্যার্থঃ। সাধ্যসিদ্ধাসনবিদ্যামপ্যুদ্ধরন্তি। হরিশব্দাৎ হকাররেফৌ। জননীং শব্দাৎ ঈকারানুস্বারৌ। এতেন হ্রীঁ। স্মরঃ কামবীজং। লেহ্যেন শব্দাৎ লেকারঃ। বপুঃশব্দাৎ বকারঃ মুনীনাং শব্দাদ্বিন্দুঃ এতেন হ্রীঁ ক্লীঁ ব্লেঁ। ৫

জগদম্বে। তুমি ভক্ত বৃন্দকে ঐশ্বর্য্য বিতরণ করিতেছ। পূর্ব্বকালে নারায়ণ তোমাকে আরাধিয়া মোহিনীরূপ ধারণ করিয়া মহাযোগীন্দ্র মহেশ্বরকে ও মুগ্ধ করিয়াছিলেন। আর কামদেব ও তোমার উপাসনা করিয়াই স্বকীয় প্রিয়ার প্রীতিবর্দ্ধক কলেবর দ্বারা মুনিগণের মানসকেও মোহিত করিয়াছিলেন। এই সমস্ত তোমারই মাহাত্ম্য. ইহা ব্যতীত কেহই কোন কার্য্যে সমর্থ হন না। এই শ্লোকের অন্য প্রকারও ব্যাখ্যা হইতে পারে। যথা।—হে প্রণতজন-সৌভাগ্য জননি! নারায়ণ তোমাকে 'ঈং' এই মন্ত্রাত্মক কামকলারূপা চিন্তা করিয়া মোহিনীবেশ অবলম্বন করত মহাযোগীন্দ্র মহাদেবকেও মুগ্ধ করিয়াছিলেন। ইহার মর্ম্ম এই যে, শ্রীবিদ্যার অর্চ্চনায় আদিতে দ্বারদেশে কামদেবও তৎপ্রিয়ার অর্চ্চনা করিতে হয়। এই শ্লোকে সাধ্য সিদ্ধাসন বিদ্যাও উদ্ধৃত হইতেছে যথা।—হরি— হ এবং র। জমনী—ঈকার আর বিন্দু (০)। স্মর ক্লীং। লেহ্যেন— লে। বপুঃ—ব। মুনীনাং বিন্দু। মিলিত হইয়া' হ্রীঁ ক্লীঁ ব্লেঁ' এই বীজত্রয়াত্মক একটি মন্ত্র হইল। ৫

**ধনুঃ পৌষ্পং মৌর্ব্বী মধুকরময়ী পঞ্চ বিশিখা**
**বসন্তঃ সামন্তো মলয়মরুদায়োধনরথঃ।**
**তথাপ্যেকঃ সর্ব্বং হিমগিরিসুতে কামপি কৃপা-**
**মপাঙ্গাত্তে লব্ধ্বা জগদিদমনঙ্গো বিজয়তে॥ ৬**

টীকা।

শ্রীমত্যা অনুকম্পয়া অযোগ্যোঽপি মহৎ কর্ম্ম সাধয়তী-

ত্যাহ ধনুরিত্যাদি। হে হিমগিরিসুতে! তে অপাঙ্গাৎ নয়নকোণাৎ কামপি অনির্ব্বচনীয়াং কৃপাং লব্ধ্বা অনঙ্গোঽপি অঙ্গরহিতোঽপি। অনঙ্গত্বেঽপি কর্ম্মযোগ্যতা সূচিতা। একোঽসহায়ো জগদ্বিজয়তে চরাচরং বশীকরোতি। জগদ্বশীকরণে সামগ্রীষাড়্গুণ্যং দর্শয়িতুমাহ পৌষ্পমিতি পুষ্পরচিতং ধনুঃ অতিকোমলং, গুণঃ ভ্রমরসমূহঃ চঞ্চলঃ, বাণাঃ পঞ্চ নাধিকাঃ, বসন্ত ঋতুঃ সারথিঃ স অনিয়তঃ, মলয়বায়ুর্যুদ্ধরথঃ স মন্দগামী। এতেন সর্ব্বএব যুদ্ধাযোগ্যাঃ। অত্র কন্দর্পবীজমপ্যুদ্ধরন্তি। কামপি শব্দাৎ ককারঃ। মলয়শব্দাৎ লকারঃ। মৌর্ব্বীশব্দাদীকারঃ। পৌষ্পং শব্দাদ্বিন্দুঃ। এতেন ক্লীঁ। ৬

হে হিমাচলতনয়ে। যাঁহার ধনু পুষ্পময়; ধনুর গুণ অলিবৃন্দ স্বরূপ; শর কেবল পাঁচটি, সারথি বসন্ত ঋতু; অনিয়ত-সঞ্চারী মলয়ানিল যুদ্ধের রথ, সেই রতিপতি অনঙ্গ অর্থাৎ শরীর বিহীন এবং এরূপ সাধনশালী হইয়াও তোমার অপাঙ্গের অনির্ব্বচনীয় অনুকম্পা লাভ করিয় এককই এই বিশ্বসংসার পরাজিত করিতেছে। এই শ্লোকে কন্দর্পবীজ উদ্ধৃত হইতেছে। কামপি—ক। মলয়—ল। মৌর্ব্বী—ঈ। পৌষ্পং—বিন্দুঃ। মিলিত হইয়া 'ক্লীঁ' হইল। ৬

ক্বণৎকাঞ্চীদামা করিকরভকুম্ভস্তনভরা
পরিক্ষীণা মধ্যে পরিণতশরচ্চন্দ্রবদনা।

ধনুর্ব্বাণান্ পাশং সৃণিমপি দধানা করতলৈঃ
পুরস্তাদাস্তাং নঃ পুরমথিতুরাহোপুরুষিকা॥ ৭

টীকা।

অস্যা ধ্যানমাহ ক্বণদিতি। পুরমথিতুঃ শিবস্য আহো-পুরুষিকা অহঙ্কাররূপা নোঽস্মাকং পুরস্তাদগ্রতঃ আস্তাং প্রত্যক্ষীভবতু। সা কিম্ভূতা, ক্বণৎ শব্দায়মানং কাঞ্চীদাম যস্যাঃ। পুনঃ কিম্ভূতা করিকরভকুম্ভস্তনভরা প্রকৃষ্টকরিশাবকস্য কুম্ভ ইবস্তনয়োর্ভরো যস্যাঃ। করী এব করভঃ করিকরভ ইতি ব্যুৎপত্তিঃ। মধ্যে ক্ষীণা। পূর্ণশরচ্চন্দ্র ইব বদনং যস্যাঃ করতলৈর্ধনুর্ব্বাণান্ পাশং অঙ্কুশমপি দধানা। অত্র শিনীবীজমুদ্ধরন্তি। বাণশব্দাৎ বকারঃ। করতল শব্দাৎ লকারঃ। পুরমথনশব্দাদুকারঃ। আস্তাং শব্দাদ্বিন্দুঃ। এতেন ব্লুঁ। ৭

দেবীর ধ্যান কথিত হইতেছে। যিনি কটি স্থানে শব্দায়মান কাঞ্চীগুণ দ্বারা অলঙ্কৃতা হইতেছেন; যাঁহার কুচ মণ্ডল অল্পবয়স্ক করির মস্তকস্থিত কলসের সদৃশ, যাঁহার কক্ষদেশ সাতিশয় কৃশ, যাঁহার মুখমণ্ডল শরচ্চন্দ্রের সাদৃশ্য ধারণ করিতেছে, যিনি হস্তচতুষ্টয়ে ধনু, বাণ, পাশ ও অঙ্কুশ ধারণ করিতেছেন এবং যিনি ত্রিপুরারির মূর্ত্তিমন্ত অহঙ্কার—স্বরূপা, তিনি আমাদিগের সম্মুখে আসিয়া বিরাজ করুন। এই শ্লোকে শিনীবীজ উদ্ধৃত হইতেছে। বাণ—ব। করতলৈঃ—ল। পুরমথন—

উ। আস্তাং—অনুস্বার। মিলিত হইয়া 'ব্লূঁ' এই মন্ত্র হইল। ৭

সুধাসিন্ধোর্মধ্যে সুরবিটপিবাটীপরিবৃতে
মণিদ্বীপে নীপোপবনবতি চিন্তামণিগৃহে।
শিবাকারে মঞ্চে পরমশিবপর্য্যঙ্কনিলয়াং
ভজন্তি ত্বাং ধন্যাঃ কতিচন চিদানন্দলহরীম্॥ ৮

টীকা।

শ্রীমত্যাঃ পীঠমাহ। সুধেতি। কতিচন ধন্যা জনা চিদানন্দলহরীং পরাং ব্রহ্মস্বরূপাং ত্বাং ভজন্তি। তথাচ শ্রুতিঃ। নিত্যং বিজ্ঞানমানন্দং ব্রহ্মেতি। কুত্র, শিবাকারে মঞ্চে। ত্বাং কিম্ভূতাং, পরমশিবপর্য্যঙ্কনিলয়াং। তদুক্তং যামলে ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরশ্চ সদাশিবঃ। এতে পঞ্চ মহাপ্রেতাঃ সিংহাসনপরিস্থিতাঃ। এতে দেব্যাসনস্যাধঃ শিবাঃ পঞ্চ ব্যবস্থিতাঃ। তত্র চতুর্ভিঃ শিবৈর্মঞ্চং বিধায় পরমশিবং সদাশিবং প্রচ্ছদীকৃত্য তত্রস্থামিত্যর্থঃ। অথবা শিবো হকারঃ তদাকার ওকারঃ গজকুম্ভাকৃতিত্বাৎ। এতেন ওকাররূপে মঞ্চে, পরমশিবো বিন্দুঃ, বিন্দোঃ পর্য্যঙ্কং আসনস্থানং, নাদঃ স এব নিলয়ো যস্যাঃ। এতেন প্রণবস্থাং পরমশিবসংযুক্তামিত্যর্থঃ। অতএব চিদানন্দলহরীতি বিশেষণং সম্পাদ্যতে। যতঃ শিবশক্তিসমাযোগাদানন্দোৎপত্তির্ভবতি। অথবা শিবাকারে হকারাবয়বে হকারার্দ্ধে মঞ্চে ইত্যর্থঃ। পরমশিবপর্য্যঙ্কনিলয়াং বিন্দুস্থানরূপাং কামকলারূপামিত্যর্থঃ।

পীঠস্থানমাহ। সুধাসিন্ধোর্মধ্যে অমৃতার্ণবস্থাপ্রসিদ্ধত্বাৎ কুলামৃতং কারণমিতি শিবসঙ্কেতঃ। কল্পবৃক্ষবাটিকাবৃতে মণিময়দ্বীপে কদম্বোপবনযুতে চিন্তামণিরচিতমণ্ডপে। এতেন আধারাধেয়ক্রমেণ ষট্ পীঠানন্তরং পরমশিবপর্য্যঙ্কনিলয়াং দেবীং ধ্যায়েৎ। অত্র কামেশ্বরীবীজং প্রেতবীজঞ্চোদ্ধরন্তি। কতিচন শব্দাৎ ককারঃ। লহরীং শব্দাৎ লকারঈকারানুস্বারাঃ। এতেন ক্লীঁ ইতি কামেশ্বরী বীজং। শিবশব্দেন হকারঃ। সুধাসিন্ধোঃ শব্দাৎ সকার ঔকারবিসর্গাঃ। এতেন হসৌঃ। ৮

জগদম্বে! তুমি সুধাসমুদ্রের অন্তর্গত সুরতরু বনবেষ্টিত কদম্ববনবিরাজিত মণিদ্বীপস্থিত চিন্তামণি মন্দিরে ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র এবং ঈশ্বর এই শিব চতুষ্টয়ের মস্তকোপরি সুশোভিত মঞ্চে শয়ান সদাশিবরূপ পর্য্যঙ্কের উপরিভাগে অবস্থিতি করিতেছ, কতিপয় ভাগ্যবান ভক্ত জন তোমাকে পরমব্রহ্মস্বরূপা জানিয়া উক্ত প্রকারে চিন্তা করিয়া থাকে। কোন কোন টীকাতে যামলোক্ত বচনে "এতে দেব্যাসনস্থাধঃ শিবাঃ পঞ্চ ব্যবস্থিতাঃ"। এই দুইটি চরণ অতিরিক্ত দেখা যায় এবং "ষট্ শিবাঃ পরিকীর্ত্তিতাঃ" এই বচন অনুসারে ও ষট্ চক্রের পর্য্যায়ানুবলে পাদ স্বরূপ পঞ্চশিবের উপরি স্থিত পরশিবে দেবী বিরাজ করিতেছেন এইরূপ ব্যাখ্যাও হইতে পারে। কিন্তু তন্ত্রসারোক্ত দেবীর ধ্যানে জানা যায় যে "চতুর্ব্বাহুাং ত্রিলোচনাং" অর্থাৎ

শিব চতুষ্টয়ই তাঁহাকে বহন করিতেছেন। এই শ্লোকে এইরূপ ব্যাখ্যা ও হইতে পাবে যে, শিব শব্দে হ উভয়ই গজ-কুম্ভাকার বর্ণ বলিয়া হকারের সদৃশ ওকাররূপ সিংহাসনে বিন্দুময় পরমশিব এবং নাদরূপা পরমেশ্বরী রহিয়াছেন। এই শ্লোকে কামেশ্বরী মন্ত্র ও প্রেত মন্ত্র বলিতেছেন। কতিচন -ক। লহরী—ল, ঈ এবং বিন্দু। মিলিত হইয়া 'ক্লীঁ' এই রতিবীজ হইল। আর শিব—হ। সুধাসিন্ধোঃ—স ঔ এবং বিসর্গ সমস্তে 'হসৌঃ' এই প্রেতমন্ত্র কথিত হইল। ৮

মহীং মূলাধারে কমপি মণিপূরে হুতবহং
স্থিতং স্বাধিষ্ঠানে হৃদি মরুতমাকাশমুপরি।
মনোঽপি ভ্রূমধ্যে সকলমপি ভিত্ত্বা কুলপথং
সহস্রারে পদ্মে সহ রহসি পত্যা বিহরসি॥ ৯

টীকা।

মহীমিত্যাদি। হে দেবি! ত্বং সকলং কুলপথং ভিত্ত্বা অর্থাৎ কুণ্ডলিনীরূপেণ সহস্রারে পদ্মে রহসি নির্জ্জনে অর্থাৎ অকুলস্থানে নাদেনৈকীভূয় পত্যা বিন্দুরূপেণ সহ বিহরসি আনন্দামৃতমুৎপাদয়সীত্যর্থঃ। অমৃতাপ্লাবনং পরশ্লোকে স্পষ্টীকরিষ্যতি। তৎ কিং কুলপথমিত্যাহ মহীং মূলাধার-ইত্যাদি। মহীং পৃথ্বীং কং জলং হুতবহং অগ্নিং মরুতং বায়ুং উপরি শব্দস্য সাপেক্ষত্বাৎ হৃদয়োপরি কণ্ঠস্থদে আকাশং

ভ্রূমধ্যে মনঃ, এতদেব সকলং কুলপথং ভিত্ত্বেত্যন্বয়ঃ। তথা হি মূলং স্বাধিষ্ঠানসংজ্ঞং মণিপূরমনাহতং।বিশুদ্ধমাজ্ঞাচক্রঞ্চ গুদমেঢ্রক্রমাদ্বিদুঃ। অন্যত্র গুদে লিঙ্গে তথা নাভৌ বক্ষঃ কণ্ঠে ভ্রুবোরপি। মহী বহ্নির্জ্জলং বায়ুঃ খং মনশ্চ ক্রমা-দ্দিশৎ। এতৎ কুলপথং বিদ্যাদকুলঞ্চ ততঃ পরম্। ষট্ চক্রা ণ্যেব ভূর্ভুবঃ স্বঃ মহঃ জনস্তপঃ সত্যং সংজ্ঞাঃ। তথাচ ব্রহ্মাণ্ডে যে গুণাঃ সন্তি তে তিষ্ঠন্তি কলেবরে। অত্র স্বাধি ষ্ঠানমণিপূরয়োর্ব্যতিক্রমেণান্বয়ঃ মহাভূতক্রমানুরোধাৎ। অত্র স্বাধিষ্ঠানানন্তরং মণিপূরমিতি। অত্র মেদিনীবীজমপ্যু-দ্ধরন্তি। মহীং শব্দাৎ মকারানুস্বারৌ কুলপথশব্দাদুকার লকারৌ। এতেন ম্লূঁ। ৯

---

জগদম্বে! তুমি মূলাধারস্থ পৃথিবী, স্বাধিষ্ঠান চক্রস্থ জল, মণিপুরস্থ অগ্নি অনাহতস্থ অনিল, বিশুদ্ধচক্রস্থ আকাশ এবং ভ্রূযুগলের মধ্যস্থ আজ্ঞাচক্রান্তর্গত মন এই সমস্ত ষট্ চক্র ও অন্যান্য গুপ্তচক্ররূপ কুলপথ সকল ভেদ করিয়া কুলকুণ্ডলিনীরূপে সহস্রার পদ্ম স্বরূপ নির্জ্জন প্রদেশে উপস্থিত হইয়া বিন্দুরূপ পতির সহিত বিহার করিতেছ। অর্থাৎ আনন্দামৃত প্রসব করিতেছ। এই শ্লোকে মহীবীজ ও বলিতেছেন। যথা।—মহীং—ম এবং বিন্দু। কুলপথং—উ, ল। যুক্ত হইয়া 'ম্লূঁ' এই বীজ হইল। ৯

সুধাধারাসারৈশ্চরণযুগলান্তর্ব্বিগলিতৈঃ
প্রপঞ্চং সিঞ্চন্তী পুনরপি রসাম্নায়মহসা।
অবাপ্য স্বাং ভূমিং ভুজগনিভমধ্যুষ্টবলয়ং
স্বমাত্মানং কৃত্বা স্বপিষি কুলকুণ্ডে কুহরিণি॥ ১০

টীকা।

কুণ্ডলিন্যা আরোহণমুক্ত্বা অবরোহণমাহ সুধাধারাসারৈরিত্যাদি। হে দেবি! পুনরপি রসাম্নায়মহসা ষট্‌চক্রতেজসা উপলক্ষিতা সতী অর্থাত্তেনৈব পথা স্বাং ভূমিং নিজবসতিস্থানং মূলাধারম্ অবাপ্য। তথা চ শ্রুতিঃ। পৃথিবীপতেজসবায়ব্যোমভসনামানি ষট্‌চক্রাণি শাম্ভবাম্নায়মিতি। স্বমাত্মানং স্বশরীরং ভুজগনিভং সর্পাকারং অধ্যুষ্টবলয়ং সার্দ্ধত্রিবলয়ং কৃত্বা কুলকুণ্ডে আধারপদ্মান্তস্ত্রিকোণে স্বপিষি নিদ্রাসি। কুলকুণ্ডে কিম্ভূতে' কুহরিণি সচ্ছিদ্রে। এতেন কুণ্ডলিন্যাঃ সর্পাকৃতিত্বাৎ কুলকুণ্ডস্য সর্পশয়নযোগ্যতা সূচিতা। কিং কুর্ব্বতী আজ্ঞাচক্রস্থিতচরণযুগলান্তর্ব্বিগলিতৈঃ অমৃতবৃষ্টিসম্পাতৈঃ প্রপঞ্চং ষট্‌চক্রাত্মকং দেহং সিঞ্চন্তী। তথা চ শ্রীমত্যাশ্চতুরশ্চরণং বর্ণয়ন্তি। শুক্লরক্তমিশ্রনির্ব্বাণসংজ্ঞং সত্ত্বরজস্তমোঽতীতগুণপ্রধানম্। তত্র শুক্লরক্তয়োরাজ্ঞাচক্রং স্থানং মিশ্রস্য হৃৎকমলং নির্ব্বাণস্য সহস্রারম্। তদুক্তং ভগবতা দত্তাত্রেয়েণ। ভ্রূমধ্যগৌ বিধিহরী তব রক্তশুক্লৌ পাদৌ রজোঽমলগুণৌ খলু সেব্যমানৌ। সৃষ্টিস্থিতী বিতনুতে হৃদয়ে তৃতীয়মঙ্ঘ্রিং ভজন্ হরতি বিশ্বমুদগ্রবীর্য্যঃ॥ তূর্য্যং তবাঙ্ঘ্রি-

কমললেনিরুপাধিবোধং সান্দ্রামৃতং শিবপদে সততং নমামি॥ শ্লোকদ্বয়েন শ্রীনত্যাঃ কুণ্ডলিন্যা আরোহাবরোহৌ লিখিতৌ। তথা চ গৌতমীয়ে, মূলপদ্মে কুণ্ডলিনী যাবন্নিদ্রায়িতা প্রভো। তাবৎ কিঞ্চিন্ন সিধ্যেত মন্ত্রযন্ত্রার্চ্চনাদিকং। জাগর্ত্তি যদি সা দেবী বহুভিঃ পুণ্যসঞ্চয়ৈঃ। তদা প্রসাদমায়াতি মন্ত্রযন্ত্রার্চ্চনাদিকং। শ্রীমন্মাধবাচার্য্যপাদাঃ। প্রাণিনাং দেহমধ্যে চ সংস্থিতানন্দরূপিণী। আধারশক্তিঃ সা জ্ঞেয়া হৃগাদিধাতুনির্ম্মিতা। তন্মধ্যে কমলং ধ্যায়েদ্দ্বাদশারং বিকস্বরং। যোনিস্তৎকর্ণিকামধ্যে কুলমাতৃময়ী স্থিতা। বামকোষ্ঠাদিড়া নাড়ী তস্যাং গচ্ছতি চন্দ্রমাঃ। দক্ষিণে পিঙ্গলা নাড়ী তস্যাং গচ্ছতি ভাস্করঃ। ঊর্দ্ধকোষ্ঠাৎ সুষুম্নাখ্যা ধুস্তূরকুসুমাকৃতিঃ। তন্মধ্যে চিত্রিণী ধ্যেয়া পঞ্চাশদ্বর্ণরূপিণী। তদ্বর্ণ ব্রহ্মপদবী বিষতন্তুতনীয়সী। মধ্যমেরুগতা নিত্যং সুষুম্না ব্রহ্মরন্ধ্রকং। যোনেঃ ভ্রমতি রক্তাভো বিন্দুঃ কন্দর্পসংজ্ঞকঃ। তস্মাচ্ছিখা সমুদ্ভূতা স্থিরবিদ্যুল্লতাসমা। তদূর্দ্ধে কুণ্ডলীশক্তিঃ স্বয়ম্ভূমুখবোধিনী। মূলাব্জকর্ণিকামধ্যে ধরণ্যা মধ্যসংস্থিতং। ধ্যায়েল্লিঙ্গমধোবক্ত্রং লোহিতং বন্ধুজীববৎ। শারদায়াস্তু। আধারকন্দমধ্যস্থং ত্রিকোণমতিসুন্দরং। জ্যোতিষাং মন্দিরং দিব্যং প্রাহুরাগমবেদিনঃ। তত্র বিদ্যুল্লতাকারা কুণ্ডলী পরদেবতা। পরিস্ফুরতি সর্ব্বাত্মা সুপ্তভুজগাকৃতিঃ। গৌতমীয়ে। গুদমেঢ্রান্তরে শক্তিং ক্রমাত্তাঞ্চ প্রবর্দ্ধয়েৎ। লিঙ্গভেদক্রমেণৈব বিন্দুচক্রঞ্চ প্রাপয়েৎ। শম্ভুনা তাং পরাং শক্তিমেকীভাবং বিচিন্তয়েৎ। তত্রোত্থিতামৃতং যত্তদ্দ্রুতলাক্ষারসোপমং। পায়-

য়িত্বা চ তাং শক্তিং কৃষ্ণাখ্যাং যোগসিদ্ধিদাং। ষট্চক্রদেবতাস্তত্র সন্তর্প্যামৃতধারয়া। আনয়েত্তেন মার্গেণ মূলাধারং ততঃ সুধীঃ। অত্র বিমলাবীজমপ্যুদ্ধরতি। অবাপ্য শব্দাৎ মকারঃ। যুগলশব্দাৎ লকারঃ। ভূমিংশব্দাদূকারানুস্বারৌ। এতেন ম্লূঁ। ১০

জগদম্বে! তুমি উক্তপ্রকারে চক্রসকল ভেদিয়া সহস্রার কমলস্থিত পরমশিবের সহিত বিহার করিয়া স্বকীয় চরণযুগল হইতে বিগলিত অমৃতপ্রবাহ দ্বারা এই বিস্তৃত ষট্চক্রাত্মক শরীর ও তত্র তত্র স্থিত দেবতাদিগকে প্লাবিত করিতে করিতে পুনর্ব্বার কুলপথ দ্বারা মূলাধার চক্রে আসিয়া স্বীয় শরীরকে সার্দ্ধত্রিবলয়াকার সর্পসদৃশ করিয়া বিবরযুক্ত কুলকুণ্ডে অর্থাৎ স্বয়ম্ভু লিঙ্গ অবলম্বনপূর্ব্বক শয়ন করিয়া থাক। এই শ্লোকে বিমলাবীজ উদ্ধৃত হইতেছে। যথা, অবাপ্য—ম। যুগল—ল। ভুমিং—ঊ বিন্দু। মিলিত হইয়া 'ম্লূঁ' এই মন্ত্র হইল। ১০

চতুর্ভিঃ শ্রীকণ্ঠৈঃ শিবযুবতিভিঃ পঞ্চভিরপি
প্রভিন্নাভিঃ শম্ভোর্নবভিরপি মূলপ্রকৃতিভিঃ।
ত্রয়শ্চত্বারিংশদ্বসুদলকলাব্জ-ত্রিবলয়—
ত্রিরেখাভিঃসার্দ্ধং তব ভবনকোণাঃ পরিণতাঃ॥ ১১

টীকা।

অথ বাহ্যপূজার্থং শ্রীমত্যা যন্ত্রমাহ। চতুরিতি। হেমাতশ্চতুর্ভি. শ্রীকণ্ঠৈঃ ঊর্দ্ধমুখীভিঃ, পঞ্চভিঃ শিবযুবতিভিরধোমুখীভিঃ ইত্যেবং প্রকারেণ প্রভিন্নাভিন্নবভিরূর্দ্ধমুখাধোমুখভেদেন ভেদিতাভিঃ শম্ভোর্ব্বিন্দুরূপস্য মূলপ্রকৃতিভিরাধারভূতাভিস্তব ভবনকোণাঃ গৃহকোণাঃ পরিণতাঃ নিষ্পন্নাঃ। তে কতিসংখ্যা ইত্যাহ ত্রয়শ্চত্বারিংশদিতিসংখ্যাঃ। নহি কেবলং কোণমাত্রেণ চক্রনিষ্পত্তির্ভবতীত্যাহ বসুদল অষ্টদল কলাব্জষোড়শদলাব্জত্রিবলয়ত্রিবৃত্তভূপুরৈঃ ত্রিভিঃ সার্দ্ধং নিষ্পন্নত্বাদিত্যন্বয়ঃ। এতেনাদৌ বিন্দুঃ ততস্ত্রিকোণং ততোঽষ্টকোণং ততো দশকোণদ্বয়ং ততশ্চতুর্দ্দশকোণং। অত্র প্রথমত্রিকোণস্য অষ্টকোণে কোণদ্বয়প্রবেশাৎ একোণতয়া ত্রয়শ্চত্বারিংশৎ কোণাঃ। ততো বৃত্তাষ্টদলং বৃত্তষোড়শদলং ততত্রিবৃত্তং ভূপুরত্রয়মিতি শ্রীচক্রং। ততোঽন্যত্রাপি স্তোত্রোপদেশেন যন্ত্রোদ্ধারঃ। শ্রীমত্রিকোণবহিরষ্টক-কোণবাহ্যদিক্কোণ-যুক্‌-পরচর্দ্দশ কোণযুক্তম্। বৃত্তাষ্টষোড়শদলানলবৃত্তরেখং শ্রীমচ্চতুর্মুখমিতি প্রণমামি চক্রম॥ অত্র বিন্দুশব্দাভাবেঽপি শম্ভুশব্দাদেব বিন্দুর্লভ্যতে। ঊর্দ্ধমুখস্যবহ্ন্যাত্মকতয়া শম্ভোস্তদাত্মকত্বাৎ শ্রীকণ্ঠসংজ্ঞা। অধোমুখস্য শক্ত্যাত্মকত্বাৎ যুবতিসংজ্ঞা। তদুক্তং সঙ্কেতপদ্ধতৌ। পঞ্চশক্তিশ্চতুর্ব্বহ্নিঃ সংযোগাচ্চক্রসম্ভবঃ। নির্ম্মাণন্তু গুরুমুখাৎ। অত্রাপ্যরুণাবীজমুদ্ধরন্তি। কলাব্জশব্দাজ্জকারঃ। শম্ভোঃ শব্দাৎ শকারঃ। রেখাশব্দাদ্রেফঃ। প্রকৃতিশব্দাদীকারঃ। সার্দ্ধং শব্দাদ্বিন্দুঃ। এতেন জশ্রীং। ১১

এক্ষণ বাহ্য পূজার জন্য জগদম্বার যন্ত্র কথিত হইতেছে।

জগদম্বে! প্রথমতঃ বিন্দুপাত করিয়া পরে ঊর্দ্ধমুখ ত্রিকোণ চতুষ্টয় অঙ্কিত করিবে। তৎপর ৫টী অধোমুখ ত্রিকোণ অঙ্কিত করিলে সমস্ত মূলপ্রকৃতি স্বরূপ ৯টী ত্রিকোণে ত্রিচত্বারিংশৎ কোণ হইয়া থাকে ইহার বহির্ভাগেবৃত্ত আর অষ্টদল, তাহার বহির্ভাগে বৃত্তের সহিত ষোড়শদল, তাহার বহির্ভাগে বৃত্তত্রয় এবং তাহার বহির্ভাগে ভূপুরত্রয় অঙ্কিত করিলে ত্বদীয় পূজার যন্ত্র নির্ম্মিত হয়। এই শ্লোকে অরুণাবীজ উদ্ধৃত হইতেছে। কলাঙ্ক—জ। শম্ভোঃ—শ। রেখা—র। প্রকৃতি—ঈ। সার্দ্ধং—অনুস্বার। মিলিত হইয়া জ শ্রীঁ এই মন্ত্র নিষ্পন্ন হইল। ১১

ত্বদীয়ং সৌন্দর্য্যং তুহিনগিরিকন্যে তুলয়িতুং
কবীন্দ্রাঃ কল্পন্তে কথমপি বিরিঞ্চিপ্রভৃতয়ঃ।
যদালোক্যৌৎসুক্যাদমরললনা যান্তি মনসা
তপোভির্দুষ্প্রাপামপি গিরিশসাযুজ্যপদবীম্॥ ১২

টীকা।

শ্রীমত্যা ধ্যানফলমাহ ত্বদীয়মিতি। হে তুহিনগিরিকন্যে! হিমালয়কন্যে! ত্বদীয়ং সৌন্দর্য্যং তুলয়িতুং বিরিঞ্চিপ্রভৃতয়ঃ কবীন্দ্রাঃ কথমপি কল্পন্তে। তব সৌন্দর্য্যস্য উপমারহিতত্বাৎ। তথা হি ব্রহ্মাদয়ো যদ্বর্ণনে অশক্তাঃ তত্রাস্মাকং কুতোঽধিকার ইতি ভাবঃ। যৎ সৌন্দর্য্যং ঔৎসুক্যাৎ নিত্যানুরাগতয়া মনসা আলোক্য ধ্যাত্বা অমরললনা দেব-

স্ত্রিয়ঃ তপোভির্দুষ্প্রাপামপি গিরিশসাযুজ্যপদবীং যান্তি। শ্রীমত্যা ধ্যানমাত্রেণ সাযুজ্যমুক্তির্ভবতীতি ভাবঃ। পশূনাং দুষ্প্রাপামিতি কুত্রাপি পাঠঃ। তত্র তন্ত্রাচাররহিতানামিত্যর্থঃ। যান্তি সহসেতি কুত্রাপি পাঠঃ। তত্র সাযুজ্যেন সম্বন্ধঃ। যদালোক্য শিবসাযুজ্যপদবীং সহসা যান্তি। অত্র বীজমপ্যুদ্ধরন্তি। তুহিনশব্দাৎ হকারঃ। সৌন্দর্য্যশব্দাৎ সকারযকারৌ। বিরিঞ্চিশব্দেন প্রয়োজনং লক্ষ্যতে। তেন উকারঃ। ষষ্ঠস্বরস্তথাকারঃ প্রজেশো নবভৈরব ইতি কোষঃ। ত্বদীয়ং শব্দাদ্বিন্দুঃ। এতেন হসযুঁ। ১২

হিমাচলসুতে! তোমার সৌন্দর্য্য বর্ণন করিতে চতুর্ম্মুখ প্রভৃতি কবীন্দ্র দেবগণও সম্পূর্ণ সক্ষম হন না এঅবস্থাতে মাদৃশ মানব আর কি বর্ণিবে। দেববনিতা সকল ঐরূপ সৌন্দর্য্য লালসায় তোমার সেই রূপমাধুরী চিন্তা করিয়া কঠোর তপস্যা দ্বারা ও দুর্ল্লভ শিবসাযুজ্যরূপ মোক্ষপদ লাভ করেন। এই শ্লোকে, 'হসযূং' এই বীজ উদ্ধৃত হইতেছে। যথা,—তুহিন—হ। সৌন্দর্য্যং—স, য। বিরিঞ্চি—উ। ত্বদীয়ং—অনুস্বার। ১২

নরং বর্ষীয়াংসং নয়নবিরসং নর্ম্মসু জড়ং
তবাপাঙ্গালোকে পতিতমনুধাবন্তি শতশঃ।
গলদ্বেণীবন্ধাঃ কুচকলসবিস্রস্তশিচয়া
হঠাৎত্রুট্যৎকাঞ্চ্যো বিগলিতদুকুলা যুবতয়ঃ॥ ১৩

## টীকা।

শ্রীমত্যা অনুকম্পাফলমাহ নরং বর্ষীয়াংসমিত্যাদি। হে মাতস্তবাপাঙ্গালোকে পতিতং তবালোকনবিষয়ীভূতং নরং শতশো যুবতয়োঽনুধাবন্তি ত্বরয়া গচ্ছন্তীত্যর্থঃ। কিম্ভূতং, বর্ষীয়াংসং বৃদ্ধং। নয়নবিরসং চক্ষুঃসত্তারহিতং। নর্ম্মসু জড়ং ক্রীড়নানভিজ্ঞম্। যুবতয়ঃ কিম্ভূতাঃ, গলদ্বেণী-বন্ধাঃ পতৎকেশবন্ধাঃ। কুচকলসাৎ বিস্রস্তঃ পতিতঃ শিচয়ো বস্ত্রখণ্ডো যাসাং। হঠাৎ তৎক্ষণাৎ ত্রুট্যন্ত্যঃ পতৎপ্রায়াঃ কাঞ্চ্যো রশনা যাসাং। বিগলিতং দুকূলং কৌষেয়ং যাসাং। এতেন শ্রীমত্যাঃ কৃপাবলোকনমাত্রেণ সর্ব্বকর্ম্মাক্ষমোঽপি সদ্ভির্ম্মহাপুরুষত্বেনানুমীয়তে। ১৩

জগদম্বে! যে জন তোমার কৃপাদৃষ্টির ভাজন হয়, সে যদি অতিশয় প্রাচীন, অন্ধ এবং রমণশক্তি রহিতও হয় তথাপিও শত শত তরুণী কামিনীগণ মুক্তকেশী হইয়া স্তনযুগল আবরণ শূন্য করত বিগলিত কটীভূষণ ধারণপূর্ব্বক তাহার প্রতি ধাবমানা হয়। অর্থাৎ জগদম্বার কৃপাদৃষ্টি হইলে সকল কার্য্যে অক্ষমব্যক্তিও মহাপুরুষ হইয়া উঠে। ১৩

ক্ষিতৌ ষট্ পঞ্চাশৎ দ্বিসমধিকপঞ্চাশদুদকে
হুতাশে দ্বাষষ্টিশ্চতুরধিকপঞ্চাশদনিলে।

দিবি দ্বিঃষট্ ত্রিংশন্মনসি চ চতুঃষষ্টিরিতি যে
ময়ূখাস্তেষামপ্যুপরি তব পাদাম্বুজযুগম ॥ ১৪

টীকা।

অথান্তর্মাতৃকাক্রমমাহ। ক্ষিতাবিতি। হে মাতঃ! পৃথিব্যাদিষু ব্রহ্মাদিশক্তিষু ষষ্ট্যুত্তরশতত্রয়সংখ্যা যে ময়ূখাঃ কিরণা বর্ণরূপিণঃ সন্তি, তেষামুপরি তব পাদাম্বুজযুগং হংস-ইত্যক্ষরদ্বয়রূপং ভাতীত্যন্বয়ঃ। তথাচ রুদ্রযামলে পৃথিবী ব্রহ্মণঃ শক্তির্জ্জলং নারায়ণস্য চ। বহ্নীপদ্রস্য রুদ্রাণী বায়ুরীশস্য চেশ্বরী। মহেশ্বরস্য চাকাশং শক্তি-র্মাহেশ্বরীতি চ। এতৎ পঞ্চাত্মকং প্রোক্তং ষষ্ঠচক্রে ব্যবস্থিতং। কুত্র কতি ময়ূখা ইত্যাহ, ক্ষিতৌ মূলাধারে ষট্পঞ্চাশৎ পঞ্চাশন্মাতৃকাঃ ঐঁ হ্রীঁ শ্রীঁ ঐঁ ক্লীঁ সৌঃ। ইতি ষট্পঞ্চাশদ্বর্ণরূপাঃ পৃথ্বীময়ূখাঃ। উদকে স্বাধিষ্ঠানে দ্বিসমধিকপঞ্চাশৎ, পঞ্চাশন্মাতৃকাঃ সৌঁ শ্রীঁ ইতি দ্বিপঞ্চা-শদ্বর্ণরূপাঃ জলময়ূখাঃ। হুতাশে মণিপূরে দ্বাষষ্টিঃ, অকারাদিবর্ণচতুর্দ্দশস্বরাণাং চতুরাবৃত্ত্যা হংস-ইত্যক্ষর-দ্বয়াৎ দ্বাষষ্টিবর্ণরূপা ময়ূখাঃ। অনিলে অনাহতচক্রে পঞ্চাশন্মাতৃকাঃ যঁ রঁ লঁ বঁ ইতি চতুঃপঞ্চাশদ্বর্ণরূপা বায়ু-কিরণাঃ। দিবি বিশুদ্ধচক্রে ষট্ত্রিংশৎ দ্বিগুণিতং অকারাদিচতুর্দ্দশস্বরস্য পঞ্চাবৃত্ত্যা ঐঁ হ্রীঁ ইতি দ্বিসপ্ততি-বর্ণরূপাঃ আকাশকিরণাঃ। মনসি আজ্ঞাচক্রে অকা-রাদিষোড়শস্বরস্য চতুরাবৃত্ত্যা চতুঃষষ্টিবর্ণরূপা মনঃকিরণাঃ। ইত্যেভিঃ প্রণবস্য ষষ্ট্যুত্তরশতত্রয়ৈর্বর্ণৈঃ সহ

হংস-ইত্যক্ষরদ্বয়ং ষট্‌চক্রেষু বিন্যসেদিতি সাম্প্রদায়িকাঃ। অথবা ষট্‌চক্রাণি বসন্তাদিষড়্‌তবঃ। ময়ূখাঃ অহোরাত্রাণি। তেন ষট্‌চক্রসমুদায়ো বৎসরপরিমিতঃ কালঃ। তব পাদাম্বুজযুগং ব্রহ্মপরমব্রহ্মস্বরূপং নাদবিন্দ্বাত্মকং তদুপরি কালাগোচরমিত্যর্থঃ। ষট্‌পঞ্চাশদ্দিবসাত্মকো বসন্তঃ। দ্বিপঞ্চাশদ্দিবসাত্মকো গ্রীষ্মঃ ইত্যাদিক্রমেণ তান্ত্রিকা-ঋতবো জ্ঞাতব্যা ইতি কশ্চিৎ। কেচিত্তু পার্থিবানি অষ্টাবিংশতিতত্ত্বানি শিবশক্তিভেদেন দ্বিগুণিতানি, তৈজসানি একত্রিংশত্তত্ত্বানি দ্বিগুণিতানি, বায়ব্যানি সপ্তবিংশতিতত্ত্বানি দ্বিগুণিতানি, নভোভাগানি ষট্‌ত্রিংশ-ত্তত্ত্বানি শিবশক্তিভেদেন দ্বিগুণিতানি। এতেন ষষ্ট্যুত্তর-শতত্রয়াণি তত্ত্বানি তান্যেব ময়ূখাস্তেষামুপরি তব পদাম্বুজং সর্ব্বতত্ত্বাতীতপরত্বেন ভাতীত্যর্থঃ। ১৪

---

জগদম্বে! মূলাধারে যে ষট্‌পঞ্চাশদ্‌ বর্ণরূপ ( মাতৃকাবর্ণ ৫০, ঐঁ হ্রীঁ শ্রীঁ ঐঁ ক্লীঁ সৌঃ এই ৬ সমষ্টিতে ষট্‌পঞ্চাশৎ (৫৬) ব্রাহ্মীশক্তি পৃথিবীর রশ্মিবৃন্দ, স্বাধিষ্ঠানে যে দ্বিপঞ্চাশদ্‌ বর্ণরূপ ( মাতৃকাবর্ণ ৫০, সৌঁ শ্রীঁ এই দুই সমষ্টিতে ৫২ ) নারায়ণী শক্তি জলের রশ্মিবৃন্দ, মণিপূরে যে দ্বিষষ্টিবর্ণরূপ (মাতৃকাব ৫০, ৪টী ঔ এবং ৪টা 'হংস' এইদ্ব্যক্ষর মন্ত্র স[illegible]তে ৬২ ) রুদ্রশক্তিময় অগ্নির রশ্মিবৃন্দ; অনাহতচক্রে যে চতুঃপঞ্চাশদ্‌ বর্ণরূপ (মাতৃকা-বর্ণ—৫০, 'যং রং লং বং' এই ৪, সমষ্টিতে ৫৪ ) ঈশ্বরের

শক্তিময় অনিলের রশ্মিবৃন্দ; বিশুদ্ধচক্রে যে, দ্বিসপ্ততি বর্ণরূপ (অকারাদি ১৪টী স্বরবর্ণকে ৫ দ্বারা গুণ করিলে ৭০ হইল এবং ঐঁ হ্রীঁ এই ২টী, সমষ্টিতে ৭২) মহেশ্বরশক্তিময় অন্তরীক্ষের রশ্মিবৃন্দ এবং আজ্ঞাচক্রে যে চতুঃষষ্টি বর্ণরূপ (অকারাদি ১৬টি স্বরবর্ণকে ৪ দ্বারা গুণ করিলে ৬৪) পরম শিবের শক্তিময় মনের রশ্মি-বৃন্দ রহিয়াছে; ওঙ্কার হইতে প্রকাশিত সমষ্টিতে ৩৬০ সংখ্যক এই সকল রশ্মির উপরিভাগে 'হংস' এই ২টি বর্ণরূপ তোমার পাদপদ্ম দুইখানি বিরাজ করিতেছে। এই শ্লোকে অন্তর্মাতৃকাক্রম কথিত হইল। কিংবা, মূলাধার স্বাধিষ্ঠান, মণিপূর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞানামক ছয়টি চক্ররূপ যে বসন্ত, গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হিম ও শীত এই ছয়টি ঋতুর ৩৬০ (ক্রমানুসারে ৫৬, ৫২, ৬২ ৫৪, ৭২, ৬৪ সমষ্টিতে—৩৬০) কিরণরূপ ৩৬০ অহোরাত্র রহিয়াছে এই সকলের উপরিভাগে ব্রহ্ম ও পরমব্রহ্ম স্বরূপ নাদবিন্দু আকারে পরিণত অর্থাৎ সকলকালের অগোচর তোমার পাদপদ্ম যুগল শোভমান হইতেছে। কোন কোন পণ্ডিতেরা এই শ্লোকের এইরূপ ব্যাখ্যা ও করিয়া থাকেন যে; পৃথিবী, জল, অনল অনিল, আকাশ ও মনের ক্রমান্বয়ে ২৮, ২৬, ৩১, ২৭, ৩৬ ও ৩২ সংখ্যক তত্ত্ব সকলই শিবশক্তিভেদে দ্বিগুণিত হইয়া ৫৬, ৫২, ৬২, ৫৪, ৭২ ও ৬৪ সংখ্যক কিরণরূপে পরিণত, এই সমষ্টিতে ৩৬০ পার্থিবাদি তত্ত্ব স্বরূপ পার্থিবাদি কিরণ-নিকরের উপরিভাগে তোমার পাদপদ্ম বিরাজমান

হইতেছে। ইহার মর্ম্মার্থ এই যে তুমি কোন তত্ত্বেরই অন্তর্গতা নও। ১৪

**শরজ্জ্যোৎস্নাশুভ্রাং শশিযুতজটাজূটমুকুটাং**
**বরত্রাসত্রাণস্ফটিকগুণিকাপুস্তককরাম্ !**
**সকৃন্নত্বা ন ত্বাং কথমিব সতাং সন্নিদধতে**
**মধুক্ষীরদ্রাক্ষামধুরিমধুরীণা ভণিতয়ঃ ॥১৫**

টীকা।

বীজত্রয়াধিষ্ঠাতৃজ্ঞানক্রিয়েচ্ছাশক্তীনাং শ্লোকত্রয়েণ ধ্যানফলং বিবক্ষুঃ প্রথমং বাগ্ভবরূপক্রিয়াশক্ত্যা ধ্যানমাহ শরদিতি। হে মাতঃ! সকৃদপি ত্বাং ন নত্বা পণ্ডিতানাং ভণিতয়ঃ কবিত্বরূপাঃ শব্দাঃ কথং সন্নিদধতে সন্নিধীভবন্তি। ন ত্বাং নত্বা পণ্ডিতানামপি কবিত্বং ন সন্নিধীভবতীত্যর্থঃ। ভণিতয়ঃ কিম্ভূতাঃ মধুক্ষীরদ্রাক্ষামাধুর্য্যেণ ধুরীণা ভাবযুক্তা নানারসগভীরা ইতি তাৎপর্য্যার্থঃ। ত্বাং কিম্ভূতাং শরৎজ্যোৎস্নাশুভ্রাং জ্যোৎস্নায়া ব্যাপকত্বাৎ বিশ্বব্যাপককান্তিমিতি ভাবঃ। শশিযুতো জটাসমূহো মুকুটং যস্যাঃ। বরত্রাসত্রাণস্ফটিকগুণিকাপুস্তককরাং বরাভয়মুদ্রাক্ষমালাপুস্তকানি করেষু যস্যাঃ। চতুর্ভুজামিত্যর্থঃ। ১৫

---

ঐঁ ক্লীঁ সৌঃ এই তিনটি বীজে ইচ্ছাশক্তি, জ্ঞানশক্তি ও ক্রিয়া শক্তি এই তিন দেবতা অধিষ্ঠান করিতেছেন এই শ্লোক হইতে ক্রমে ঐ দেবতাত্রয়ের ধ্যান বলিতেছেন।

জগদম্বে! তুমি শরৎকালের চন্দ্রিকার ন্যায় অতিশয় শুক্ল বিশ্বব্যাপক রূপলাবণ্যে শোভা পাইতেছ; ত্বদীয় মুকুটাভরণ শশধর সমুদ্ভাসিত জটাজূটোপরি শোভা-বর্দ্ধন করিতেছে; তুমি একহস্তে বর, অপর হস্তে অভয়, অপর হস্তে স্ফটিকমালা এবং অপর হস্তে পুস্তক—ধারণ করিয়াছ। পণ্ডিতগণ তোমাকে ঐরূপ চিন্তা করিয়া একবার প্রণাম করিলে সর্ব্বদা মধু ক্ষীর ও দ্রাক্ষার তুল্য সুমধুর এবং নানারসপরিপূর্ণ গাম্ভীর্য্যযুক্ত প্রবন্ধ সকল রচনা করিতে পারে। ১৫

কবীন্দ্রাণাং চেতঃকমলবনবালাতপরুচিং
ভজন্তে যে সন্তঃ কতিচিদরুণামেব ভবতীম্।
বিরিঞ্চিপ্রেয়স্যাস্তরুণতরশৃঙ্গারলহরী-
গভীরাভির্ব্বাগ্ভির্ব্বিদধতি সভারঞ্জনমমী॥ ১৬

টীকা।

কামাধিষ্ঠাতৃ-ইচ্ছাশক্ত্যা ধ্যানমাহ। কবীতি। যে কতিচন সন্তঃ অরুণবর্ণামেব ভবতীং ভজন্তে ধ্যায়ন্তি অমী বাগ্ভিঃ সভারঞ্জনং বিদধতি কুর্ব্বন্তি। কিম্ভূতাং, কবীন্দ্রাণাং চেতঃকমলবনেষু বালসূর্য্যকিরণবৎ রুচির্যস্যাঃ তাং। বাগ্ভিঃ কিম্ভূতাভিঃ, বিরিঞ্চিপ্রেয়স্যাঃ সরস্বত্যা-গদ্যপদ্যরূপায়াঃ অভিনবশৃঙ্গাররসবাহুল্যেন গভীরাভিঃ সভাসদাং শৃঙ্গাররসেন যথা সুখমুৎপদ্যতে ন তথান্য রসেনেতি ভাবঃ। ১৬

এই শ্লোকে 'ক্লীঁ' এই কামবীজাধিষ্ঠাত্রী ইচ্ছাশক্তিরূপা জগদম্বার ধ্যান বলিতেছেন।—জগদম্বে! তমি কবীন্দ্রগণের হৃদয়পদ্মে তরুণ সূর্য্যকিরণের ন্যায় বিরাজ করিতেছ এবং অরুণবর্ণা, যে কতিপয় সাধক তোমাকে ঐরূপে চিন্তা করেন তাঁহারা সুমধুর শৃঙ্গার রসান্বিত নূতন নূতন গদ্য-পদ্যময় প্রবন্ধ দ্বারা সভ্যবৃন্দকে আনন্দিত করিয়া থাকেন। ১৬

সবিত্রীভির্বাচাং শশিমণিশিলাভঙ্গরুচিভি-
র্ব্বশিন্যাদ্যাভিস্ত্বাং সহ জননি সঞ্চিন্তয়তি যঃ।
স কর্ত্তা কাব্যানাং ভবতি মহতাং ভঙ্গিসুভগৈ-
র্ব্বচোভির্ব্বাগ্দেবীবদনকমলামোদমধুরৈঃ ॥ ১৭

টীকা।

অথ শক্তিবীজাধিষ্ঠাতৃরূপায়াঃ জ্ঞানশক্তের্ধ্যানফলমাহ। সবিত্রীভিরিতি। হে জননি! হে শক্তিবীজস্বরূপে! বশি-ন্যাদ্যষ্টশক্তিভিঃ সহ ত্বাং যঃ সঞ্চিন্তয়তি স বচোভিঃ বাঙ্-মাত্রেণাপি মহতাং কাব্যানাং কর্ত্তা ভবতি। তস্য সামান্যং বাক্যমপি কাব্যার্থং ব্যঞ্জয়তীতি ভাবঃ। বশিন্যাদ্যাভিঃ কিম্ভূতাভিঃ, বাচাং সবিত্রীভিঃ বাক্যপ্রসবকর্ত্রীভিঃ। পুনঃ কিম্ভূতাভিঃ, শশিমণিশিলাভঙ্গরুচিভিঃ চন্দ্রকান্তমণীনাং ভঙ্গে সতি যথা রুচিভির্ভবতি তথা রুচির্যাসাম্ অতিশুভ্র বর্ণাভিরিত্যর্থঃ। বচোভিঃ কিম্ভূতৈঃ, ভঙ্গিসুভগৈঃ ভঙ্গ্যা বক্রোক্ত্যা শ্রবণসুখজনকৈঃ। বক্রোক্তিঃ কাব্যজীবিতমিত্য-

লঙ্কারঃ বিদঃ। পুনঃ কিম্ভূতৈঃ সরস্বতীমুখপদ্মসৌরভমধুরৈঃ। ওজঃপ্রসাদমাধুর্য্যগুণবিশিষ্টৈরিতি ভাবঃ। ওজঃ প্রসাদো মাধুর্য্যমিতি কাব্যগুণা মতা ইত্যলঙ্কার বিদঃ। বশিন্যাদ্যাভিঃ সহ যস্ত্বাং ধ্যায়তি তস্য মুখে স্থিত্বা স্বয়ং বাগ্দেবী বদতীতি ভাবঃ। বশিন্যাদ্যাশ্চ বশিনী কামেশ্বরী মোহিনী বিমলা অরুণা জয়িনী সর্ব্বেশ্বরী কৌলিনী চ। বশিন্যাদীনাং বর্ণনমুক্ত্বা বর্ণং বর্ণয়ন্নাহ॥ ১৭

---

এই শ্লোকে 'সৌঃ' এই শক্তিবীজস্বরূপা জগদম্বার ধ্যান বলিতেছেন। জগদম্বে! যাঁহারা রচনা শক্তি প্রদান করিয়া থাকেন এবং চন্দ্রকান্ত মণি খণ্ডের ন্যায় অতিশয় শুভ্রবর্ণা এরূপ বশিনীপ্রভৃতি অষ্টশক্তির সহিত যে তোমাকে চিন্তা করে সে সরস্বতী—মুখারবিন্দের ন্যায় সৌরভযুক্ত অর্থাৎ ওজঃ প্রসাদ মাধুর্য্যপ্রভৃতি গুণযুক্ত এবং বক্রোক্তি প্রভৃতি অলঙ্কারে অলঙ্কৃত উৎকৃষ্ট উৎকৃষ্ট কাব্য গ্রন্থ রচনা করিতে পারে। ১৭

তনুচ্ছায়াভিস্তে তরুণতরণি শ্রীধরণিভি-
র্দ্দিবং সর্ব্বামুর্ব্বীমরুণমণিমগ্নাং স্মরতি যঃ।
ভবন্ত্যস্য ত্রস্যদ্বনহরিণশালীননয়নাঃ, সহো-
র্ব্বশ্যা বশ্যাঃ কতি কতি ন গীর্ব্বাণগণিকাঃ॥ ১৮

টীকা।

অথ শক্ত্যধিষ্ঠাতৃরূপায়া জ্ঞানশক্তেধ্যানফলমাহ॥ তনুচ্ছায়েতি॥ হে মাতঃ! তব দেহকান্তিকিরণৈঃ অরুণমণি

মগ্নাং সূর্য্যকান্তমণিবর্ণৈর্ব্ব্যাপ্তাং সর্ব্বাং উর্ব্বীং দিবঞ্চ তদ্বর্ণব্যাপ্তাং যঃ স্মরতি তস্য উর্ব্বশ্যা প্রধানাপ্সরসা সহ কতি কতি গীর্ব্বাণগণিকাঃ অপরিমিতদেবাঙ্গনা বশ্যা ন ভবন্তি, ভবন্ত্যেব। তন্নুচ্ছায়াভিঃ কিম্ভূতাভিঃ, তরুণ-তরণি শ্রীধরণিভিঃ মধ্যাহ্নসূর্য্যশোভাং প্রাপ্তাভিঃ। গীর্ব্বাণ-গণিকাঃ কিম্ভূতাঃ, ত্রস্যদ্বনহরিণানামিব সচকিতং নয়নং যাসাং তাঃ। ত্রস্যদ্বনহরিণশব্দেন অনিমেষাণামপি নয়ন-চাঞ্চল্যং ব্যঞ্জিতম্॥ ১৮

---

এই শ্লোকে হ্রীঁ এই শক্তিবীজাধিষ্ঠাত্রী জ্ঞানশক্তিরূপা জগদম্বার ধ্যান বলিতেছেন। জগদম্বে! তুমি মধ্যাহ্নকালীন সূর্য্যের ন্যায় সমুজ্জ্বল শরীর কান্তি দ্বারা সমস্ত পৃথিবীমণ্ডল ও আকাশমণ্ডলকে যেন সূর্য্যকান্ত মণিময় করিয়াছ; যে সাধক তোমাকে ঐরূপে চিন্তা করে. উর্ব্বশীসহিত সমস্ত স্বর্গীয় বরাঙ্গনা গণই ভয়বিহ্বলা মৃগীর ন্যায় সচকিত নয়নে নিরীক্ষণ পূর্ব্বক তাহার অনুবর্ত্তন করে। ১৮

মুখং বিন্দুং কৃত্বা কুচযুগমধস্তস্য তদধো-
হকারার্দ্ধং ধ্যায়েদ্ধরমহিষি তে মন্মথকলাম্।
স সদ্যঃ সঙ্ক্ষোভং নয়তি বনিতা ইত্যতিলঘু
ত্রিলোকীমপ্যাশু ভ্রময়তি রবীন্দুস্তনযুগাম্॥ ১৯

টীকা।

অথ পঞ্চমযাগে অভেদবুদ্ধ্যা আত্মানং শিবরূপমেকা-ত্মানং বিভাব্য আধারাৎ পরমশিবান্তং সূত্ররূপাং সূক্ষ্মাং

কুণ্ডলিনীং সর্ব্বশক্তিরূপাং বিভাব্য সত্ত্বরজস্তমোগুণসূচকং ব্রহ্মবিষ্ণুশিবশক্ত্যাত্মকং সূর্য্যাগ্নিচন্দ্ররূপং বিন্দুত্রয়ং তস্যা অঙ্গে বিভাব্য অধশ্চিৎকলাং ভাবয়েদিতি কামকলাং ধ্যায়েৎ। তদেব কামকলাধ্যানমাহ স্মকলয়া বিশ্বং হরতীতি হরঃ। হে হরমহিষি! হে সচ্চিদানন্দস্বরূপে! তব মন্মথকলাং ত্রিগুণাত্মকবিভূতিং যো ধ্যায়েৎ স সদ্যস্তৎক্ষণাৎ বনিতা হস্তপাদাদিঘটিতদেহাঃ স্ত্রিয়ঃ সংক্ষোভং নয়তি ইতি অতিতুচ্ছং আশু শীঘ্রং ত্রিলোকীমপি ত্রৈলোক্যভূতাং নায়িকামপি ভ্রমরতি বিভ্রমযুক্তাং করোতি। নায়িকাত্বে কারণমাহ রবীন্দুস্তনযুগাং চন্দ্রসূর্য্যমণ্ডলস্তনদ্বন্দ্বাম্। ত্রৈলোক্যনায়কঃ স ভবতীত্যর্থঃ। কথঙ্কারং ধ্যায়েদিত্যাহ, মুখং বিন্দুং কৃত্বা রজোগুণসূচকং বিরিঞ্চ্যাত্মকং বিন্দুং মুখং কৃত্বা তস্যাধো হৃদয়স্থানে সত্ত্বতমোগুণসূচকং হরিহরাত্মকং বিন্দুদ্বয়ং কুচযুগং কৃত্বা তস্যাধঃ যোনিগুণত্রয়সূচিকাং হরিহরবিরিঞ্চ্যাত্মিকাং সূক্ষ্মাং চিৎকলাং হকারার্দ্ধং কৃত্বা যোন্যন্তর্গতত্রিকোণাকৃতিং কৃত্বা ধ্যায়েদিতি সর্ব্বত্রান্বয়ঃ। তথাচ শ্রীক্রমে। বিন্দুত্রয়স্য দেবেশি প্রথমং দেবি বক্তৃকং। বিন্দুদ্বয়ং স্তনদ্বন্দ্বং হৃদিস্থানে নিযোজয়েৎ। হকারার্দ্ধং কলাং সূক্ষ্মাং যোনিমধ্যে বিচিন্তয়েদিতি ॥ তদুক্তং ভাবচূড়ামণৌ। মুখং বিন্দুবদাকারং তদধঃ কুচযুগ্মকং। তদধঃ সপরার্দ্ধঞ্চ সুপরিষ্কৃতমণ্ডলম্ ॥ ১৯

---

পঞ্চম যাগস্থলে আত্মা ও শিবের অভেদজ্ঞান করত মূলাধার হইতে পরমশিবপর্য্যন্ত সূত্রের ন্যায় সূক্ষ্মতমা

কুলকুণ্ডলিনী শক্তিকে সর্ব্বশক্তিময়ী চিন্তা করিয়া সত্ত্বরজ-তমোগুণসূচক ব্রহ্মা বিষ্ণু শিব স্বরূপ চন্দ্রসূর্য্যাগ্নিসদৃশ বিন্দুত্রয় তাঁহার শরীরে ভাবিয়া তাঁহার অধস্তন প্রদেশে কামকলার চিন্তা করিতে হয়। গ্রন্থকার এই শ্লোক দ্বারা তাঁহারই চিন্তার আকার বলিতেছেন।—হরমহিষি! যে সাধক রজোগুণসূচক চতুর্ম্মুখাত্মক উপরিস্থিত বিন্দুকে ত্বদীয় মুখস্বরূপ, তাহার নিম্নে হৃদয়স্থানে সত্ত্ব—তমোগুণ-সূচক হরিহরাত্মক বিন্দুযুগলকে ত্বদীয় কুচযুগল স্বরূপ-এবং তাহার নিম্নে হকারার্দ্ধকে যোনিগুণত্রয়সূচিকা হরি-হর ব্রহ্মাত্মিকা সূক্ষ্মতমা চিৎকলাস্বরূপ ভাবনাপূর্ব্বক তোমাকে কামকলাস্বরূপা চিন্তা করে, সে যে তৎক্ষণাৎই রমণীদিগকে বশীভূতা করিবে ইহাত অতিতুচ্ছ, ঐ রূপ চিন্তাশীল সাধক দিবাকর নিশাকররূপ কুচযুগলধারিণী এই ত্রিলোকীরূপা কামিনীকে ও সহসা বশীভূতা করিতে সমর্থ হয়। অর্থাৎ উক্ত সাধক অচিরেই ত্রৈলোক্যনাথ হইয়া থাকে। ১৯

কিরন্তীমঙ্গেভ্যঃ কিরণনিকুরম্বামৃতরসং
হৃদি ত্বামাধত্তে হিমকরশিলামূর্ত্তিমিব যঃ।
স সর্পাণাং দর্পং শময়তি শকুন্তাধিপ ইব
জ্বরপ্লুষ্টং দৃষ্ট্যা সুখয়তি সুধাধারশিরয়া॥ ২০

টীকা।

অথ কাম্যধ্যানমাহ কিরন্তীমিতি। হিমকরশিলা-

মূর্ত্তিমিব অর্থাৎ অতিস্নিগ্ধতরাং ত্বাং যো হৃদি ধত্তে অর্পয়তি শকুন্তাধিপ ইব গরুড় ইব স সর্পাণাং দর্পং বিষং শময়তি। ত্বাং কিম্ভূতাম্, অঙ্গেভ্যঃ কিরণনিকুরম্বামৃতরসং কিরণসমূহামৃতরসং কিরন্তীং বিস্তারয়ন্তীং সুধাসারশিরয়া সুধাস্রবণনাড়ীরূপয়া দৃষ্ট্যা জ্বরপ্লুষ্টং জনং সুখয়তি। সুধাধারসিতয়েতি ক্বচিৎপাঠঃ। চন্দ্রমণ্ডলবৎ স্নিগ্ধয়েত্যর্থঃ॥ ২০

এই শ্লোকে কামকলাদেবীর কাম্যধ্যান কথিত হইতেছে। জগদম্বে! তুমি স্বীয় অঙ্গ হইতে কিরণনিকর স্বরূপ সুধারস স্রাবিত করিতেছ, অতএব তোমাকে চন্দ্রকান্ত মণির প্রতিমূর্ত্তি বলিয়া বোধ হয়। যে ব্যক্তি তোমাকে ঐ রূপে ধ্যান করে, সে খগপতির ন্যায় দর্শনমাত্র সর্পদিগের দর্প নিবারণ করিতে সমর্থ হয় এবং অমৃত স্রবণের পথরূপ দর্শন দ্বারা সন্তাপিত মানবদিগকে ও সুস্থ করিতে পারে। ২০

তড়িল্লেখাতন্বীং তপনশশিবৈশ্বানরময়ীং
নিষণ্ণাং ষণ্ণামপ্যুপরি কমলানাং তব কলাম্।
মহাপদ্মাটব্যাং মৃদুতমমমায়েন মনসা
মহান্তঃ পশ্যন্তো দধতি পরমাহ্লাদলহরীম্॥ ২১

টীকা।

কামকলায়াঃ স্থূলধ্যানমুক্ত্বা সূক্ষ্মধ্যানমাহ তড়িদিত্যাদি॥ হে মাতঃ! মহান্তো যোগিনঃ তব কলাং চিৎস্ব-

রূপাং মূহূতমং সুসূক্ষ্মং যথা স্যাৎ তথা মনসা পশ্যন্তঃ পরমাহ্লাদলহরীং ব্রহ্মসুখানুভবং দধতি প্রাপ্নুবন্তি। মনসা কিম্ভূতেন, অমায়েন মায়ারহিতেন। কিন্তু তাং, তড়িল্লেখাতন্বীং সুসূক্ষ্মতেজসো রূপাং তপনশশিবৈশ্বানরময়ীং বিন্দুত্রয়কারণভূতাং ষণ্ণাং কমলানাং উপরি নিষণ্ণাং ষট্চক্রোপরি স্থিতাম্। কুত্র, মহাপদ্মাটব্যাং সহস্রদলরূপারণ্যে পত্রাণাং বাহুল্যাদরণ্যত্ব'। তথাচ যামলে, মহাপদ্মবনান্তঃস্থে কারণানন্দবিগ্রহে। সর্ব্বভূতহিতে মাতঃ রেহ্যেহি পরমেশ্বরি। ইত্যাদি॥ ২১

এই শ্লোকে কামকলা দেবীর সূক্ষ্ম ধ্যান বর্ণিত হইতেছে। জগদম্বে! সাধুতম সাধকবৃন্দ, মায়াবর্জ্জিত চিত্তে ষট্চক্রের উপরিস্থিত সহস্রদলকমলরূপ কাননমধ্যে বিরাজমানা বিদ্যুৎ রেখার ন্যায় সূক্ষ্মতমা চন্দ্রসূর্য্যাগ্নিময় বিন্দুত্রয়ের হেতুভূতা কামকলারূপা তোমার প্রতিকৃতি দর্শন করিয়া পরমানন্দলহরী অর্থাৎ অমেয় ব্রহ্মানন্দ লাভ করিয়া থাকেন। ২১

ভবানি ত্বং দাসে ময়ি বিতর দৃষ্টিং সকরুণা-
মিতি স্তোতুং বাঞ্ছন্ কথয়তি ভবানি ত্বমিতি যঃ।
তদৈব ত্বং তস্মৈ দিশসি নিজসাযুজ্যপদবীং
মুকুন্দব্রহ্মেন্দ্রস্ফুটমুকুটনীরাজিতপদাম্॥ ২২

টীকা।

অথ স্তোত্রমহিমানমাহ। ভবানীতি। হে ভবানি! দাসে

ময়ি সকরুণাং দৃষ্টিং কৃপাবলোকনং বিতর দেহি, ইতি স্তোতুং স্তুতিং কর্ত্তুং বাঞ্ছন্ বাঞ্ছাং কুর্ব্বন্ পুরুষঃ, ভবানি ত্বং ইতি কথয়তি উচ্চারয়তি তদৈব উচ্চারণকালএব তস্মৈ ভবানি ত্বমিতি উচ্চারণকর্ত্রে অর্থাৎ ভবানীতি সম্বোধনপদস্য লোড়ুত্তমপুরুষরূপস্য শ্রবণাৎ অহং ত্বং ভবানি ইতি অভেদো ময়ি যাচিত ইতি বুদ্ধ্যা নিজসাযুজ্য-পদবীং দিশসি আত্মনোঽভেদং দদাসি। সাযুজ্যপদবীং কিম্ভূতাং, মুকুন্দব্রহ্মেন্দ্রস্ফুটমুকুটনীরাজিতপদাং হরি-বিরিঞ্চীন্দ্রনানারত্নপ্রকাশযুক্তমুকুটনির্ম্মিতপদাং ইতি প্রাঞ্চঃ। কশ্চিত্তু কুতর্কবুদ্ধিবাহুল্যাৎ যথাসুখং ব্যাখ্যাং করোতি। ২২

অনন্তর জগদম্বার স্তবমাহাত্ম্য বর্ণিত হইতেছে।—

"ভবানি! তুমি এই সেবককে সকরুণ নয়নে অবলোকন কর" এই প্রকার স্তব করিতে ইচ্ছা করিয়া যে সাধক "ভবানি তুমি" এই পর্য্যন্ত উচ্চারণ করে তুমি তৎক্ষণেই "ভবানি তুমি" এই দুইটি পদের "আমি তোমার স্বরূপ" এই অর্থ বুঝিয়া তাহাকে বিষ্ণু বিধাতা ও সুরপতির নানারত্ন-সুশোভিত মুকুট দ্বারা নীরাজিত স্বকীয় চরণে লয়রূপ সাযুজ্য মুক্তি প্রদান কর। ২২

ত্বয়া হৃত্বা বামং বপুরপরিতৃপ্তেন মনসা
শরীরার্দ্ধং শম্ভোরপরমপি শঙ্কে হৃতমভূৎ।
তথা হি ত্বদ্রূপং সকলমরুণাভং ত্রিনয়নং
কুচাভ্যামানম্রং কুটিলশশিচূড়ালমুকুটম্॥ ২৩

## টীকা।

অথ শিবশক্ত্যোরভেদমাহ, ত্বয়েতি। হে মাতঃ! ত্বয়া শম্ভোর্ব্বামং বপুর্হৃত্বা আত্মনো দক্ষিণাঙ্গেন শিবস্য বামাঙ্গং মিশ্রীকৃত্য অর্দ্ধনারীশ্বরমূর্ত্তিং বিধায়াপি অপরিতৃপ্তেন তৃপ্তিমগচ্ছতা মনসা অপরং দক্ষিণার্দ্ধমপি ত্বয়া হৃতমভূৎ ইতি শঙ্কে তর্ক্কয়ামি, সর্ব্বং শম্ভোঃ শরীরং ত্বয্যেব মিশ্রীভূতং তর্কয়ামি ইত্যর্থঃ। তত্র হেতুং দর্শয়তি, তথাহীত্যাদি। ইদানীং ত্বদ্রূপং সকলং অরুণাভং অর্দ্ধনারীশ্বরত্বাৎ পূর্ব্বং অর্দ্ধং পাণ্ডরমাসীদিতি ভাবঃ। পূর্ব্বং সার্দ্ধদ্বয়নয়নমাসীৎ ইদানীং ত্রিনয়নম্। পূর্ব্বং একেন কুচেন নম্রতা আসীৎ ইদানীং কুচদ্বয়েনানম্রম্। কুটিলশশিযুক্তচূড়াচ্ছাদকং মুকুটং যস্মিন্। পূর্ব্বং মুকুটশশিখণ্ডয়োরর্দ্ধার্দ্ধেন ভূষিতং বপুরাসীৎ ইদানীং মুকুটশশিখণ্ডাভ্যাং ভূষিতমিত্যর্থঃ॥ ২৩॥

---

অনন্তর শিব আর শক্তি উভয়ই যে অভিন্ন তাহা বর্ণিত হইতেছে।——জগদম্বে! আমি বিবেচনা করি যে তুমি মহাদেবের বামাঙ্গ হরণ করিয়া অর্থাৎ দক্ষিণাঙ্গের সহিত মহাদেবের বামাঙ্গকে মিশ্রিত করিয়া যে হরগৌরীমূর্ত্তি ধারণ করিয়াছিলা, তাহাতে ও তোমার মন পরিতৃপ্ত না হওয়ায় মহাদেবের দক্ষিণাঙ্গ হরণ করিয়া নিজের অঙ্গে বিলীন করিয়া বিরাজ করিতেছ। যেহেতু তোমার অর্দ্ধনারীশ্বর (হর গৌরী) মূর্ত্তি সময়ে এই ত্রিপুর সুন্দরীরূপে অর্দ্ধাঙ্গ পাণ্ডর বর্ণ ছিল, এখন সর্ব্বাঙ্গই রক্তবর্ণ দৃষ্টহইতেছে। তখন তেমার সার্দ্ধ নেত্র ছিল,

এখন তুমি ত্রিনেত্রা হইয়াছ; তখন তুমি একটিস্তনেই অবনতা ছিলে, এখন তুমি স্তনদ্বয়ে অবনতা হইয়াছ এবং তখন তোমার মস্তক অৰ্দ্ধশশিকলা ও অৰ্দ্ধ মুকুটে শোভিত ছিল, এখন তাহা সম্পূর্ণ অৰ্দ্ধচন্দ্রে ও সম্পূর্ণ মুকুটে শোভিত দেখিতেছি। ২৩

জগৎ সূতে ধাতা হরিরবতি রুদ্রঃ ক্ষপয়তে
তিরস্কুর্ব্বন্নেতৎ স্বমপি বপুরীশঃ স্থগয়তি।
সদাপূর্ব্বঃ সর্ব্বং তদিদমনুগৃহ্ণাতি চ শিব-
স্তবাজ্ঞামালম্ব্য ক্ষণচলিতয়োর্ভ্রূলতিকয়োঃ॥ ২৪॥

টীকা।

শ্রীমত্যাঃ পঞ্চেশ্বরারাধ্যত্বমাহ। জগদিতি। তব কিঞ্চিচ্চলিতয়োর্ভ্রূলতিকয়োরাজ্ঞামালম্ব্য তব কটাক্ষমাসাদ্য ধাতা জগৎ সূতে নির্ম্মাতি, বিষ্ণুঃ রক্ষতি, রুদ্রো নাশয়তি, ঈশ এতৎ সৃষ্টাদিকং কৰ্ম্ম তিরস্কুর্ব্বন্ নিন্দন্ স্বং বপুঃ স্থগয়তি বিষয়ব্যাপারং পরিত্যজ্য যোগেন আত্মনো দেহং স্থিরীকৃত্য তিষ্ঠতীত্যর্থঃ। সদাপূর্ব্বঃ শিবঃ অর্থাৎ সদাশিবঃ তৎ সৃষ্টাদিকং কৰ্ম্ম ইদং যোগাভ্যাসং কৰ্ম্ম সর্ব্বং অনুগৃহ্ণাতি আত্মসাৎ করোতি॥ ২৪॥

সংপ্রতি ব্রহ্মাদি পঞ্চ দেবতা যে ভগবতীকে আরাধনা করেন তাহা বর্ণিত হইতেছে।—জগদম্বে! বিধাতা তোমার কিঞ্চিৎ বিলসিত ভ্রূলতা দ্বারা অনুমতি পাইয়া এই বিশ্বসংসার সৃজন করিতেছেন বিষ্ণু তাহা পালন

করিতেছেন, রুদ্র তাহা সংহার করিতেছেন. ঈশ্বর এই সৃজন পালন সংহার প্রভৃতি কার্য্য হইতে বিরক্ত হইয়া অর্থাৎ বিষয় ব্যাপারে আসক্ত না হইয়া যোগ দ্বারা স্বীয় আত্মাকে স্থির রাখিতেছেন। সদাশিব উক্ত সৃজনাদি ব্যাপার ও যোগাভ্যাস সমস্তই সম্পাদিতেছেন। ২৪

ত্রয়াণাং দেবানাং ত্রিগুণজনিতানামপি শিবে
ভবেৎ পূজা পূজা তব চরণয়োর্যা বিরচিতা।
তথা হি ত্বৎপাদোদ্বহনমণিপীঠস্য নিকটে
স্থিতা হ্যেতে শশ্বন্মুকুলিতকরোত্তংসমুকুটাঃ॥২৫

টীকা।

শ্রীমত্যাঃ পূজায়াং দেবতান্তর-পূজানিষেধমাহ ত্রয়াণামিতি। হে শিবে! তব চরণয়োঃ কৃতা পূজা যা সা ব্রহ্ম-বিষ্ণু শিবানাং পূজা ভবেৎ। ত্রিগুণজনিতানামিতি হেতুগর্ভ বিশেষণম্। যতস্তে ভবদ্গুণজাতাঃ। তথাচ প্রকৃতের্গুণাস্ত্রয়ঃ, রজঃসত্ত্বতমাংসি তেষু ব্রহ্মাদয়ো জায়ন্তইতি অর্থাৎ প্রকৃতিঃ সর্ব্বেষাং কারণং যথা তরোর্মূলনিষেচনেনেতি ভাবঃ। হেত্বন্তরমাহ, তথা হি এতে ব্রহ্মাদয়ঃ মুকুলিত-করোত্তংসমুকুটাঃ সন্তঃ ত্বৎপাদোদ্বহনমণিপীঠস্য নিকটে শশ্বদনবরতং স্থিতাঃ। মুকুলিতৌ পুটীকৃতৌ করাবেব উচ্চতরং শিরোভূষণং যেষাম্। ত্বৎপাদাবেব উহ্যেতে যেন রত্নসিংহাসনেন তস্য নিকটে অর্থাত্তস্যানবরতং স্থিতাঃ।। ত্বৎসেবয়া সর্ব্বেষাং সেবা জায়ত ইতি ভাবঃ॥ ২৫

শিবে! ত্বদীয় চরণ যুগলের যে অর্চ্চনা করা হয় তাহাতেই সত্ত্ব রজ ও তম এই ত্বদীয় গুণত্রয় হইতে উৎপন্ন ব্রহ্মা বিষ্ণু শিব এই তিন দেবতার অর্চ্চনা হইয়া থাকে পৃথক অর্চ্চনা আর করিতে হয় না। যেহেতু ইহাঁরা তোমার চরণ যুগলের অধঃস্থিত রত্নসিংহাসনের সমীপে সর্ব্বদা অবস্থান করত অঞ্জলী কৃত করদ্বয়কেই স্বকীয় মস্তকে মুকুটরূপে ধারণ করিতেছেন। ২৫

বিরিঞ্চিঃ পঞ্চত্বং ব্রজতি হরিরাপ্নোতি বিরতিং
বিনাশং কীনাশো ভজতি ধনদো যাতি নিধনম্।
বিতন্দ্রা মাহেন্দ্রী বিততিরপি সম্মীলতি দৃশাং
মহাসংহারেঽস্মিন্ বিহরতি সতি ত্বৎপতিরসৌ॥২৬

টীকা।

শ্রীমত্যাঃ পাতিব্রত্যমাহ। বিরিঞ্চিরিতি। হে সতি! অস্মিন্ মহাসংহারে মহাপ্রলয়ে অসৌ ত্বৎপতিঃ সদাশিবো বিহরতি নান্যঃ তব সতীত্বাদিতি ভাবঃ। যস্মিন্ সংহারে বিরিঞ্চিঃ ব্রহ্মা পঞ্চত্বং ব্রজতীত্যাদি। পঞ্চত্বং মৃতিং বিরতিং মৃতিম্ বিনাশং, কীনাশো যমঃ। মহেন্দ্রসম্বন্ধিনী দৃশাং বিততির্ব্বিতন্দ্রাপি তন্দ্রারহিতাপি সম্মীলতি মহানিদ্রাং প্রাপ্নোতি। অনিমেষা দৃষ্টিরপি অনুন্মেষা ভবতি যস্মিন্ মহেন্দ্রোঽপি নিধনং যাতীত্যর্থঃ। বিহসতীতি ক্বচিৎ পাঠঃ॥ ২৬॥

পতিব্রতে! এই বিশ্বসংসারের সংহার সময়ে সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা লয় প্রাপ্ত হন, পালন কর্ত্তা নারায়ণ বিনষ্ট হন, শমন ও শমন মুখে কবলিত হন, ধনদ ও নিধন হন সুরেন্দ্রের নিমেষ শূন্য এবং অবিরত উন্মীলিত নেত্র সহস্র ও মুদ্রিত হইয়া যায় কেবল তোমার পতি সদাশিবই তোমার সতীত্ববলে বিহার করিতে পারেন। ২৬

সুধামপ্যাস্বাদ্য প্রতিভয়জরামৃত্যুহরণীং
বিপদ্যন্তে বিশ্বে বিধিশতমখাদ্যা দিবিষদঃ।
করালং যৎ ক্ষ্বেড়ং কবলিতবতঃ কালকলনা
ন শম্ভোস্তন্মূলং জননি তব তাড়ঙ্কমহিমা ॥ ২৭ ॥

টীকা।

শ্রীমত্যা পাতিব্রত্যমাহ। সুধামিতি। হে জননি! প্রতিভয়ং প্রতিপক্ষভয়ং প্রতিভয়জরামৃত্যুহরণীং সুধাম্ অমৃতম্ অপ্যাস্বাদ্য ব্রহ্মেন্দ্রাদ্যাঃ সর্ব্বে দিবিষদো দেবাঃ বিপদ্যন্তে বিপন্না ভবন্তীত্যর্থঃ। ভয়ানকং বিষং কবলিতবতঃ ভক্ষিতবতঃ শম্ভোর্যন্ন কালকলনা কালবশ্যতা মরণং, তন্মূলং তস্য মূলং তব তাড়ঙ্কমহিমা তব প্রাকাশ্যং তবাত্মপ্রকাশাদেব শম্ভোর্মৃত্যুঞ্জয়ত্বমিতি ভাবঃ। তাড়ঙ্কঃ স্বপ্রকাশে স্যাত্তাড়ঙ্কং কর্ণভূষণম্ ॥ ২৭ ॥

জগদম্বে! যাহা পান করিলে বার্দ্ধক্য, মৃত্যু ও শত্রুভয় সম্ভবে না, চতুরানন সুরপতি প্রভৃতি অমরগণ সেই

অমৃত পান করিয়াও বিশ্বসংহার সময়ে পঞ্চত্ব পাইয়া থাকেন। কিন্তু মহাদেব সদাই ভয়ঙ্কর বিনাশের হেতু সেই কালকূট বিষ পান করিয়াও যে কালকবলে পতিত হন নাই ইহার প্রতি তাঁহার শরীরে তোমার আত্মপ্রকাশ মাহাত্ম্যই কারণ। অর্থাৎ তুমিই পতিদেহে প্রবেশ করিয়া বিষদোষ নিবারিয়া পতিকে মৃত্যুঞ্জয় করিয়াছ। ২৭

জপো জল্পঃ শিল্পং সকলমপি মুদ্রাবিরচনং
গতিঃ প্রাদক্ষিণ্যং ভ্রমণমদনাদ্যাহুতবিধিঃ।
প্রণামঃ সংবেশঃ সুখমখিলমাত্মার্পণদশা
সপর্য্যাপর্য্যায়স্তব ভবতু যন্মে বিলসিতম্ ॥ ২৮ ॥

টীকা।

অথ জ্ঞানযোগং প্রকটীকরোতি। জপ ইতি। যন্মে বিলসিতং যচ্চেষ্টিতং তৎ সপর্য্যাপর্য্যায়ো ভবতু তব পূজাক্রমো ভবতু। তৎ কিমিত্যাহ। মম সকলঃ জল্পো বচনমাত্রং জপো ভবতু। মম সকলং অঙ্গুলিক্রিয়ামাত্রং মুদ্রাবিরচনং ভবতু। মম সকলং গতিঃ গমনমাত্রং প্রাদক্ষিণ্যং ভ্রমণং ভবতু। মম অদনাদি মম ভোজনপানমাত্রং হোমকর্ম্ম ভবতু। মম সংবেশঃ শয়নমাত্রং অষ্টাঙ্গপ্রণামোঽস্তু। মম অখিলং সুখং শক্তিসংযোগসুখমাত্রম্ আত্মার্পণদশা আত্মনি পরদেবতায়াম্ অভেদভাবেনার্পণমস্তু সকলমিত্যাহল্লিঙ্গম ॥ ২৮ ॥

জগদম্বে! আমি যাহা কিছু সাংসারিক কার্য্য করি, সকলই তোমার অর্চ্চনার্থ হউক অর্থাৎ আমার বাক্য সকল তোমার মন্ত্রজপ স্বরূপ হউক আমিযে শরীরের চালনাদি করি তাহাতে যেন তোমার মুদ্রা করা হয়। আমি যে গমনাগমন করি ইহাতে যেন তোমাকে প্রদক্ষিণ করা হয়। আমি যে আহারাদি করি ইহা যেন তোমার আহুতি হয়, আমি যে শয়ন করি তাহাতে যেন তোমাকে অষ্টাঙ্গে প্রণাম করা হয় আমার সমস্ত সুখ অর্থাৎ শক্তি সম্পর্কজাত আনন্দ সকল যেন তোমাতে আত্মার্পণ স্বরূপ হয়। ২৮

দদানে দীনেভ্যঃ শ্রিয়মনিশমাত্মানুসদৃশী-
মমন্দং সৌন্দর্য্যস্তবকমকরন্দং বিকিরতি।
তবাস্মিন্ মন্দারস্তবকসুভগে যাতু চরণে
নিজ্জমন্ মজ্জীবঃ করণচরণৈঃ ষট্ চরণতাম্॥২৯॥

টীকা।

অথৈকান্তিকীং ভক্তিমাহ দদানে ইতি। হে মাতঃ! অস্মিন্মন্দারস্তবকসুভগে পারিজাতপুষ্পগুচ্ছমনোহরে তব চরণে মম জীবো নিমজ্জন্ করণচরণৈঃ ষড়িন্দ্রিয়রূপৈ-শ্চরণৈঃ ষট্ চরণতাং ভ্রমররূপত্বং যাতু। কিম্ভূতে, দীনেভ্যঃ অনিশং নিরন্তরম্ আত্মানুসদৃশীং স্বাভিন্নাং শ্রিয়ম্ আত্মসদৃশৈশ্বর্য্যং দদানে। তথাচ মুক্তিশ্চতুর্ব্বিধা, সার্ষ্টি-সালোক্য-সারূপ্য-সাযুজ্য-মিতি। পুনঃ কিম্ভূতে, সৌন্দর্য্য-সমূহরূপং মকরন্দম্ আনন্দং যথা স্যাত্তথা বিকিরতি বিক্ষিপতি॥ ২৯॥

জগদম্বে! তোমার যে পাদপদ্ম দীনতম সেবকগণকে সতত আত্মস্বরূপ ঐশ্বর্য্য অর্থাৎ নিজ হইতে অভেদরূপ সারূপ্য মুক্তি বিতরণ করিতেছে, অবিরত অতিবহুল লাবণ্য-রাশিরূপ মকরন্দ ক্ষরণ করিতেছে, এবং মন্দার তরুকুসুমস্তবকের তুল্য অরুণবর্ণ ও মনোরম। তোমার সেই পাদপদ্মে আমার জীবাত্মা সংলগ্ন হইয়া ষড়িন্দ্রিয়রূপ ষট্‌পদ দ্বারা ভ্রমরত্ব প্রাপ্ত হউক। ২৯

কিরীটং বৈরিঞ্চ্যং পরিহর পুরঃ কৈটভভিদঃ
কঠোরে কোটীরে স্খলসি জহি জম্ভারিমুকুটম্।
প্রণম্রেষ্বেতেষু প্রসভমুপযাতস্য ভবনং
ভবস্যাভ্যুত্থানে তব পরিজনোক্তির্বিজয়তে ॥৩০

টীকা।

ব্রহ্মাদীনাং শ্রীমত্যা আরাধ্যত্বমাহ। কিরীটমিতি। হে মাতঃ! এতেষু ব্রহ্মাদিষু সৎসু অকস্মাত্তব ভবনং উপযাতস্য শিবস্য অভ্যুত্থানে সতি পরিজনোক্তির্বচনং বিজয়তে জয়েনাভিনন্দিতো ভবতি। তৎ কিমিত্যাহ, অগ্রতো বৈরিঞ্চ্যং কিরীটম্ ইদং পরিহর পরিত্যজ্য গচ্ছেত্যর্থঃ। কৈটভভিদো বিষ্ণোঃ কোটীরং মুকুটং কঠোরং অস্মিন্ স্খলসি পতসি অত্র সাবধানা ভব ইতি ভাবঃ। জম্ভারিমুকুটং ইন্দ্রমুকুটং জহি ধাতূনামনেকার্থত্বাৎ হনধাতুস্ত্যাগার্থে। পরিত্যজ্য গচ্ছেত্যর্থঃ ॥ ৩০ ॥

জগদম্বে! যে সময় তুমি উঠিয়া গৃহমধ্যে প্রবেশ কর আর তোমার পদতলস্থ আসনরূপী মহাদেব উত্থিত হন সেই সময়ে তোমার পরিবারবর্গ ব্রহ্মাদিসুরগণকে ভূমিষ্ঠ হইয়া প্রণত হইতে দেখিয়া তোমাকে সাবধানে গমন করার জন্য বলিতে থাকেন যে, পরমেশ্বরি! অগ্রদেশে চতুরাননের মুকুট পতিত আছে উহা পরিত্যাগ করিয়া পাদক্ষেপণ কর। ঐ আবার কেশবের কঠোর কিরীট উহাতে স্খলিত হইওনা। এস্থানে সুরপতির মুকুট রহিয়াছে ইহা লঙ্ঘন করিয়া আগমন কর। ৩০

চতুঃষষ্ট্যা তন্ত্রৈঃ সকলমভিসন্ধায় ভুবনং
স্থিতস্তত্তৎসিদ্ধি প্রসবপরতন্ত্রঃ পশুপতিঃ।
পুনস্ত্বন্নির্ব্বন্ধাদখিলপুরুষার্থৈকঘটনা-
স্বতন্ত্রং তে তন্ত্রং ক্ষিতিতলমবাতীতরদিদম্ ॥৩১

টীকা!

শ্রীমত্যা নিজতন্ত্রমহিমানমাহ। চতুরিতি। পশুপতিঃ শিবঃ চতুঃষষ্ট্যা নিত্যতন্ত্রৈঃ সকলং ভুবনং অভিসন্ধায় জ্ঞাত্বা অর্থাৎ চতুষষ্টিতন্ত্রাবলোকনেন সর্ব্বজ্ঞো ভূত্বা তত্তৎসিদ্ধিপ্রসবপরতন্ত্রঃ যস্মিন্ তন্ত্রে যা সিদ্ধিঃ প্রমাণ-বাহুল্যাৎ তত্তজ্জ্ঞানে অস্বতন্ত্রঃ সন্ প্রথমং স্থিতঃ। তথাচ পুরাণাগমসিদ্ধান্তং নিত্যমাহুর্ম্মনীষিণঃ। পুনস্তন্নির্ব্বন্ধাৎ তব প্রযত্নাৎ অস্মিন্ পুরুষার্থৈকঘটনাৎ হেতোঃ সকলসিদ্ধীনামেকত্র ঘটনাদ্ধেতোঃ স্বতন্ত্রং নাম তন্ত্রান্তরানপেক্ষং ইদং তন্ত্রং ক্ষিতিতলং অবাতীতরৎ অবতারয়ামাস ॥ ৩১

জগদম্বে! ভূতনাথ মহাদেব চতুঃষষ্টি তন্ত্রদ্বারা জগতের সমস্ত বিষয় জ্ঞাত হইয়া সর্ব্বজ্ঞতা লাভ করত, যে যে তন্ত্র দ্বারা যে রূপ সাধন হইতে পারে প্রথমত সে সকল অবগত হইয়াছিলেন, পরে তোমার সাতিশয় যত্ন এবং চতুর্ব্বর্গ সিদ্ধির একত্র সংঘটন হেতুক অন্যতন্ত্রের অনপেক্ষী তোমার সনাতন কুলতন্ত্রকে পৃথিবীমণ্ডলে প্রকাশিত করিয়াছেন। ৩১

শিবঃ শক্তিঃ কামঃ ক্ষিতিরথ রবিঃ শীতকিরণঃ
স্মরো হংসঃ শক্রস্তদনু চ পরামারহরয়ঃ।
অমী হৃল্লেখাভিস্তিসৃভিরবসানেষু ঘটিতা
ভজন্তে তে বর্ণাস্তব জননি নামাবয়বতাম্॥ ৩২

টীকা।

অথ শ্রীমত্যা মন্ত্রোদ্ধারমাহ শিব ইতি। হে জননি! অমী বর্ণা অবসানেষু অর্থাৎ ত্রিকূটান্তেষু মন্ত্রাত্মিকায়াস্তব তিসৃভিঃ হৃল্লেখাভির্ঘটিতাঃ সন্তঃ মূর্ত্তিমত্যাস্তব নামাবয়বতাং ভজন্তে যান্তি। তথাচ মন্ত্রাত্মা দেবতা প্রোক্তা ইত্যাদি। হৃল্লেখানাং নিরুক্তিমাহ স্বচ্ছসংগ্রহে। যস্মাদখিলমন্ত্রাণাং বীজানামপি সর্ব্বশঃ। হৃল্লেখেব হি জাগর্ত্তি হৃল্লেখা যুজ্যতে ততঃ। কে তে ইত্যাহ শিব ইত্যাদি। শিবো হকারঃ শক্তিঃ সকারঃ কামঃ ককারঃ ক্ষিতির্লকারঃ অন্তে হ্রীঁকারঃ। প্রথম বাগ্‌ভবকূটম্। অথশব্দেন বীজান্তরং দর্শয়তি। রবির্হকারঃ শীতকিরণঃ সকারঃ স্মরঃ ককারঃ হংসো হকারঃ শক্রো

লকারঃ অন্তে হ্রীঁ কারঃ। ইতি কামরাজকূটম্। তদনুশব্দেন বীজান্তরং দর্শয়তি। পরা সকারঃ মারঃ ককারঃ হরির্লকারঃ অন্তে হ্রীঁ কারঃ। ইতি ত্রৈলোক্যমোহিনী নাম শক্তিকূটং। এষা লোপামুদ্রাখ্যা সর্ব্বমন্ত্রবীজরূপা ॥ ৩২ ॥

জগদম্বে! শিব (হকার) শক্তি (সকার) কাম (ককার) ক্ষিতি (লকার) ইহারা পরস্থিত হৃল্লেখা অর্থাৎ হ্রীঁ এই বাক্যের সহিৎ যুক্ত হইয়া যে 'হসকলহ্রীঁ' ইত্যাকার বাগ্‌ভব কূট নামক মন্ত্র হয়। রবি (হকার) শীতকিরণ (সকার) স্মর (ককার) হংস (হকার) শক্র (লকার) ইহারা পরস্থিত হৃল্লেখা অর্থাৎ হ্রীঁ কারের সহিত যুক্ত হইয়া যে 'হসকহলহ্রীঁ' ইত্যাকার কামকূটরাজনামক মন্ত্র হয় এবং পরা (সকার) মার (ককার) হরি (লকার) ইহারা ও অন্তস্থিত হৃল্লেখাঅর্থাৎ হ্রীঁ কারের সহিত যুক্ত হইয়া যে ত্রৈলোক্য-মোহিনীও শক্তিকুটনামক মন্ত্র হয় এই মন্ত্রত্রয়স্থিত সমস্ত বর্ণ-গুলি তোমার নামের অবয়ব অর্থাৎ তোমার সমস্ত মন্ত্রই এই মন্ত্রত্রয়স্থিত বর্ণগুলি হইতে আবির্ভূত হইয়া থাকে। ৩২ ॥

স্মরং যোনিং লক্ষ্মীং ত্রিতয়মিদমাদৌ তব মনো-
র্নিধায়ৈকে নিত্যে নিরবধি মহাভোগরসিকাঃ।
জপন্তি ত্বাং চিন্তামণিগুণনিবদ্ধাক্ষবলয়াঃ
শিবাগ্নৌ জুহ্বন্তঃ সুরভিঘৃতধারাহুতিশতৈঃ ॥ ৩৩

টীকা।

বিদ্যান্তরং দর্শয়ন্নাহ। স্মরমিত্যাদি। হে নিত্যে! তব মন্ত্রস্য আদৌ ইদং ত্রিতয়ং নিধায় একে জনাস্ত্বাং ভজন্তে। কিন্তুদিত্যাহ; স্মরং ককারং, যোনিমেকারং, লক্ষ্মীমীকারং। কেচিদ্বীজত্রয়মাহুঃ স্মরং কামবীজং যোনিং ভুবনেশীবীজং লক্ষ্মীং শ্রীবীজম্। তে শিবাগ্নৌ কুণ্ডলিনীমুখে গোলোকচ্যুতামৃতধারাহুতিশতৈর্জ্জুহ্বন্তঃ চিন্তামণিগুণনিবদ্ধাক্ষরলয়া ভবন্তীতি অর্থাৎ পরমামৃতেন কুণ্ডলিনীং তর্পয়ন্তঃ শব্দব্রহ্মণি লীনা ভবন্তীত্যর্থঃ। সুরভির্গোলোকাধিষ্ঠাতৃরূপা, তস্যা ঘৃতধারা পরমামৃতধারা। তথাচ গৌতমীয়ে গোলোকং তৎ সমাখ্যাতং যদ্বিষ্ণোঃ পরমং পদম্। চিন্তামণিঃ চিৎকলা অভীষ্টফলদাতৃত্বাৎ। তস্যা গুণৈঃ সত্ত্বরজস্তমোভির্নিবদ্ধেষু অক্ষরেষু লয়ো যেষাম্। নাস্তি ক্ষরং ক্ষরণং যস্য তৎ অক্ষরং ব্রহ্ম ইত্যর্থঃ। তে কিম্ভূতাঃ, মহাভোগরসিকাঃ। অপর্য্যাপ্তসুখানুভবকাঙ্ক্ষিণঃ। জপন্তীতি ক্বচিৎ পাঠঃ। তত্র মন্ত্ররূপিণীং ত্বাং জপন্তীত্যর্থঃ। বলয়েতি ক্বচিৎ পাঠঃ। তে চিন্তামণিগুণবিদ্ধাক্ষরলয়া ভবন্তি। বলয়া মালা চিৎকলাগুণৈর্নিবদ্ধা অক্ষমালা যেষাং। এতেন অন্তর্যাজিনো ভবন্তীত্যর্থঃ ॥ ৩৩ ॥

সনাতনি! অসীম সুখাভিলাসী মহাত্মা ব্যক্তিরা তোমার উক্ত মন্ত্রের আদিতে স্মর অর্থাৎ 'ক' যোনি অর্থাৎ 'এ' লক্ষ্মী অর্থাৎ 'ল' কিংবা স্মর (ক্লীঁ) যোনি (হ্রীঁ) লক্ষ্মী (শ্রীঁ) এই বীজত্রয় যুক্ত করিয়া অবিরত জপ করত

শিবাগ্নিতে অর্থাৎ কুণ্ডলিনী মুখে শত শত সুরভি সমুৎপন্ন ঘৃতাহুতি (গোলোকনিঃসৃত ঘৃতধারা) দ্বারা হোম করিয়া থাকেন বলিয়া তাঁহারা চিন্তামণি গুণনিবদ্ধ অক্ষরে বিলীন হন অর্থাৎ সত্ত্ব রজ তমো রূপ গুণত্রয়ময়ী চিৎ কলা-জড়িত পরম ব্রহ্মপদ প্রাপ্ত হইয়া থাকেন। ৩৩

শরীরং ত্বং শম্ভোঃ শশিমিহিরবক্ষোরুহযুগং
তবাত্মানং মন্যে ভগবতি ভবাত্মানমনঘম্।
অতঃ শেষঃ শেষীত্যয়মুভয়সাধারণতয়া
স্থিতঃ সম্বন্ধো বাং সমরসপরানন্দপদয়োঃ॥ ৩৪॥

টীকা।

অথ শিবশক্ত্যোরাধারাধেয়ভাবেনৈকাত্মতাদর্শয়ন্নাহ। শরীরমিতি। হে ভগবতি! শম্ভোর্ব্রহ্মণো যৎ বিশ্বব্যাপকং চন্দ্রসূর্য্যস্তনযুগং শরীরং তৎ ত্বম্। তবাপি বিশ্বাকৃতেরনঘং গুণরূপাঘবর্জ্জিতং আত্মানং ভবাত্মানং অর্থাদ্বিশ্বব্যাপকং ব্রহ্মরূপং মন্যে। ততঃ কারণাৎ বাং যুবয়োঃ উভয়সাধারণতয়া আধারাধেয়সাধারণভাবেন শেষঃ শেষীত্যয়ং সম্বন্ধঃ অর্থাৎ অয়ং পুরুষ ইয়ং প্রকৃতিরিত্যয়ং সম্বন্ধঃ স্থিতঃ। কিম্ভূতয়োঃ, সমরসপরানন্দপদয়োঃ সমানৈশ্বর্য্যানন্দনির্ভরয়োঃ॥ ৩৪॥

ভগবতি। তুমিই ব্রহ্মস্বরূপ মহেশ্বরের জগদ্ব্যাপক দিবাকরনিশাকররূপ স্তনযুগল বিরাজিত শরীর, গুণরূপ

বিবর্জ্জিত জগদ্ব্যাপক ব্রহ্ম স্বরূপই তোমার আত্মা। অত এব তুমিও আধারাধেয়ভাবে প্রকৃতিওপুরুষরূপে রহিয়াছ, তোমরা উভয়েই তুল্য ঐশ্বর্য্যশালী ও তুল্য আনন্দযুক্ত! ৩৪

মনস্ত্বং ব্যোম ত্বং মরুদসি মরুৎসারথিরসি
ত্বমাপস্ত্বং ভূমিস্ত্বয়ি পরিণতায়াং ন হি পরং!
ত্বমেব স্বাত্মানং পরিণময়িতুং বিশ্ববপুষা
চিদানন্দাকারং শিবযুবতি ভাবেন বিভৃষে॥ ৩৫

টীকা।

অথ ব্রহ্মণঃ সর্ব্বত্রৈবতামাহ মন ইতি। হে শিবযুবতি! ত্বং মনঃ পরমশিবস্থানং মহর্লোক ইত্যর্থঃ। ত্বং ব্যোম তপোলোকঃ সদাশিবস্থানং। ত্বং বায়ুর্জ্জনলোক ঈশ্বরস্থানং। ত্বং অগ্নিঃ স্বর্লোকো নারায়ণস্থানং, ত্বং আপঃ ভুবর্লোকঃ রুদ্রস্থানং। ত্বং ভূমিঃ ভূর্লোকোব্রহ্মস্থানং।এতৎ ষটচক্ররূপং তব সূক্ষ্মং রূপমিত্যর্থঃ। স্থূলরূপমাহ ত্বয়ীত্যাদি। ত্বয়ি পরিণতায়াং ষটচক্রদেহং প্রাপ্তায়াং ন হি কিঞ্চিৎ পরমস্তি ত্বং ব্রহ্মাণ্ডরূপা ভবসীত্যর্থঃ। তৎ কিং সত্যমিত্যাহ ত্বমেবেত্যাদি। স্বং আত্মানং পরমাণ্বাদীনাং কারণভূতং চিদানন্দরূপং পরিণময়িতুং স্ববশী কর্ত্তুং ভাবেন লীলয়া বিশ্ববপুষা ষট্‌চক্রাত্মকদেহেন অর্থাৎ ষটচক্রতেজসা ত্বং চিদানন্দাকারং বিভৃষে গৃহ্লাসি। এতৎ সত্যলোকঃ লোক উচ্যতে॥৩৫

করমহিলে! তুমিই সেই পরমশিবের বাসস্থান মহর্লোক

বলিয়া প্রসিদ্ধ মন; তুমিই সদাশিবের বাসস্থান তপোলোক বলিয়া প্রসিদ্ধ আকাশ। তুমিই সেই ঈশ্বরের বাসস্থান জনলোক বলিয়া প্রসিদ্ধ অনিল; তুমিই সেই নারায়ণের বাসস্থান স্বর্লোক বলিয়া প্রসিদ্ধ অগ্নি; তুমিই সেই রুদ্রের বাসস্থান ভুবর্লোক বলিয়া প্রসিদ্ধ জল এবং তুমিই সেই ব্রহ্মার বাসস্থান ভূর্লোক বলিয়া প্রসিদ্ধ ভূমি অর্থাৎ এই মনপ্রভৃতি ষট্‌চক্র তোমারই স্থূক্ষ্মদেহ। তুমি স্থূল দেহ গ্রহণ করিলে এই বৃহদ্ব্রহ্মাণ্ড-রূপা হইয়া থাক অর্থাৎ অপর পদার্থ আর কিছুই থাকে না। এবং তুমি আপনাকে ব্রহ্মাণ্ডাকারে পরিণত করার জন্য অবহেলাতে ষটচক্রাত্মকদেহদ্বারা পরমাণু প্রভৃতির কারণ চিদানন্দরূপ অবলম্বন করিয়া থাক। অর্থাৎ ক্ষুদ্র, বৃহৎ, পরমব্রহ্ম, এই সমস্তই তুমি, তোমা ভিন্ন কিছুই নাই। ৩৫

তবাধারে মূলে সহ সময়য়া লাস্যপরয়া
শিবাত্মানং বন্দে নবরসমহাতাণ্ডবনটং।
উভাভ্যামেতাভ্যামুভয়বিধিমুদ্দিশ্য দয়য়া
সনাথাভ্যাং জজ্ঞে জনকজননীমজ্জগদিদম্॥৩৬

টীকা।

ষড়্‌ভিঃ শ্লোকৈঃ শ্রীমত্যাঃ ষটচক্রস্থিতয়া ষণ্মূর্ত্ত্যা স্থিতি বর্ণয়িষ্যন্ ব্রহ্মাণং স্তুবন্নাহ, তব ইতি। হে জনকজননি! হে পিতৃমাতৃস্বরূপে! মূলে আধারে মূলাধারচক্রে তব সময়য়া কন্যয়া অর্থাদ্বাগীশ্বর্য্যা সহ তবাত্মানং শিবং

অর্থাদ্ব্রহ্মাভিধ্যং অহং বন্দে। সময়য়া কিম্ভূতয়া, লাস্য-পরয়া নৃত্যরসিকয়া আত্মানং কিম্ভূতং, নবরসমহাতাণ্ডব-নটং শৃঙ্গারাদয়ো রসাঃ শান্তিপর্য্যন্তা যত্র এবম্ভূতে মহতি নৃত্যে নটং নৃত্যরসিকমিত্যর্থঃ। মন্যে ইতি কুত্রাপি পাঠঃ। তব আত্মানং নবরসমহাতাণ্ডবনটং মন্যে ইত্যর্থঃ। ভবাত্মানমিতি ক্বচিৎ পাঠঃ। ভাবয়তীতি ভবো ব্রহ্মা তদাত্মকং শম্ভুং বন্দে ইত্যর্থঃ। এতাভ্যামুভাভ্যাং ব্রহ্মবাগীশ্বরীভ্যাং উভয়বিধিং উদ্দিশ্য স্বস্বাভীষ্টসিদ্ধিমভিপ্রেত্য ইদং লক্ষ্মীমৎ সর্ব্বং জগৎ জজ্ঞে। কিম্ভূতাভ্যাং, দয়য়া অন্যোন্যসহায়াভ্যাং। এতেনানয়োর্জ্জগৎকর্ত্তৃত্বং সূচিতং॥ ৩৬॥

পিতৃ মাতৃস্বরূপে! মূলাধারে যে তোমার কলাস্বরূপা নর্ত্তনরসিকা নটীবেশধারিণী বাগীশ্বরী শক্তিকে নিয়া শৃঙ্গারাদি নব রসে রসিক নট রূপ ব্রহ্মাত্মক শিব নৃত্য করিতেছেন ইঁহাকে প্রণাম করি। এই ব্রহ্মানামক শিব আর বাগীশ্বরী (সাবিত্রী) ইহারা উভয়ে স্বীয় স্বীয় অভীষ্ট সাধনার্থ উভয়ে উভয়ের অনুকূলতা করিয়া এই শ্রীসম্পন্ন নিখিল জগৎ সৃজন করিতেছেন। ৩৬

তব স্বাধিষ্ঠানে হুতবহমধিষ্ঠায় নিয়তং
তমীড়ে সম্বর্ত্তং জননি জননীন্তাঞ্চ সময়াম্।
যদালোকে লোকান্ দহতি মহতি ক্রোধকলিলে
দয়ার্দ্রাভির্দৃষ্টিভিঃ শিশিরমুপচারং রচয়সি॥ ৩৭

## টীকা।

রুদ্রাণ্যা রুদ্রং স্তবন্নাহ। হে জননি! স্বাধিষ্ঠানে পূর্ব্বোক্তং সম্বর্ত্তনামানং ঈড়ে স্তৌমি। তাং মহতীং কলাং সময়ামপি স্তৌমি। জননীতি ক্বচিৎ পাঠঃ! তং কিম্ভূতং, তুতংহমধিষ্ঠায় অগ্নিরূপযাত্মায় স্থিতং। যস্য রুদ্রস্য ক্রোধকলিলে ক্রোধসম্বর্দ্ধিতে অবলোকনে লোকান্ দহতি সতি দয়ার্দ্রাভিদৃগ্ভিঃ শিশিরং উপচারং শৈত্যং রচয়সি। দয়ার্দ্রা যা দৃষ্টিঃ শিশিরমুপচারং রচয়তি ইতি প্রাঞ্চঃ। তত্র তব যা দয়ার্দ্রা স্নিগ্ধা দৃষ্টিঃ সা শৈত্যং উপচারং রচয়তীত্যর্থঃ। এতেন বিশ্বং দহন্তং বাড়বানলং রুদ্রং সমুদ্ররূপেণ সমারণোষীত্যর্থঃ॥ ৩৭॥

---

হে দেবি! স্বাধিষ্ঠান চক্রে যে অনলরূপী সম্বর্ত্তনামক সেই রুদ্র ও সেই পরমাকলাত্মিকা সময়া নাম্নী রুদ্রাণী শক্তি রহিয়াছেন, আমি ইহাঁদিগকে স্তব করি, মহাপ্রলয় সময়ে ঐ অনলরূপী রুদ্রের কোপ বিস্তারিত নেত্র বিশ্বসংসার দাহ করিতে লাগিলে তুমি সকরুণ নয়ন দ্বারা ঐ বিশ্বসংসারের শৈত্যোৎপাদন করিতে থাক অর্থাৎ বাড়বাগ্নিরূপী রুদ্র জগৎ সংসার দাহে প্রবৃত্ত হইলে তুমি সমুদ্ররূপ ধারণ করিয়া জগৎ সংসার সুশীতল করিতে থাক। ৩৭

তড়িত্বন্তং শক্ত্যা তিমিরপরিপন্থিস্ফুরণয়া
স্ফুরন্নানারত্নাভরণপরিণদ্ধেন্দ্রধনুষম্।

তমঃশ্যামং মেঘং কমপি মণিপূরৈকশরণং
নিষেবে বর্ষন্তং হরমিহিরতপ্তং ত্রিভুবনম ॥ ৩৮ ॥

টীকা।

বৈষ্ণবীশক্তিসহিতং বিষ্ণুরূপং স্তবন্নাহ তড়িদিতি। কমপি অনির্ব্বচনীয়ং মেঘং মেঘাভং বিষ্ণুং অহং নিষেবে। কিম্ভূতং, মণিপূরৈকশরণং মণিপূরমেবশরণংপ্রধানং স্থানং যস্য। মেঘসাধর্ম্ম্যমাহ, তমঃশ্যামং অতিঘোরতরং। কিম্ভূতং? শক্ত্যা নারায়ণ্যা তড়িৎস্তং। শক্ত্যা কিম্ভূতয়া, অন্ধকারবিরোধি সঞ্চরণং যস্যাঃ। মেঘং কিম্ভূতং, স্ফুরন্নানারত্নালঙ্কারৈর্ন্মিলিতং ইন্দ্রধনুর্যত্র। হরমিহিরতপ্তং রুদ্ররূপ সূর্য্যতপ্তং ত্রিভুবনং বর্ষন্তং। ক্বচিৎ স্মরমিহিরতপ্তমিতি পাঠঃ। তত্র স্মরঃ কন্দর্পঃ স এব সূর্য্যঃ তত্তেজসা তপ্তং ত্রিভুবনং বর্ষন্তমিত্যর্থঃ। এতেনমণিপূরস্থবিষ্ণুরূপশিবধ্যানাৎ কামাগ্নিনা দহ্যমানস্য শান্তির্ভবতীতি ভাবঃ ॥ ৩৮ ॥

জগদম্বে! মণিপূরস্থ অন্ধকারের ন্যায় শ্যামবর্ণ অনির্ব্বচনীয় জলধররূপ নারায়ণকে ও তোমার কলাস্বরূপা নারায়ণী শক্তিকে প্রণিপাত করি। এই নারায়ণী শক্তি স্বীয় বিলাস দ্বারা তিমিররাশি অপসারিত করিতেছেন ও সৌদামিনীরূপে জলদরূপ নারায়ণের সহিত বিরাজ করিতেছেন। ঐ নারায়ণ ইন্দ্রধনুরূপ নানারত্ননির্ম্মিত অলঙ্কার সকলে শোভিত হইয়া মহেশ্বররূপ প্রচণ্ড সূর্য্যে সন্তাপিত এই বিশ্বসংসারে

বৃষ্টি করিতেছেন।কোন কোন পুস্তকে মূলশ্লোকে "স্মরমিহির-তপ্তং" এরূপ পাঠ আছে এইমতে এই রূপ ব্যাখ্যা হইবে যে, কন্দর্পরূপ সূর্য্য—কিরণে সন্তপ্ত ত্রিলোকে বৃষ্টি করিতেছেন। ইহার মর্ম্মার্থ এই যে মণিপুরস্থ বিষ্ণুরূপ শিবের চিন্তা করিলে কামানল নির্ব্বাপিত হইয়া থাকে। ৩৮

সমুন্মীলৎসম্বিৎকমলমকরন্দৈকরসিকং
ভজেহহং সদ্বন্দ্বং কিমপি মহতাং মানসচরম্ ।
যদালাপাদষ্টাদশগুনিতবিদ্যাপরিণতিঃ
সমাদত্তে দোষাদ্ গুণমখিলমদ্ভ্যঃ পয় ইব ॥ ৩৯ ॥

টীকা।

অথ অনাহতচক্রস্থং ঈশ্বরং শক্তিসহিতং ঈশ্বরনামানং স্তবমাহ। সমুন্মীলদিতি। কমপি অনির্ব্বচনীয়ং হংসদ্বন্দ্বং ভজে। কিম্ভূতং, মহতাং জ্ঞানিনাং মানসচরং। অন্যে হংসা মকরন্দরসিকা ইদমপি সমুন্মীলৎ প্রকাশীভবৎ জ্ঞানকমলমকরন্দৈকরসিকং। যদ্ যস্মাৎ যয়োরালাপাৎ ধ্যানাৎ জনঃ অষ্টাদশবিদ্যাপরিচিতিং আধত্তে। অষ্টাদশ-বিদ্যা যথা—বেদা উপবেদা অঙ্গানি ষট্ এবং অষ্টাদশ বিদ্যাঃ। যস্মাৎ যয়োরালাপাৎ দোষাৎ গুণং দোষং বিহায় অখিলং গুণং আদত্তে অন্যো জলেভ্যঃ পয় ইব। অন্যেঽপি রাজহংসা একত্রীভূতং জলং দূরীকৃত্য দুগ্ধং গৃহ্নন্তীতি তাৎপর্য্যং। নিত্যা পরিণতিরিতি কুত্রাপি পাঠঃ। তত্র যদালাপাৎ অষ্টাদশবিদ্যাসু পরিণতির্দাক্ষিণ্যং জায়তে ইতি অন্বয়ঃ॥ ৩৯ ॥

জগদম্বে! আমি অনাহতচক্রস্থিত হংস রূপ ঈশ্বর নামক শিবকে এবং হংসীরূপা ঈশ্বরী নাম্নী তোমার শক্তিকে প্রণাম করি। এই হংস ও হংসী প্রস্ফুটিত জ্ঞান পদ্মের মধুপানে একান্ত অনুরক্ত হইয়া সেবকগণের মানস সরোবরে সর্ব্বক্ষণ ক্রীড়া করিতেছেন। ইহাঁদের উপাসনা করিলে সাধকগণের অষ্টাদশ বিদ্যাতে অভিজ্ঞতা জন্মে। সামান্য হংস যেমন জলীয়াংশ পরিত্যাগ পূর্ব্বক দুগ্ধের অংশ গ্রহণ করিয়া থাকে এই হংস হংসীও তদ্রূপ সাধকগণের সমস্ত দোষ পরিত্যাগ করিয়া গুণমাত্র গ্রহণ করিয়া থাকেন। ৩৯

বিশুদ্ধৌ তে শুদ্ধস্ফটিকবিষদং ব্যোমসদৃশং
শিবং সেবে দেবীমপি শিবসমানব্যসনিনীম্।
যয়োঃ কান্ত্যা যান্ত্যা শশিকরণসারূপ্যসরণিং
বিধূতান্তর্ধ্বান্তা বিলসতি চকোরীব জগতী ॥ ৪০ ॥

টীকা।

আদ্যাশক্তিসহিতং শিবং স্তুবন্নাহ। বিশুদ্ধাবিতি। বিশুদ্ধনাম্নি কণ্ঠস্থিতপদ্মে তব শিবং অহং সেবে। কিম্ভূতং, শুদ্ধস্ফটিকশুভ্রং, ব্যোমসদৃশং আকাশতুল্যং অপর্য্যাপ্তত্বাৎ। ব্যোমজনকমিতি কুত্রাপি পাঠঃ। তত্র ব্যোমকারণং অর্থাৎ ব্যোমেশ্বরনামানং শিবং বন্দে। দেবীমপি অহং বন্দে। কীদৃশীং, গিরিশনর্ম্মব্যসনিনীং শিবসমানসুখদুঃখাং। যয়োঃ শিবশক্ত্যোঃ কান্ত্যা জগতী বিধূতান্তর্ধ্বান্তা নষ্টাজ্ঞানা

সতী চকোরীব বিলসতি। যথাচকোরী চন্দ্রিকালাভেনানন্দং লভতে তথা তয়োর্ধ্যানাৎ ব্রহ্মসুখং লভতে। কথম্ভূতয়া কান্ত্যা বিধুকিরণসারূপ্যপথং যান্ত্যা অতএব চকোরীত্বোপমানমুপপদ্যতে ।। ৪০ ।।

জগদম্বে! বিশুদ্ধচক্রে অধিষ্ঠিত, শুদ্ধস্ফটিকের ন্যায় নির্ম্মল, আকাশমণ্ডলের তুল্য অপরিচ্ছিন্ন, শিবকে এবং তাঁহার সহিত সম্ভোগ—পরায়ণা তোমার কলারূপা সমদুঃখসুখ-ভোগিনী আদ্যা শক্তিকে আমি প্রণাম করি। এই উভয়ের চন্দ্রকিরণ সদৃশী কান্তিতে বিনষ্ট-মোহতিমিরা এই ত্রিলোকী, চকোরীর ন্যায় পরমানন্দ অনুভব করিতেছে। অর্থাৎ চকোরী যেমন চন্দ্রিকালাভে সুখানুভব করে, সাধক-বৃন্দ ও তেমন ঐ উভয়ের ধ্যান করিয়া ব্রহ্মানন্দ অনুভব করিয়া থাকেন। ৪০

তবাজ্ঞাচক্রস্থং তপনশশিকোটিদ্যুতিধরং
পরং শম্ভুং বন্দে পরিমিলিতপার্শ্বং পরচিতা।
যমারাদ্ধুং ভক্ত্যা রবিশশিশুচীনামবিষয়ে
নিরালোকে লোকো নিবসতি হি ভালোক-
ভবনে ॥ ৪১ ॥

টীকা।

ভ্রূমধ্যগং চিচ্ছক্তিসহিতং পরমশিবং স্তুবন্নাহ। তবাজ্ঞা

ইতি। আজ্ঞাচক্রস্থং ভ্রূমধ্যগদ্বিদলপদ্মস্থং পরমশিবং অহং বন্দে। কীদৃশং, সূর্য্যাচন্দ্রকোটিদ্যুতিধরং। পরচিতা চিৎশক্ত্যা পরিমিলিতপার্শ্বং চিদানন্দস্বরূপমিত্যর্থঃ। যং পরমশিবং ভক্ত্যা আরাদ্ধুং সেবিতুং নিরালোকে স্বপ্রকাশতয়া আলোকান্তরানপেক্ষে ভালোকভবনে তেজঃসমূহে গেহে লোকো নিবসতি। কিম্ভূতে, রবিশশিশুচীনামবিষয়ে চন্দ্রসূর্য্যাগ্নীনামগোচরে অতএব নিরালোকইতি বিশেষণমুপপদ্যতে। তদুক্তং গীতাতন্ত্রে। ন তত্র ভাসতে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ। যজ্জ্ঞাত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম। পরিচিত যদা লব্ধ শক্ত্যা ইতি প্রাঞ্চঃ। তত্র ব্যাখ্যা যদা উভয়পার্শ্বং তৎশক্ত্যা পরিচিতং একত্রীকৃতং যোগিনা লব্ধং তদা ভালোকভবনে বসতি এতেন চিদানন্দধ্যানে ব্রহ্ম পরিচিতং ভবতি ইতি ভাবঃ। এতানি শ্লোকানি ক্বচিদাজ্ঞাচক্রমারভ্য দৃশ্যন্তে ॥ ৪১ ॥

---

জগদম্বে! যাঁহাকে ভক্তিপূর্ব্বক উপাসনা করিবার নিমিত্ত সাধকগণ চন্দ্রসূর্য্য ও বহ্নির অগম্য সুতরং আলোকরহিত অর্থাৎ অপর আলোকের অপেক্ষা না করিয়া স্বতই প্রকাশ মান আলোকময় দিব্যস্থানে অবস্থিতি করিয়া থাকেন, কোটিদিবাকর নিশাকরের তুল্য দীপ্যমান স্বীয়পার্শ্বস্থিতা চিৎশক্তির সহিত মিলিত অর্থাৎ চিদানন্দ স্বরূপ আদ্যচক্রস্থিত তোমার সেই পরম শিবকে আমি প্রণাম করি। ৪১

গতৈর্মাণিক্যত্বং গগণমণিভিঃ সান্দ্রঘটিতং
কিরীটন্তে হৈমং হিমগিরিসুতে কীর্ত্তয়তু কঃ।
সমীপে যচ্ছায়াচ্ছুরিতকিরণং চন্দ্রশকলং
ধনুঃ সৌনাশীরং কিমিদমিতি বধ্নাতি ধিষণাম॥৪২

টীকা।

সম্প্রতি শ্রীমত্যাঃ সুন্দর্য্যাঃ সৌন্দর্য্যং অনির্ব্বচনীয়মপি জ্ঞানানুরূপং বর্ণয়তি। গতৈরিতি। হে হিমগিরিসুতে। তব স্বর্ণবিকৃতং মুকুটং কঃ কীর্ত্তয়তু বিশিষ্য ভণতু নিরূপক্ত-রশক্যত্বাৎ। কীদৃশং, গগনমণিভিঃ সান্দ্রঘটিতং নিবিড়-নির্ম্মিতং। মণিভিঃ কিম্ভূতৈঃ মাণিক্যেন একতাং প্রাপ্তৈঃ মাণিক্যমধ্যবর্ত্তিভিরিতার্থঃ। সমীপে অর্থাৎ যস্য সমীপে ছায়য়া কান্ত্যাচ্ছুরিতকিরণং সম্ভূতকিরণ চন্দ্রশকলং চন্দ্র-খণ্ডং ইদং কিং সৌনাশিরং ধনুঃ শক্রধনুরিতি ধিষণাং বধ্নাতি বুদ্ধিমাধত্তে। মাণিক্যসূর্য্যকান্তসুবর্ণানাং প্রতিবিম্ব-লাভাৎ চন্দ্রখণ্ডং শক্রধনুষঃ শ্রিয়ং ধত্তে ইতি তাৎপর্য্যার্থঃ॥ ৪২ ॥

---

হিমাচলতনয়ে! যাহার প্রতিবিম্বে সমুজ্জল কিরণ শোভিত সমীপস্থ চন্দ্রখণ্ড "এই কি ইন্দ্রধনু" এই প্রকার ভ্রমজ্ঞান জন্মাইতেছে, মাণিক্যের সমবর্ণ আকাশ মণ্ডলের ন্যায় নির্ম্মল বহুতর মণিদ্বারা নিবিড় রূপে প্রস্তুত তোমার সেই সুবর্ণময় মুকুট কে বর্ণন করিতে পারে। ৪২

ধুনোতু ধ্বান্তং নস্তুলিতদলিতেন্দীবরদলং
ঘনস্নিগ্ধশ্লক্ষ্ণং চিকুরনিকুরম্বং তব শিবে।
যদীয়ং সৌরভ্যং সহজমুপলব্ধুং সুমনসো-
বসন্ত্যস্মিন্মন্যে বলমথনবাটীবিটপিনাম্॥ ৪৩॥

টীকা।

ধুনোতু ইতি। হে শিবে! তব চিকুরনিকুরম্বং কেশকলাপঃ নোঽস্মাকং ধ্বান্তং অজ্ঞানং ধুনোতু খণ্ডয়তু। কিম্ভুতং, তুলিতদলিতেন্দীবরদলং তুলিতং সদৃশীকৃতং বিকসিতনীলোৎপলদলং যেন। পুনঃ কিম্ভূতং, ঘনস্নিগ্ধং চিক্কণং শ্লক্ষ্ণং অতিসৌষ্ঠবং যদীয়ং স্বাভাবিকং সৌরভ্যং উপলব্ধুং বলমথনবাটীবিটপিনাং ইন্দ্রোপবনকল্পবৃক্ষাণাং সুমনসঃ পুষ্পাণি অস্মিন্ কেশকলাপে বসন্তীত্যহং মন্যে। সুরবিহিতসপর্য্যাচ্ছলেন যৎসুমনসাং ত্বৎকেশাশ্রয়ণং॥ ৪৩॥

শিবে! বিরল স্নিগ্ধ চিক্কণ প্রস্ফুটিত নীলোৎপলসদৃশ তোমার কেশপাশ আমাদিগের চিত্তস্থিত অন্ধকার বিনাশ করুক। যাহার স্বাভাবিক সৌরভ লাভ করিবার জন্য সুরপতির নন্দন কাননস্থ কল্পতরুদিগের পুষ্প সকল যেন (দেবতাগণের অর্চ্চনা ছলে) এই কেশকলাপেই আসিয়া বাস করিতেছে এরূপ বিবেচনা হইতেছে॥ ৪৩॥

বহন্তী সিন্দূরং প্রবলকবরীভারতিমির-
দ্বিষাং বৃন্দৈর্ব্বন্দীকৃতমিব নবীনার্ককিরণম্।
তনোতু ক্ষেমং নস্তব বদনসৌন্দর্য্যলহরী-
পরীবাহস্রোতঃসরণিরিব সীমন্তসরণিঃ ॥ ৪৪ ॥

টীকা।

বহন্তীতি। সরণিরিব সীমন্তসরণিঃ সীমন্তঃ পন্থা নোঽস্মাকং ক্ষেমং তনোতু। কীদৃশী, সিন্দূরং বহন্তী। সিন্দূরং কিম্ভূতং, প্রবলকবরীভার এব তিমিরং তদ্রূপশত্রূণাং বৃন্দৈর্ব্বন্দীকৃত· প্রাত·সূর্য্যকিরণমিব। দ্বিষামিতি ক্বচিৎ পাঠঃ। তত্র প্রবলকবরীভার এব তিমিরং তেষাং কান্দিবৃন্দৈর্ব্বন্দীকৃতং নবীনার্ককিরণমিব। অত্র দুর্ব্বলেন বলিনঃ সূর্য্যকিরণস্য নিয়মনাদাশ্চর্য্যালঙ্কারঃ সূচিতঃ। পুনঃ কিম্ভূতা, তব বদনসৌন্দর্য্যলহরীপরীবাহস্রোতঃসরণিরিব উৎক্ষিপ্তপানীয়স্য পথান্তরেণ নিঃসরণং পরীবাহঃ তজ্জন্যতীক্ষ্ণস্রোতসঃ সরণিরিব ॥ ৪৪ ॥

জগদম্বে! তোমার সীমন্ত পথ সিন্দূরে মণ্ডিত হওয়ায় বোধ হইতেছে; যেন নবীন সূর্য্যকিরণ, কেশ—কলাপরূপ বলিষ্ঠ বৈরি অন্ধকার কর্ত্তৃক বন্দীকৃত হইয়াছে এবং তোমার বদন লাবণ্যলহরী পরীবাহের প্রবাহ সকল ও যেন ঐ সীমন্ত পথে প্রবাহিত হইতেছে, ঐ সীমন্ত পথ আমাদের কল্যাণ করুন ॥ ৪৪ ॥

অরালৈঃ স্বাভাব্যাদলিকুলসমশ্রীভিরলকৈঃ
পরীতন্তে বক্ত্রং পরিহসতি পঙ্কেরুহরুচিম্।
দরস্মেরে যস্মিন্ দশনরুচিকিঞ্জল্করুচিরে
সুগন্ধৌ মাদ্যন্তি স্মরদহনচক্ষুর্মধুলিহঃ ॥ ৪৫ ॥

টীকা।

অরালৈরিতি। তব বক্ত্রং পঙ্কেরুহরুচিং হসতি। কীদৃশং, স্বভাবকুটিলৈঃ অলিকুলসমশ্রীভিরলকৈঃ পরীতং ব্যাপ্তং। অলিকুলহসশ্রীভিরিতি কুত্রাপিপাঠঃ। তত্র অলিকুলং হসতীতি অলিকুলহসা সা শ্রীর্যেষাং, অলিকলভসমশ্রীভিরিতি কুত্রাপি পাঠঃ। তত্র অলিকুমারসমশ্রীভিঃ। যস্মিন্ স্মরদহনচক্ষুর্মধুলিহঃ হরনেত্রভৃঙ্গাঃ মাদ্যন্তি। বিস্মৃতে, দরস্মেরে ঈষদ্ধাসে। দশনকেশরকান্তিমনোহরে সুগন্ধৌ। এতেন পঙ্কজাপকর্ষণং দর্শিতং ॥ ৪৫ ॥

জগদম্বে! দশন—রূপ কেশর-নিকরে সুশোভিত; মৃদু মৃদু হাস্য—রূপ বিকাশপ্রাপ্ত; মনোহর সৌরভান্বিত এবং স্বাভাবিক কুটিল অলিনিকর সদৃশ অলকাবলী দ্বারা পরিবেষ্টিত তোমার এই বদন মণ্ডল, কমলদিগকে যেন উপহাস করিতেছে, ভগবান্ ত্রিলোচনের লোচনরূপ মধুকরবৃন্দ মত্ত হইয়া ইহাতে পরিতেছে ॥ ৪৫ ॥

ললাটং লাবণ্যদ্যুতিবিমলমাভাতি তব যৎ
দ্বিতীয়ং তন্মন্যে মুকুটশশিখণ্ডস্য সকলম্।

বিপর্য্যাসন্যাসাদুভয়মভিসন্ধায় মিলিতঃ
সুধালেপস্যূতিঃ পরিণমতি রাকাহিমকরঃ ॥ ৪৬ ॥

টীকা।

ললাটমিতি। তব লাবণ্যকান্ত্যা সুনির্ম্মলং তব যল্ললাটং আভাতি তন্মুকুটার্দ্ধচন্দ্রস্য দ্বিতীয়ং খণ্ডং ইত্যহং মন্যে। বিপর্য্যাসন্যাসাদ্বিপরীতবিন্যাসাৎ উভয়ং শশিখণ্ডং মিলিতং সৎ রাকাহিমকরঃ পরিণমতি পূর্ণচন্দ্রঃ সম্পদ্যতে। হিমকরঃ কিম্ভূতঃ সুধালেপস্যূতিঃ অমৃতলেপনেন গ্রহণং যস্য। অধোমুখং ললাটখণ্ডং অনয়োরমৃতলেপগ্রথনেন সম্মুখী-কৃত্য সংযোগাৎ পূর্ণচন্দ্রো ভবতীতি বাক্যার্থঃ ॥ ৪৬ ॥

---

জগদম্বে! এই যে তোমার সুনির্ম্মল লাবণ্য—পরিপূর্ণ ললাটদেশ বিরাজ করিতেছে, ইহা যেন মুকুটরূপ শশি-কলার অবশিষ্ট অপর একখণ্ড বলিয়া বোধ হইতেছে, এই অধোমুখ ললাটরূপ অর্দ্ধচন্দ্রকে বিপরীতভাবে যোগ করিলে উভয় খণ্ড অমৃত লেপে আবদ্ধ হইয়া পূর্ণচন্দ্ররূপে পরিণত হইতে পারে ॥ ৪৬ ॥

ভ্রুবৌ ভুগ্নে কিঞ্চিদ্ভুবনভয়ভঙ্গব্যসনিনি
ত্বদীয়ে নেত্রাভ্যাং মধুকররুচিভ্যাং ধৃতগুণে।
ধনুর্ম্মন্যে সব্যেতরকরগৃহীতং রতিপতেঃ
প্রকোষ্ঠে মুষ্টৌ চ স্থগয়তি নিগূঢ়ান্তরমিদম্ ॥৪৭

টীকা।

ভ্রুবৌ ইতি। হে ভুবনভয়ভঙ্গব্যসনিনি! সংসারভয়ভঞ্জনশীলে! ত্বদীয়ে কিঞ্চিদ্ভুগ্নে ঈষৎকুটিলে ভ্রুবৌ রতিপতেঃ কামস্য ধনুরিত্যহং মন্যে। কামধনুষঃ সাম্যমাহ। মধুকররুচিভ্যাং নেত্রাভ্যাং ধৃতগুণে মধুকরগুণং কামধনুরিতি ধনুঃ পৌষ্পমিত্যাদিশ্লোকেন পূর্ব্বমুক্তং। তৎ কথং ধনুর্গুণয়োর্মধ্যে শূন্যতা ইত্যাহ। নিগূঢ়ান্তরঃ নেয়ং শূন্যতা কিন্তু অব্যক্তমধ্যং। কথমিত্যাহ। সব্যেতর ইত্যাদি। ইদং ধনুঃ সব্যেতরকরগৃহীতং সৎ প্রকোষ্ঠে মণিবন্ধে মুষ্টৌ মুষ্টিদেশে চ স্থগয়তি আচ্ছাদয়তি। রতিপতিরিতি কর্ত্তৃপদং কুত্রাপি দৃশ্যতে॥ ৪৭॥

---

ভবভয় নিবারিণি! আমারবোধ হইতেছে যে, তোমার ঐ কিঞ্চিৎ কুটিল, ভ্রমর তুল্য নয়ন—যুগলরূপ গুণযুক্ত, ভ্রূযুগলই কামদেবের শরাসন। ইহার মধ্যস্থল যে ব্যক্ত রূপে লক্ষ্য হইতেছে না, তাহার কারণ এই যে কন্দর্প বামহস্তে এই শরাসন ধারণ করাতে তাহার মণিবন্ধ ও মুষ্টি দ্বারা ঐ মধ্যস্থলটী আবৃত হইয়া রহিয়াছে॥ ৪৭॥

অহঃ সূতে সব্যং তব নয়নমর্কাত্মকতয়া
ত্রিযামাং বামস্তে সৃজতি রজনীনায়কতয়া।
তৃতীয়া তে দৃষ্টির্দরদলিতহেমাম্বুজরুচিঃ
সমাধত্তে সন্ধ্যাং দিবসনিশয়োরন্তরচরীম্॥ ৪৮॥

টীকা !

অহঃ সুতে ইতি ! তব সব্যং দক্ষিণং নয়নং সূর্য্যরূপত্বাৎ দিবসং সৃজতি। বামনয়নং চন্দ্ররূপত্বাৎ ত্রিয়ামাং। ঈষদ্বিকসিতকান্তিস্তৃতীয়া দৃষ্টির্দ্দিবারাত্র্যোরন্তরচরীং মধ্যগাং সন্ধ্যাং আধত্তে সৃজতীত্যর্থঃ। হেমাম্বুজরুচিমিত্যপি কুত্রাপি পাঠঃ। এতেন বহ্নিসারূপ্যাৎ স্বর্ণস্য বহ্ন্যাত্মকত্বাচ্চ বহ্ন্যাত্মিকা তৃতীয়া দৃষ্টিরিতি সূচিতা। নিত্যস্য কালস্য ভবতী কারণমিতি ভাবঃ ॥ ৪৮ ॥

জগদম্বে! তোমার সূর্য্যস্বরূপ দক্ষিণ নেত্র দিবা সৃজন করিতেছে, নিশাকরস্বরূপ বাম নেত্র নিশা সৃজন করিতেছে। কিঞ্চিৎ প্রস্ফুটিত স্বর্ণপঙ্কজ সদৃশ অর্থাৎ অনলস্বরূপ তৃতীয় নেত্র দিবা নিশার মধ্যস্থিতা সন্ধ্যাকে সৃজন করিতেছে। ইহার মর্ম্মার্থ এই যে, নিত্য বলিয়া প্রসিদ্ধ কালের ও জগদম্বাই কর্ত্রী ॥ ৪৮ ॥

বিশালা কল্যাণী স্ফুটরুচিরযোধ্যা কুবলয়ৈঃ
কৃপাপারাবারা কিমপি মধুরা ভোগলতিকা।
অবন্তী দৃষ্টিস্তে বহুনগরবিস্তারবিজয়া
ধ্রুবং তত্তন্নামব্যবহরণযোগ্যা বিজয়তে ॥ ৪৯ ॥

টীকা।

বিশালা ইতি। তব দৃষ্টির্ব্বিজয়তে সর্ব্বেষাং দৃষ্টিং

তিরস্করোতি। দৃষ্টিঃ কিম্ভূতা বহুনগরবিস্তারবিজয়া। এতেন বিপুলনগরাণাং বিততেরপি তব দৃষ্টিবিততির্গরীয়সীতি ভাবঃ। তথা চ ধরণিঃ। বহু স্যাৎত্র্যাদিসংখ্যাসু বিপুলেঽপ্যভিধেয়বৎ। তত্তন্নামব্যবহরণযোগ্যা তেষাং বিপুলনগরাদীনাং নামভিস্তব দৃষ্টের্ব্যবহারেঽপি যুজ্যতে ইতি ভাবঃ। তদেবাহ, বিশালেত্যাদি। তব দৃষ্টিঃ কিম্ভূতা, বিশালা দীর্ঘা, নগর্য্যপি বিশালানাম্নী। দৃষ্টিঃ কল্যাণগুণযুক্তা, নাম্না নগর্য্যপি কল্যাণী। দৃষ্টিঃ স্ফটিকচির্ব্যক্তকান্তিঃ নগর্য্যপি স্ফটিকচিনাম্নী। দৃষ্টিঃ কুবলয়ৈরযোগ্যা ভৃচক্রেন্দুসদৃশী। নগর্য্যপি অযোগ্যানাম্নী চীনদেশোদ্ভবা। অযোধ্যা ইতি পাঠে দৃষ্টিঃ বলয়ৈর্নীলেন্দীবরদলৈরযোধ্যা যোদ্ধুমশক্যা অর্থাৎ অজেয়া। নগর্য্যপি অযোধ্যানাম্নী। দৃষ্টিঃ কৃপাপাবারা কৃপাসিন্ধুরূপা দৃষ্টিঃ। নগর্য্যপি কৃপাপারাবারানাম্নী। বারাপদেন বারাণসী উপলক্ষ্যতে, যথা ভীমো ভীমসেনঃ। অথবা কৃপাপদেন কৃপাবতী পারা হারাবত্যাখ্যা, বারা বারাণসী। দৃষ্টির্মধুরা মনোহারিণী। নগর্য্যপি মধুরানাম্নী। মধুনা রাজ্ঞা আরাতা গৃহীতা ইতি ব্যুৎপত্ত্যা মধুরাপদেন মথুরা উপলক্ষ্যতে। তথাচ মধুপুরীতি সর্ব্বত্র খ্যাতা। দৃষ্টির্ভোগলতিকা কল্পক্রমরূপা। নগর্য্যপি ভোগলতিকানাম্নী। দৃষ্টিরবন্তী ভক্তরক্ষণপরা। নগর্য্যপি অবন্তীনাম্নী। অতএবাত্র চ্ছলোক্ত্যা শব্দচিত্রালঙ্কারঃ সূচিতঃ॥ ৪৯॥

জগদম্বে! তোমার দৃষ্টি অনেক অনেক বিস্তৃত গ্রাম সকল

পরাজয় করিয়াছে, অর্থাৎ যে সকল গ্রাম অতিবিস্তৃত তাহাদের বিস্তারাপেক্ষায় তোমার দৃষ্টির বিস্তার অধিক। অতএব তোমার দৃষ্টি ঐ পরাজিত গ্রাম সকলের নামে ব্যবহৃত হইতেছে, যে হেতু নগরী ও বিশালানামে প্রসিদ্ধ, তোমার দৃষ্টিও বিশালা অর্থাৎ অতিদীর্ঘা হইয়াছে এবং কল্যাণী নাম্নী একটী নগরী আছে, তোমার দৃষ্টিকেও কল্যাণী অর্থাৎ মঙ্গলকারিণী বলে। স্ফুটরুচি নামে কোনও এক নগরী আছে; তোমার দৃষ্টি ও স্ফুটরুচি অর্থাৎ সমুজ্জল শোভা বিশিষ্ট। তোমার দৃষ্টি কুবলয় অর্থাৎ রক্ত পদ্মের অযোধ্যা অর্থাৎ অসদৃশী অথবা তোমার দৃষ্টি কুবলয়ে অর্থাৎ পৃথিবীমণ্ডলে অযোধ্যা অর্থাৎ অসদৃশী। কোন এক নগরী ও অযোধ্যা নামে বিদ্যমান আছে। তোমার দৃষ্টি কৃপাপারাবারা অর্থাৎ দয়া সাগরস্বরূপা, পৃথিবীতে কৃপা, পারা এবং বারা অর্থাৎ বারাণসী নামে তিনটী নগরী ও রহিয়াছে। তোমার দৃষ্টিকে মথুরা অর্থাৎ মনোহারিণী বলিয়া থাকে; কোন এক নগরী ও মধুরা, মধুপুরী ও মথুরা নামে প্রসিদ্ধা আছে। তোমার দৃষ্টিকে ভোগলতিকা অর্থাৎ কল্পতরু স্বরূপা বলে; কোন এক নগরী ও ভোগলতিকা নামে রহিয়াছে। তোমার দৃষ্টি অবন্তী অর্থাৎ ত্রিলোকপালিনী; কোন এক নগরী ও অবন্তী নাম্নী বিদ্যমান রহিয়াছে ॥ ৪৯ ॥

কবীনাং সন্দর্ভস্তবকমকরন্দৈকরসিকং
কটাক্ষব্যাক্ষেপভ্রমরকলভৌ কর্ণযুগলম্।

অমুঞ্চন্তৌ দৃষ্ট্বা তব নবরসাস্বাদতরলা-
বসূয়াসংসর্গাদলিকনয়নং কিঞ্চিদরুণম্ ॥ ৫০ ॥

টীকা।

কবীনাং ইতি। তব অলিকনয়নং ললাটস্থং নয়নং অসূয়াসংসর্গাৎ হিংসাসম্পর্কাৎ ঈষদ্রক্তং জাতং। কথমিত্যাহ। কর্ণযুগলং অমুঞ্চন্তৌ অপরিত্যাগিনৌ কটাক্ষক্ষেপরূপভ্রমরশাবকৌ দৃষ্ট্বা। কর্ণযুগলং কিম্ভূতং, কবীনাং সন্দর্ভস্তবকমকরন্দৈকরসিকং ব্রহ্মাদীনাং নানাগুণবিশিষ্টকাব্যরচনারূপ-পুষ্পগুচ্ছস্য শৃঙ্গারাদিভাবরূপরসেন রসযুক্তং। ভ্রমরশাবকৌ কিম্ভূতৌ, নবরসাস্বাদতরলৌ। এতেন নয়নভৃঙ্গশাবকয়োঃ শ্রবণান্তত্তয়া শ্রবণযুগলস্য কাব্যরসেন সরসতয়া চ স্বভাবরক্তস্যালিকনয়নস্য অসূয়াসংসর্গতানুমীয়তে। ৫০

জগদম্বে! তোমার ললাটস্থিত নয়ন, অপর নয়নদ্বয়ের কটাক্ষপাতরূপ অলি শিশু দুটিকে, বিরিঞ্চি প্রভৃতি মহাকবিগণ কর্ত্তৃক প্রণীত মাধুর্য্যাদি নানাগুণযুক্ত কাব্যগ্রন্থরূপ পুষ্পস্তবকের শৃঙ্গারাদি নবরস রূপ মকরন্দে পরিপূর্ণ কর্ণযুগলে সংলগ্ন ও অপূর্ব্ব মকরন্দ পানে লোলুপ দেখিয়া, অসূয়া বশতঃ ঈষৎ রক্তবর্ণ হইয়াছে! ইহার তাৎপর্য্য এই যে, জগদম্বা ত্রিনয়না ইহাঁর ললাটস্থিত নয়নটী ঈষৎ রক্তবর্ণ, অপর দুটী অতিবিস্তৃত, কর্ণ পর্য্যন্তগামী। কবি এই

স্বাভাবিক অবস্থা অনুবলে পূর্ব্বোক্ত প্রকারে উৎপ্রেক্ষা করিয়াছেন ॥ ৫০ ॥

শিবে শৃঙ্গারার্দ্রা তদিতরমুখে কুৎসনপরা
সরোষা গঙ্গায়াং গিরিশনয়নে বিস্ময়বতী।
হরাহিভ্যো ভীতা সরসিরুহসৌভাগ্যজয়িনী
সখীষু স্মেরা তে ময়ি জননি দৃষ্টিঃ সকরুণা ॥৫১

টীকা।

শিবে ইতি। হে জননি! তব দৃষ্টির্ময়ি সানুকম্পাস্তু। কিম্ভূতা, শিবে শৃঙ্গারার্দ্রা শৃঙ্গারপ্রতিপাদিকা। তদিতরমুখে বীভৎসব্যঞ্জকা। গঙ্গায়াং সরোষা রৌদ্রা সপত্নীভাবাৎ। শিবনেত্রে অদ্ভুতরসযুক্তা। পদ্মগতসৌভাগ্যং জনয়িতুং শীলমস্যাঃ। পঙ্কজস্য সৌভাগ্যরূপদর্পনাশিনীত্যর্থঃ। এতেন বীরতা সূচিতা। সখীষু স্মেরা হাস্যযুক্তা। এতেন সর্ব্বরসসম্পূর্ণা তব দৃষ্টিরিতি ভাবঃ। নাট্যোক্তাঃ শৃঙ্গারাদয়োনব রসাঃ। শান্তিরসো নোক্তঃ শৃঙ্গাররসস্যাসমবায়িত্বাৎ। তদুক্তং পূর্ব্বগ্রন্থে, ন যত্র দুঃখং ন সুখং ন চিন্তা ন দ্বেষরাগৌ ন কদাচিদিচ্ছা। রসঃ স শান্তিঃ কথিতো মুনীন্দ্রৈঃ সর্ব্বেষু ভাবেষু চ সুপ্রমাণং ॥ ৫১ ॥

---

জগদম্বে! তুমি শৃঙ্গার রস পরিপূর্ণ নয়নে শিবকে, বীভৎসরস পরিপূর্ণ নয়নে অন্য সাধারণকে, রৌদ্ররস পরিপূর্ণ নয়নে সপত্নী গঙ্গাকে, অদ্ভুতরস পরিপূর্ণ নয়নে

শিবনেত্রকে, ভয়ানকরস পরিপূর্ণ নয়নে শিবের সর্পদিগকে, বীররস পরিপূর্ণ নয়নে পঙ্কজ শ্রীকে এবং হাস্যরস পরিপূর্ণ নয়নে সখীদিগকে অবলোকন করিয়া থাক, এখন সকরুণ নয়নে আমাকে অবলোকন কর। তাহা হইলে তোমার দৃষ্টিতে অষ্টরসের আবির্ভাব হয়। অর্থাৎ শৃঙ্গার বীর, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস ও রৌদ্র এই সাতটিরস পূর্ব্বোক্ত প্রকারে তোমার দৃষ্টিতে প্রকাশিত হইতেছে এক্ষণ আমাকে সকরুণ অবলোকন করিলে আমার চিত্তে শান্তিরসের উদ্রেক হইবে তবেই নবরস পরিপূর্ণ হইতে পারে ॥ ৫১ ॥

গতে কর্ণাভ্যর্ণং গরুড় ইব পক্ষ্মাণি দধতী
পুরাং ভেত্তুশ্চিত্তপ্রশমরসবিদ্রাবণফলে।
ইমে নেত্রে গোত্রাধরপতিকুলোত্তংসকলিকে
তবাকর্ণাকৃষ্ট-স্মরশরবিলাসং কলয়তঃ ॥ ৫২ ॥

টীকা।

গতে ইতি। হে ধরণিধররাজকুলশিরোভূষারূপকলিকে! তব ইমে নেত্রে আকর্ণাকৃষ্টস্মরশরবিলাসং কলয়তঃ ধত্তঃ। শরসাধর্ম্ম্যমাহ। গরুড়পক্ষ্মাণীব পক্ষ্মাণি দধতী। পুনঃ কিম্ভূতে, কর্ণবিবরং প্রাপ্তে। পুনঃ কিম্ভূতে, পুরাং ভেত্তুঃ শম্ভোশ্চিত্তপ্রশমরসস্য শান্তিরসস্য বিদ্রাবণং দূরীকরণং ফলং যয়োঃ। এতেন শম্ভোর্যোগভঙ্গে তবৈব নেত্রে কারণী ভূতে ইতি ভাবঃ ॥ ৫২ ॥

জগদম্বে! তুমি শৈলরাজকুলের শিরোভূষণ কলিকারূপা হইয়াছ, তোমার এই আকর্ণ বিস্তৃত নেত্রযুগল, খগেন্দ্রের পক্ষতুল্য পক্ষ্ম ধারণ করিয়াছে; ভগবান ত্রিপুরারির হৃদয় হইতে শান্তিরস দূর করণেরও এই নেত্রযুগলই কারণ, ইহারা শ্রবণান্ত আকৃষ্ট কামবাণের শোভা গ্রহণ করিয়াছে। অর্থাৎ তোমার এই আকর্ণ বিস্তৃত নেত্রযুগলই আকর্ণ—আকৃষ্ট কুসুমায়ুধের শর হইয়া যোগপরায়ণ পশুপতির যোগভঙ্গ করিয়াছে ॥ ৫২ ॥

বিভক্তত্রৈবর্ণ্যব্যতিকরিত-নীলাঞ্জনতয়া
বিভাতি ত্বন্নেত্রত্রিতয়মিদমীশানদয়িতে।
পুনঃ স্রষ্টুং দেবান্ দ্রুহিণহরিরুদ্রানুপরতান্
রজঃ সত্ত্বং বিভ্রত্তম ইতি গুণানাং ত্রয়মিদম্ ॥ ৫৩

টীকা।

বিভক্ত ইতি। হে ঈশানদয়িতে! বিভক্তত্রৈবর্ণ্যব্যতিকরিত নীলাঞ্জনতয়া ইদং ত্বন্নেত্রত্রিতয়ং বিভাতি। বিভক্তেন ত্রৈবর্ণ্যেন ব্যতিকরিতং বিক্ষিপ্তং নীলাম্বুজং যেন। তত্রোৎপ্রেক্ষ্যতে উপরতান্ প্রলয়ে নষ্টীভূতান্ দ্রুহিণহরিকদ্রান্ পুনঃ স্রষ্টুং রজঃ সত্ত্বং তম ইতীদং গুণানাং ত্রয়ং বিভ্রদিব। বিভক্তত্রৈবর্ণ্যমিতি কুত্রাপি পাঠঃ। নেত্রত্রিতয়ং কিম্ভূতং, ব্যতিকরিতনীলাঞ্জনতয়া বিভক্তত্রৈবর্ণ্যং চন্দ্রসূর্য্যাগ্নিরূপতয়া স্বভাবশুক্লরক্তানাং নীলাঞ্জনসম্পর্কাৎ বিভক্তত্রৈবর্ণ্যং অতএব গুণানাং ত্রয়ং বিভ্রদিত্যুপপদ্যতে। সত্ত্বং শুক্লং

দক্ষিণাক্ষি। রক্তং বামাক্ষি। তমোনীলাঞ্জনাভং ললাটাক্ষি। এতৎ পরশ্লোকে স্পষ্টীকরিষ্যতি। এতেন তব নেত্রত্রিতয়ং সৃষ্টিস্থিতিপ্রলয়কর্তৃণাং ব্রহ্মবিষ্ণুরুদ্রাণামপি কারণমিতি ভাবঃ॥ ৫৩॥

---

সদাশিবপ্রিয়তমে! তোমার এই লোচনত্রয় নীলাঞ্জন সম্পর্কবশতঃশ্বেত রক্ত ও কৃষ্ণ এইবর্ণত্রয়ে শোভিত হইয়াছে, অতএব বোধ হইতেছে যে মহাপ্রলয় সময়ে পঞ্চত্বপ্রাপ্ত ব্রহ্মা বিষ্ণু ও শিবকে পুনর্ব্বার সৃজন করার জন্যই যেন রজঃ সত্ত্ব ও তম এই গুণত্রয় ধারণ করিয়াছে। ইহার তাৎপর্য্য এই যে, রক্তবর্ণ রজোগুণ জগদম্বার দক্ষিণ নেত্র শ্বেতবর্ণ সত্ত্বগুণ জগদম্বার বামনেত্র নীলবর্ণ তমোগুণ জগদম্বার ললাটস্থিত তৃতীয় নেত্র। এই ত্রিগুণময় ত্রিনেত্র হইতেই ত্রিগুণাক্রান্ত ব্রহ্মা বিষ্ণু ও শিব এই সৃষ্টি স্থিতি প্রলয়কর্ত্তা দেবতাত্রয়ের সৃষ্টি হইয়াছে॥ ৫৩॥

পবিত্রীকুর্ব্বন্ নঃ পশুপতিপরাধীনহৃদয়ে
দয়ামিত্রৈর্নেত্রৈররুণধবলশ্যামরুচিভিঃ।
নদঃ শোণো গঙ্গা তপনতনয়েতি ধ্রুবমমুং
ত্রয়াণাং তীর্থানামুপনয়সি সম্ভেদমনঘে॥ ৫৪

টীকা।

পবিত্রীতি। হে পশুপতিপরাধীনহৃদয়ে! হে শিবায়ত্ত-চিত্তে! নোঽস্মান্ পবিত্রীকর্ত্তুং সকরুণৈর্নেত্রৈর্ন দঃ শোণো

গঙ্গা তপনতনয়েতি ত্রয়াণাং তীর্থানাং সম্ভেদমুপনয়সি ধ্রুবং তীর্থত্রয়ং প্রত্যক্ষীকরোষীত্যর্থঃ। অতএব হে অনঘে! ইতি সম্বোধনমুপপন্নং,যস্যা নয়নেষু তীর্থানি প্রত্যক্ষীভূতানি তস্যা অনঘত্বে কুত আশ্চর্য্যং। নেত্রৈঃ কিম্ভূতৈঃ, অরুণধবলশ্যামকান্তিভিস্তীর্থত্রয়ৈর্লোকান্ পুনাসীত্যর্থঃ॥ ৫৪॥

---

শিবাধীন হৃদয়ে! পুণ্যশীলে, তুমি আমাদিগকে শুচি করিবার জন্য, করুণাপূর্ণ, রক্ত, শ্বেত ও কৃষ্ণবর্ণ লোচনত্রয় দ্বারা শোণ, (নদবিশেষ) গঙ্গা এবং যমুনা এই তীর্থত্রয় একস্থানে মিলিত করিয়াছ। অর্থাৎ তোমার কপালস্থিত কৃষ্ণবর্ণ নেত্রটি যমুনাস্বরূপ, শ্বেতবর্ণ দক্ষিণ নেত্রটি গঙ্গাস্বরূপ এবং রক্তবর্ণ বামনেত্রটি শোণ নদস্বরূপ হইয়াছে, একত্র অবস্থিত ক্রলোচনত্রয় রূপ তীর্থত্রয় দ্বারা নিখিলজগৎ পবিত্র করিতেছে॥ ৫৪॥

তবাপর্ণে কর্ণেজপনয়নপৈশুন্যচকিতা
নিলীয়ন্তে তোয়ে নিয়তমনিমেষাঃ শফরিকাঃ।
ইয়ঞ্চ শ্রীর্ব্বদ্ধচ্ছদপুটকবাটং কুবলয়ং
জহাতি প্রত্যূষে নিশি চ বিঘটয্য প্রবিশতি॥ ৫৫

টীকা।

তবাপর্ণে ইতি। হে অপর্ণে! তব কর্ণেজপয়োঃ কর্ণগামিনোঃ নয়নয়োঃ পৈশুন্যেন চকিতাঃ, অসদৃশেষস্মাসু

বিরুদ্ধমাচরিষ্যতি ইতি ভীতাঃ শফরিকাঃ প্রোষ্ঠ্যঃ নিমেষ-রহিতাঃ সত্যঃ নিয়তং তোয়ে নিলীয়ন্তে লীনা ভবন্তি। কর্ণেজপত্বেনানয়োঃ খলত্বং স্পষ্টীভূতং। অন্যেঽপি ভীতা অনিমেষা ভবন্তীতি স্বভাবানিমেষণামপি মৎস্যানাং অনিমেষত্বে ভীতিঃ কারণং। ইয়ঞ্চ শ্রীঃ প্রত্যক্ষীভূতা কুবলয়শোভা প্রভাতে কুবলয়ং জহাতি। কীদৃশং বদ্ধচ্ছদ-পুটকবাটং অন্যোন্যাশ্লি .ং পত্রপুটং কবাটং যস্য। নিশি রাত্রৌ বিঘটয্য দূরীকৃত্য প্রবিশতি। অন্যেঽপি ভীতাঃ কবাটং দত্ত্বা পলায়ন্তে, রাত্রৌ কবাটং দূরীকৃত্য গৃহং প্রবিশতি ইতি ধ্বনিঃ। তব নেত্রশোভামালোক্য কুবলয়-শোভা জাতলজ্জা সতী লোকদর্শনভিয়া দিবসং কুত্রাপি গময়িত্বা রাত্রৌ গৃহমাগচ্ছতীতি ভাবঃ॥ ৫৫ ॥

অপর্ণে! আমাব বোধ হয়, শফরী মৎস্য সকল যেন তোমার কর্ণেজপ অর্থাৎ আকর্ণ বিস্তৃত নেত্র যুগলের খলতা নিবন্ধন চকিত হইয়া নিমেষ শূন্য নয়নে পলায়ন করিয়া জলমধ্যে মগ্ন হইয়া রহিয়াছে। আর উৎপলের শ্রী ও প্রতিদিন ঊষা সময়ে পত্ররূপ কবাট মুকুলিত অর্থাৎ বদ্ধ করিয়া (গৃহরূপ) উৎপল পরিত্যাগ পূর্ব্বক প্রস্থান করিয়া আবার রাত্রিকালে প্রত্যাগমন করিয়া ঐ পত্ররূপ কবাট উন্মুক্ত পূর্ব্বক ঐ উৎপলরূপ নিজগৃহে প্রবেশ করিয়া থাকে। ইহার তাৎপর্য্য এই যে জগদম্বার নেত্রযুগল শফরী মৎস্য ও কুবলয়ের শোভাকে জয় করিয়াছে। নেত্রযুগল

আকর্ণগামী হইয়াছে বলিয়া কর্ণে জপ অর্থাৎ খলরূপে আরোপিত হইয়াছে যেমন খল মনুষ্য সর্ব্বদা রাজার কর্ণে মন্ত্রণা দিয়া অপর কোন ব্যক্তিকে দোষী নির্ব্বাচিত করাইয়া থাকে ঐ খলের ভয়ে অপর ব্যক্তি ভীত হইয়া নির্নিমেষ নয়নে পলায়ন পূর্ব্বক গুপ্তস্থানে অবস্থিতি করে তেমন শফরী সকল, জগদম্বার আকর্ণগামী নয়নযুগলের ভয়ে পলায়ন পূর্ব্বক নিমেষরহিত নয়নে জলমধ্যে লুকাইয়া রহিয়াছে। আর যেমন কোনও পরাভূত ব্যক্তি পরাভবকারীর ভয়ে দিবসে নিজভবন দ্বার রুদ্ধ করিয়া স্থানান্তরে পলায়ন করিয়া যায়, পরে আবার রজনীযোগে প্রত্যাগমন করিয়া দ্বারউন্মুক্ত করিয়া স্বীয় ভবনে প্রবেশ করে তদ্রূপ জগদম্বার নয়নশোভা কর্ত্তৃক পরাজিত কুবলয়—শোভা প্রভাত সময়ে দলরূপ কবাট বদ্ধ করিয়া কুবলয় রূপ ভবন হইতে স্থানান্তরে প্রস্থান পূর্ব্বক দিবাভাগ যাপন করিয়া পুনর্ব্বার সন্ধ্যা সময়ে আসিয়া ঐ কুবলয়রূপ ভবনে থাকিয়া রাত্রিকাল অতিবাহিত করিয়া থাকে। অর্থাৎ দিবাতে কুবলয় মুদ্রিত হইয়া যায় এবং রাত্রিযোগে বিকাশিত হয়, শফরী মৎস্য সকল ও সময়-বিশেষে স্থির হইয়া জলমধ্যে অবিরত অবস্থিতি করে এই দুই বিষয় অবলম্বনে কবি ঐরূপ উৎপ্রেক্ষাকরিয়াছেন॥ ৫৫

নিমেষোন্মেষাভ্যাং প্রলয়মুদয়ং যাতি জগতী
তবেত্যাহুঃ সন্তো ধরণিধররাজন্যতনয়ে।
ত্বদুন্মেষাজ্জাতং জগদিদমশেষং প্রলয়তঃ
পরিত্রাতুং শঙ্কে পরিহৃতনিমেষাস্তব দৃশঃ॥ ৫৬॥

টীকা।

নিমে ইতি। হে ধরণিধররাজন্যতনয়ে! তব নিমিষোন্মেষাভ্যাং তব চক্ষুষোঃ নিমীলনোন্মীলনাভ্যাং জগতী প্রলয়ং উদয়ঞ্চ যাতি ইতি জ্ঞানিনো বদন্তি। অতস্ত্বদুন্মেষাজ্জাতং ইদং জগৎ প্রলয়তঃ পরিত্রাতুং তব দৃশঃ পরিহৃতনিমেষা অনিমেষা ইত্যহং শঙ্কে ॥ ৫৬ ॥

গিরিরাজসুতে! পণ্ডিত গণ বলিয়া থাকেন যে, তোমার নয়নের উন্মীলন দ্বারাই এই বিশ্বসংসার সৃজন হইয়া থাকে এবং নিমীলন দ্বারাই লয় পাইয়া থাকে! অতএব বিবেচনা হয় যে, উন্মেষ নিবন্ধন উৎপন্ন এই ত্রিলোককে সংহার হইতে ত্রাণ করার জন্যই যেন তোমার নয়নত্রয় নিমেষরহিত হইয়া বিরাজ করিতেছে। ইহারতাৎপর্য্য এই যে জগদম্বার নয়নত্রয় ত্রিগুণময় ইহা পূর্ব্বেই বর্ণিত হইয়াছে যখন ঐ নয়নরূপ ত্রিগুণের উন্মেষ অর্থাৎ সাম্যাবস্থা না থাকে তখনই বিশ্বসংসারসৃজন হইয়া থাকে আর যখন ঐ গুণত্রয় সাম্যাবস্থা প্রাপ্তহয় তখনই এই বিশ্বসংসার বিলীন হইয়া থাকে ॥ ৫৬

দৃশা দ্রাঘীয়স্যা দরদলিতনীলোৎপলরুচা
দবীয়াংসং দীনং স্নপয় কৃপয়া মামপি শিবে।
অনেনায়ং ধন্যো ভবতি ন চ তে হানিরিয়তা
বনে বা হর্ম্ম্যে বা সমকরনিপাতো হিমকরঃ ॥৫৭

## টীকা।

দৃশা ইতি। হে শিবে! হে কল্যাণদায়িনি! দবীয়াংসং দুরস্থং মাং কৃপয়া দ্রাঘীয়স্যা দীর্ঘতরয়া দৃশা স্নপয় পবিত্রীকুরু। দ্রাঘীয়স্যা ইত্যনেন দূরস্থস্যাপি স্নপনযোগ্যতা সূচিতা। মাং কিম্ভূতং, দীনং সংসারদুঃখসন্তপ্তং। দৃশা কিম্ভূতয়া, ঈষদ্বিকসিতনীলাম্বুজকান্ত্যা। এতেন তাপহরণযোগ্যতা সূচিতা। অনেন দৃষ্টিপাতেন অয়ং জনো ধন্যঃ কৃতার্থো ভবতি। ইয়তা এবম্ভূতেন কর্ম্মণা তবাপি কিঞ্চিৎ হানির্নাস্তি। অর্থান্তরোপন্যাসেন তদেব দ্রঢ়য়তি বনেতি। বাশব্দঃ সমুচ্চয়ে। হিমকরশ্চন্দ্রঃ বনহর্ম্ম্যয়োঃ সমকরনিপাতো ভবতি। অত্র সুধাকরাদিশব্দেষু সৎস্থু হিমকরশব্দস্যায়ম্ভাবঃ। অহিতকয়োঽপি লোকানাং পীড়াকরোঽপি পক্ষপাতং ন করোতি ত্বন্তু শিবা লোকানাং কল্যাণদায়ী অতএব সুতরাং তব পক্ষপাতো নোচিত ইতি॥ ৫৭॥

---

ক্ষেমঙ্করি! তুমি দয়াপুরঃসর কিঞ্চিৎ প্রস্ফুটিত কুবলয়ের তুল্য শোভা সম্পন্ন সুবিশাল নয়নে ভবদুঃখসন্তপ্ত অতিদূরস্থ এই সন্তানকে অবলোকন করিয়া পবিত্র কর। তোমার অবলোকন হইলেই এই দীন চরিতার্থ হইবে, দূরস্থ এই দাসেরপ্রতি দৃষ্টিপাতকরিলে তোমার কোন ক্ষতি সম্ভাবনা ও নাই। সুধাংশু প্রসাদে কি অরণ্যে সর্ব্বত্রই তুল্যরূপে সুধাময় কিরণ নিকর বিস্তার করেন, ইহাতে কি তাঁহার কিছু ক্ষতি হইয়া থাকে? অর্থাৎ সুধাংশু যমন সমীপস্থ কি দূরস্থ কানন কি রাজভবন শুচিস্থান

কি অশুচিস্থান সর্ব্বত্রই সমভাবে পীযূষময় কিরণ জাল বিস্তার করিয়া থাকেন তোমার ও সেইরূপ জ্ঞানী কি অজ্ঞানী সাধারণ সন্তানকেই সমভাবে দৃষ্টি করা বিধেয় ॥ ৫৭

অরালং ভ্রূপালীযুগলমগরাজন্যতনয়ে
ন কেষামাধত্তে কুসুমশরকোদণ্ডকুতুকম্ ।
তিরশ্চীনো যত্র শ্রবণপথমুল্লঙ্ঘ্য বিলসন্
অপাঙ্গব্যাসঙ্গো দিশতি শরসন্ধানধিষণাম্ ॥ ৫৮

টীকা।

হে পর্ব্বতরাজন্যকন্যে ! তে তব কুটিলং পালীযুগলং কর্ণবেষ্টনযুগলং। পালী কর্ণলতাগ্রে তু পংক্ত্যাবঙ্কপ্রদেশয়োরিতি ধরণিঃ। কেষাং মনসি কন্দর্পধনুঃকৌতুকং ন আধত্তে। ভ্রূপালীতি পাঠে ভ্রুবোরঙ্কপ্রদেশযুগলমিত্যর্থঃ। যত্র তির্য্যক্ অপাঙ্গব্যাসঙ্গঃ কটাক্ষবিক্ষেপঃ শ্রবণপথমুল্লঙ্ঘ্য শরসন্ধানবুদ্ধিং দিশতি ॥ ৫৮ ॥

গিরীন্দ্র বালিকে ! তোমার এই কুটিল ভ্রূযুগল ( দর্শন করিলে ) কাহারই বা কামকোদণ্ড দর্শন জনিত আনন্দের তুল্য আনন্দ অনুভব না হইয়া থাকে। তোমার কটাক্ষপাত সময়ে ঐভ্রূযুগল শ্রবণসীমা অতিক্রম করিতে প্রবৃত্ত হয়, অতএব দর্শকবৃন্দের চিত্তে যেন, 'শরসন্ধান হইতেছে' এরূপ জ্ঞান জন্মাইয়া থাকে। ৫৮

স্ফুরদ্গণ্ডাভোগপ্রতিফলিততাড়ঙ্কযুগলং
চতুশ্চক্রং শঙ্কে তব মুখমিদং মান্মথরথম্।
যমারুহ্য ক্রুহ্যত্যবনিরথমর্কেন্দুচরণং
মহাবীরো মারঃ প্রমথপতয়ে সংজিতবতে ॥ ৫৯ ॥

টীকা।

স্ফুরদিতি। তব মুখং চতুশ্চক্রং মন্মথরথং ইতি শঙ্কে। চক্রসঙ্গতিমাহ, কিম্ভূতং মুখং, স্ফুরদ্গণ্ডাভোগপ্রতিফলিততাড়ঙ্কযুগলং স্ফুর্জ্জমানগণ্ডাভোগয়োঃপ্রতিবিম্বিতং তাড়ঙ্কযুগলং যত্র। এতেন তাড়ঙ্কদ্বয়ং তৎপ্রতিবিম্বদ্বয়ঞ্চ ইতি চতুশ্চক্রং। যং রথং আরুহ্য মহাবীরো মারঃ প্রমথপতয়ে মহাদেবায় ক্রুহ্যতি হিনস্তি। কিম্ভূতায় অবনিরথং পৃথ্বীরথং অর্কেন্দুচরণং চন্দ্রসূর্য্যচক্রং আরুহ্য সং জিতবতে সং গ্রামং জিতবতে। আরুহ্যেত্যস্য উভয়ত্র সম্বন্ধঃ। যমাশ্রিত্যেতি কুত্রাপি পাঠঃ। তত্র যং পৃথ্বীরথং আশ্রিত্য ইতি অন্বয়ঃ॥ ৫৯

জগদম্বে! তোমার কর্ণভূষণ তাড়ঙ্কযুগল লাবণ্যপূর্ণ বিমল কপোলযুগলে প্রতিফলিত হইয়াছে অতএব বিবেচনা করি যে, তোমার এই বদনমণ্ডলই কুসুমায়ুধের চক্রচতুষ্টয় সুশোভিত রথখানি হইবে। বীরচূড়ামণি কুসুমায়ুধ ও ঐরথ আরোহণ করিয়াই চন্দ্রমণ্ডল ও সূর্য্যমণ্ডলরূপ চক্রদ্বয়ে সুশোভিত মেদিনীরূপ রথে আরোহণ পূর্ব্বক সংগ্রামোন্মুখ ভূতভাবন প্রমথনাথকে পরাভব করিতে

চেষ্টিত হইয়াছেন। অর্থাৎ পুর্ব্বপরাজিত পঞ্চশর সংপ্রতি জগদম্বার মুখমণ্ডল রূপ চতুশ্চক্রসুশোভিত রথ আরোহণ করিয়া দ্বিচক্ররথারোহী পশুপতিকে পরাজয় করিতে প্রবৃত্ত হইয়াছেন। ৫৯

সরস্বত্যাঃ সূক্তীরমৃতলহরীকৌশলভিদঃ
পিবন্ত্যাঃ সর্ব্বাণি শ্রবণচুলুকাভ্যামবিরতম্।
চমৎকারশ্লাঘাচলিতশিরসঃ কুণ্ডলগণো
ঝণৎকারৈস্তারৈঃ প্রতিবচনমাচষ্ট ইব তে॥ ৬০ ॥

টীকা।

সর ইতি। হে সর্ব্বাণি! সরস্বত্যাঃ সূক্তীঃ গদ্যপদ্যাদিরূপাঃ শ্রবণচুলুকাভ্যাং শ্রবণাঞ্জলিভ্যাং অবিরতং পিবন্ত্যাস্তব কুণ্ডলগণঃ কুণ্ডলস্থরত্নসমূহঃ ঝণৎকারৈস্তারৈর্ঝণৎকাররূপৈরুচ্চৈঃ শব্দৈঃ প্রতিবচনমাচষ্ট ইব। সূক্তী কিম্ভূতাঃ, অমৃতলহরী-কৌশলভিদঃ অমৃতস্যাঃ পর্য্যাপ্তমাধুর্য্যগর্ব্বনাশিকাঃ। কোষসদৃশীরিতি কুত্রাপি পাঠঃ। তত্র অমৃতভাণ্ডারসদৃশীরিত্যর্থঃ। তব কিম্ভূতায়াঃ, চমৎকারশ্লাঘাচলিতশিরসঃ চমৎকারেণ যা শ্লাঘা প্রশংসা তয়া চলিতং শিরো যস্যাঃ। অন্যোঽপি সাধুবাচিকং শ্রুত্বা শিরঃকম্পনেনানুমোদতে। তব তু শিরঃকম্পনাৎ কুণ্ডলস্থরত্নানামন্যোন্যসংঘট্টনাৎ ঝণৎকারাদিসাধনুকরণশব্দেন বিচিত্রং প্রত্যুত্তরমপি ভবতীতি ভাবঃ॥ ৬০

---

সর্ব্বাণি! সরস্বতী দেবীর গদ্যপদ্যময় প্রবন্ধ সকল

অমৃতলহরীর ও গর্ব্ব খর্ব্বিত করিয়া থাকে, তুমি সেই প্রবন্ধসকল শ্রবণরূপ অঞ্জলি দ্বারা পান করাতে নিরতিশয় আমোদ হেতুক প্রশংসাবাদ নিবন্ধন তোমার মস্তক চালিত হওয়ায় বিবেচনা হয়, যেন কর্ণাভরণ কুণ্ডল সকল ঝণৎকার স্বরূপ উচ্চৈঃস্বরে ত্বদুক্ত প্রশংসাসূচক বাক্য সকলের প্রত্যুত্তর করিয়া অনুমোদন করিতেছে। ইহার তাৎপর্য্য এই যে যেমন কোন মহানুভব ব্যক্তি কোন একটী সুশ্রাব্য সঙ্গীতাদি শুনিয়া আনন্দ বশতঃ মস্তক সঞ্চালন পূর্ব্বক প্রশংসাবাদ করিতে থাকেন এবং তাঁহার অনুগত ব্যক্তিরা ও তাহাতে অভিমত প্রকাশ করিতে প্রবৃত্তহন, সেইরূপ জগদম্বার আনন্দ জনিত মস্তক সঞ্চালন নিবন্ধন কুণ্ডলাভরণ ঝণৎকার রূপ প্রতিবচন দ্বারা অভিমত জানাইতেছে। ৬০

অসৌ নাসাবংশস্তুহিনগিরিবংশধ্বজপটে
ত্বদীয়ো নেদীয়ঃ ফলতু ফলমস্মাকমুচিতম্।
বহন্নন্তর্ম্মুক্তাঃ শিশিরতরনিঃশ্বাসঘটিতাঃ
সমৃদ্ধ্যা যস্তাসাং বহিরপি চ মুক্তামণিধরঃ॥ ৬১॥

টীকা।

অসাবিতি। হে তুহিনগিরিবংশধ্বজপটে! হিমালয়কুলপতাকে! অত্র বংশশব্দ শ্লেষঃ। হে হেমগিরিজাতবংশদণ্ডপতাকে! ত্বদীয়ো নাসাবংশঃ নেদীয়ো নিকটতরং অস্মাকং উচিতং ভক্ত্যনুরূপং ফলং ফলতু নিষ্পাদয়তু। সগ্রন্থি-

সরন্ধ্রনস উচ্চতরত্বাৎ নাসিকায়া বংশত্বপ্রতিপাদনং। ফলধারণযোগ্যতামাহ, কিম্ভূতঃ, অন্তর্গর্ভে মুক্তাফলানি বহন্। তদুক্তং, ইন্তানা কৈবমৎস্যানাং শীর্ষে মুক্তাফলোদ্ভবঃ। শম্বূকবংশশঙ্খানাং গর্ভে মুক্তাফলোদ্ভব ইতি। গর্ভস্থা মুক্তাঃ কথং জ্ঞাতাঃ, ইত্যাহ, শৈত্যাতরনিঃশ্বাসেন বিদিতাঃ। বংশোদ্ভবা মুক্তাঃ শীতলা ভবন্তীতি ভাবঃ। যো নাসাবংশস্তেষাং গর্ভস্থিতানাং মুক্তাফলানাং সমৃদ্ধ্যা বাহুল্যাং বহিরপি মুক্তামণিং বিভর্ত্তি অর্থাদন্তর্মুক্তাফলানাং বাহুল্যাৎ নিঃশ্বাসবাতেন কিঞ্চিদপি বহিষ্কৃতমিত্যুৎপ্রেক্ষ্যতে॥ ৬১॥

জগদম্বে! তুমি গিরিরাজবংশে পতাকা স্বরূপা হইয়াছ। তোমার এই নাসারূপ বংশ আমাদিগকে ভক্তাস্বরূপ ফল প্রদান করুন। তোমার এই নিঃশ্বাসের শীতলতা নিবন্ধন বোধ হইতেছে যে, ঐ নাশাবংশের অন্তরে মুক্তাফল রহিয়াছে বলিয়া, বহির্দেশে অর্থাৎ নাশাবিবরের সম্মুখে আসিয়া উহার একটী রহিয়াছে। ৬১

প্রকৃত্যা রক্তায়াস্তব সুদতি দন্তচ্ছদরুচে-
র্ব্বরাকী সাদৃশ্যং জনয়তু কথং বিদ্রুমলতা
ন বিম্বং তদ্বিম্বপ্রতিফলনলাভাদরুণিতং
তুলামধ্যারোঢ়ুং কথমপি বিলজ্জেত কলয়া॥ ৬২

টীকা।

প্র কৃত্যা ইতি। হে সুদতি! তব স্বভাবরক্তায়া দন্তচ্ছদরুচেঃ ওষ্ঠাধরশোভায়াঃ সাদৃশ্যং বরাকী নিকৃষ্টা বিক্রমলতা প্রবাললতা কথং জনয়তু তুল্যতাং যাতু। লতাশাদৃশ্যযোগ্যা তায়া অবিহিতত্বাৎ ইতি ভাবঃ। বিম্বং বিম্বফলং "তেলাকুচা" ইতি খ্যাতম্। ওষ্ঠাধরয়োঃ কলয়া অংশেন তুলামধ্যারোঢ়ুং তুল্যতাং গন্তুং কথং ন লজ্জতে? অপি তু লজ্জেতৈব। কিম্ভূতং, ওষ্ঠাধরবিম্বপ্রতিবিম্বলাভাদরুণিতম্। অর্থাৎ স্বভাবতঃ শ্যামং বিম্বফলং ত্বদধরপ্রতিবিম্বলাভাদরুণিতং ভবতীতি ভাবঃ। জনয়তু ইত্যত্র কলয়তু ইতি পঞ্চাননঃ। বিলজ্জেত ইত্যত্র বিবর্জ্জেত ইতি প্রাঞ্চঃ। তদ্বিম্ব ইত্যত্র দৃগ্বিম্ব ইতি কৈবল্যাশ্রমঃ। তত্র তব দৃশঃ অর্কাত্মকত্বাৎ অর্কতেজসা অরুণিতমিতি স্বভারারুণস্যাধরস্য নায়ং তুল্য ইতি ভাবঃ। ৬২

শোভন দশনে! তোমার এই ওষ্ঠাধর কান্তি স্বভাবতই রক্তবর্ণ অত এব অতিক্ষুদ্রা প্রবাললতা কি প্রকার উহার তুলনা লাভ করিবে। আর যে স্বাভাবিক কৃষ্ণবর্ণ বিম্বফল ঐ ওষ্ঠাধরের প্রতিবিম্বতা লাভ করিয়া অরুণবর্ণ হইয়াছে অতএব সে উহার কলামাত্র তুলনা লাভেচ্ছু হইলেও সাতিশয় লজ্জাস্পদ হইবে। ৬২

স্মিতজ্যোৎস্নাজালং তব বদনচন্দ্রস্য পিবতাং
চকোরাণামাসীদতিরসতয়া চঞ্চুজড়িমা।

অতস্তে শীতাংশোরমৃতলহরীমম্লরুচয়ঃ
পিবন্তি স্বচ্ছন্দং নিশি নিশি ভৃশং কাঞ্জিকধিয়া ৬৩

টীকা।

স্মিত ইতি। তব বদনচন্দ্রস্য স্মিতজ্যোৎস্নাসমূহং পিবতাং চকোরাণাং অতিমাধুর্য্যতয়া জিহ্বাজাড্যঃমাসীৎ। অতঃ কারণাৎ তে চকোরা অম্লরুচয়ঃ সন্তঃ শীতাংশোরমৃতলহরীং কিরণসমূহং কাঞ্জিকধিয়া স্বচ্ছন্দং প্রতিরাত্রং পিবন্তি। অম্লেন জিহ্বায়া জাড্যনাশো ভবতীতি ভাবঃ। এতেন পূর্ণচন্দ্রাদপি তব বদনস্যাধিক্যম্। ৬৩

জগদম্বে! চকোরবৃন্দ ত্বদীয় বদন সুধাকরের মৃদু-মৃদুহাসরূপ সুমধুর চন্দ্রিকানিকর পান করিয়াছে বলিয়া তাহাদের রসনায় জড়তা হইয়াছে অতএবই তাহারা অম্লরসে লোলুপ হইয়া কাঞ্জিক বিবেচনাতে প্রতিরাত্র চন্দ্রমণ্ডল হইতে গলিত পীযূষলহরী পান করিতেছে। ৬৩

অবিশ্রান্তং পত্যুর্গুণগণকথাম্রেড়নজড়া
জবাপুষ্পচ্ছায়া তব জননি জিহ্বা বিজয়তে।
যদগ্রাসীনায়াঃ স্ফটিকদৃশদচ্ছচ্ছবিময়ী
সরস্বত্যা মূর্ত্তিঃ পরিণমতি মাণিক্যবপুষা॥ ৬৪॥

অবিশ্রান্তমিতি! হে জননি! তব জিহ্বা বিজয়তে উৎকর্ষেণ বর্ত্ততে। কিম্ভূতা, জবাপুষ্পকান্তিঃ। পুনঃ কিম্ভূতা, স্বামিনো গুণকথনপৌনঃপুন্যেন জড়ীভূতা। আহ্লাদাতিশয়েনেতি ভাবঃ। অস্যা অগ্রস্থিতায়াঃ সরস্বত্যা দৃশদচ্ছচ্ছবিময়ী দশনজ্যোতীরূপা মূর্ত্তিঃ মাণিক্যবপুষা লোহিতমণিরূপেণ পরিণমতি পরিণতিং প্রাপ্নোতি। কিম্ভূতা, স্ফটিকশদৃশী। যথা স্ফটিকং জবাপুষ্পমাসাদ্য দর্শনীয়তাং প্রাপ্নোতি তথা সরস্বতী জিহ্বাগ্রমাসাদ্য রক্তাবয়বতাং যাতীত্যর্থঃ॥ ৬৪

জগদম্বে! তোমার রসনা জয়লাভ পূর্ব্বক বিরাজ করুক। এই রসনা জবাপুষ্পের ন্যায় রক্তবর্ণা এবং অবিরত পতির গুণ বর্ণনা বশত জড়তা লাভ করিয়াছে। ইহার অগ্রদেশে বিরাজমানা স্ফটিকের ন্যায় বিমলকান্তিমতী বাগেদবীর প্রতিমূর্ত্তি লোহিতমণিরূপে পরিণতা হইয়াছে। ইহার তাৎপর্য্য এই যে অতিধবলা দশনকান্তিরূপা বাগ্দেবীর প্রতিমূর্ত্তি জবাপুষ্পের ন্যায় লোহিতবর্ণা রসনার নিকটে বিরাজ করাতে রক্তিমাকার লাভ করিয়াছে। ৬৪

রণে জিত্বা দৈত্যানপগতশিরস্ত্রৈঃ কবচিভি-
র্নিবৃত্তৈশ্চণ্ডাংশুত্রিপুরহরনির্ম্মাল্যবিমুখৈঃ।
বিশাখেন্দ্রোপেন্দ্রৈঃ শশিশকলকর্পূরধবলা
বিলুপ্যন্তে মাতস্তব বদনতাম্বূলকণিকা॥ ৬৫॥

## টীকা।

রণে ইতি। হে মাতঃ! তববদনতাম্বুলকণিকাঃ বিরিঞ্চী-ন্দ্রোপেন্দ্রৈর্ব্বিলুপ্যন্তে। কিম্ভূতাঃ শশিখণ্ডবৎ কর্পূরেণ ধবলাঃ। বিশদতরকর্পূরশবলা ইতি পীতাম্বরঃ। বিশাখে-ন্দ্রোপেন্দ্রৈরিতি চ। পুনঃ কিম্ভূতৈঃ, রণে দৈত্যান্ জিত্বা নিবৃত্তৈঃ জয়যুক্তৈঃ কবচিভিঃ কবচযুক্তৈঃ। কিম্ভূতৈঃ, চণ্ডাংশুত্রিপুরহরনির্ম্মাল্যবিমুখৈঃ। ব্রহ্মরূপয়োরপি শ্রীসূর্য্য-সদাশিবয়োর্নির্ম্মাল্যবিমুখৈঃ। অপগতশিরস্ত্রৈঃ তবাভিবাদনহেতুনা দূরীকৃত শিরোবেষ্টনৈঃ। তব নির্ম্মাল্যশেষেণ সর্ব্বেষাং পূজনং ভবতীতি সূচিতং। তদুক্তং যামলে নৈবেদ্যং ত্রিপুরাদেব্যা বাঞ্ছন্তি বিবুধাঃ সদা। তস্মাদ্দেয়ং কুরুশ্রেষ্ঠ ব্রহ্মণে বিষ্ণবেঽপি চ ইত্যাদি॥ ৬৫

বিশ্বপ্রসূতে! বিরিঞ্চি, সুরেন্দ্র ও উপেন্দ্র ইহাঁরা সমরক্ষেত্রে দানবদিগকে পরাজিত করিয়া জয়ধ্বনিপূর্ব্বক প্রত্যাগত হইয়া কবচাবৃত কলেবরেই স্ব স্ব শিরোভূষণ ভূমিষ্ঠ করিয়া সূর্য্যদেব ও ত্রিপুরারির নির্ম্মাল্য ধারণে নিবৃত্ত হইয়া তোমার মুখ নিঃসৃত চন্দ্রকলার তুল্য কর্পূরে ধবলীকৃত তাম্বূল কণিকা ভক্ষণ করিয়া থাকেন। ইহার তাৎপর্য্য এই যে, জগদম্বার প্রণামপূর্ব্বক তদীয় প্রসাদ গ্রহণ করিলেই নিখিল দেবতাগণের আরাধনা হইয়া থাকে। ৬৫

বিপঞ্চ্যা গায়ন্তী বিবিধমবদানং পশুপতে-
স্ত্বয়ারব্ধে বক্তুং চলিতশিরসা সাধুবচনৈঃ।
তদীয়ৈর্ম্মাধুর্য্যৈরপলপিততন্ত্রীকলরবাং
নিজাং বীণাং বাণী নিচুলয়তি চোলেন নিভৃতম্ ৬৬

টীকা।

বিপঞ্চ্যেত্যাদি। হে মুগ্ধবদনে! পশুপতেঃ শিবস্য বিবিধমবদানং নানাবিধং কর্ম্ম বিপঞ্চ্যা বীণয়া গায়ন্তী বাণী হর্ষাচ্চলিতশিরসা ত্বয়া বক্তুংআরব্ধে সতি অর্থাৎ পশুপতেঃ কর্ম্ম ত্বয়া কথয়িতুমারব্ধে সতি নিজাং বীণাং নিভৃতং যথা স্যাত্তথা চোলেন বাসসা বাণী নিচুলয়তি আচ্ছাদয়তি। বীণাং কিম্ভূতাং, তদীয়ৈর্ম্মাধুর্য্যৈঃ অপলপিতং খণ্ডিতং তন্ত্রীকলরবং যস্যাঃ তাং তথা। বীণারবাৎ বীণাশব্দাদপি মধুরাং তব বাণীং শ্রুত্বা লজ্জয়া বীণাং সংবৃণোতীতি বাক্যার্থঃ। ত্বদীয়ৈর্ম্মাধুর্য্যৈরিতি পঞ্চাননঃ॥ ৬৬

মুগ্ধাননে! যখন বাগ্দেবী সরস্বতী ভূতনাথের নানাবিধ বিমলা চরিতাবলী স্বকীয় বীণা দ্বারা গান করিতে আরম্ভ করেন, তখন তুমি মস্তক সঞ্চালনপূর্ব্বক "সাধু গীয়তে সাধু গীয়তে" ইত্যাকার সাধুবাদ প্রদান করিতে থাক, ঐ সময়ে তোমার সাধুবাদের সুমধুরতায় বীণাযন্ত্রের কলরব পরাভূত দেখিয়া ভগবতী ভারতী স্বকীয় বীণাযন্ত্রকে বস্ত্র দ্বারা সমাবৃত করিয়া থাকেন। ইহার তাৎপর্য্য এই যে জগদা' কণ্ঠস্বর বীণাধ্বনি অপেক্ষাও সুমধুর। ৬৬

করাগ্রেণ স্পৃষ্টং তুহিনগিরিণা বৎসলতয়া
গিরীশেনোদস্তং মুহুরধরপানাকুলিতয়া।
করগ্রাহ্যং শম্ভোর্ম্মুখমুকুরবৃন্তং গিরিসুতে
কথঙ্কারং ব্রূমস্তব চিবুকমৌপম্যরহিতম্॥ ৬৭॥

টীকা।

করাগ্রেণেতি। হে হিমগিরিসুতে! উপমানশূন্যং তব চিবুকং কথংকারং ব্রূমঃ কিং কৃত্বা বর্ণয়ামঃ। কিম্ভূতং, শম্ভোঃ করগ্রাহ্যং মুখদর্পণস্য বৃন্তমিব। অতিনির্ম্মলতয়া তব মুখস্য দর্পণত্বং তদ্দণ্ডমিব। পুনঃ কীদৃশং? হিমগিরিণা বৎসলতয়া করাগ্রেণ স্পৃষ্টং। পুনঃ কিম্ভূতং, অধরপানসম্ভ্রমেণ শম্ভুনা মুহুর্ব্বারং বারং উদস্তং উত্তোলিতং। এবম্ভূতে জগদম্বিকায়াঃ শৃঙ্গারবর্ণনে শঙ্করমূর্ত্তেঃ শঙ্করস্য কুতো দোষঃ॥ ৬৭

নগেন্দ্রনন্দিনি! ভগবান্ চন্দ্রশেখর ত্বদীয়বদনরূপ দর্পণের দণ্ডস্বরূপ ঐ চিবুককে পাণিপল্লবে ধারণ করিতেছেন, এবং অধরপানে মত্ত হইয়া আবার বার বার উহাকে উত্তোলিত করিতেছেন। শৈলরাজ স্নেহনিবন্ধন উহাকে করাগ্রে স্পর্শ করিয়া থাকেন। এই ব্রহ্মাণ্ডে এরূপ কোন পদার্থ লক্ষ্য হইতেছে না যে, সেই পদার্থ তোমার চিবুকের তুলনা ভাজন হইতে পারে। অতএব আমরা ইহাকে কিপ্রকার বর্ণন করিব। ৬৭

ভুজাশ্লেষান্নিত্যং ত্রিপুরদময়িতুঃ কণ্টকবতী
তব গ্রীবা ধত্তে মুখকমলনালশ্রিয়মিয়ম্।
স্বতঃ শ্বেতা কালাগুরুবহলজম্বালমলিনা
মৃণালীনাং নিত্যং বহতি যদহো হারলতিকা ॥৬৮

টীকা।

ভুজা ইতি। তব গ্রীবা মুখপদ্মদণ্ডশোভাং ধত্তে। শম্ভোরালিঙ্গনেন নিত্যং কণ্টকবতী আনন্দপুলকেন রোমাঞ্চিতা। অন্যোঽপি পদ্মদণ্ডঃ কণ্টকযুক্তো ভবতি। অহো আশ্চর্য্যং যদ্ যস্মাৎ হারলতিকা মৃণালীনাং সৌন্দর্য্যং বহতি। কিম্ভূতা, স্বতঃশ্বেতা স্বভাবশুক্লা। কালাগুরুবহলজম্বালমলিনা কস্তূর্য্যগুরুনিবিড়পঙ্কেন মলিনা। অন্যাপি মৃণালী স্বভাবশুক্লা পঙ্কাদিমলিনা ভবতি ॥ ৬৮

জগদম্বে! তোমার এই গ্রীবা ত্বদীয় বদনারবিন্দের মৃণাল তুল্য শোভা ধারণ করিয়াছে। যেহেতু ত্রিপুরারির ভুজাশ্লেষ নিবন্ধন উহাকে কণ্টকিতা দেখা যায় এবং তোমার হারলতিকা স্বভাবতঃ শ্বেতবর্ণা হইয়া ও কস্তূরী অগুরু প্রভৃতিরূপ পঙ্ক দ্বারা মলিনা হইয়া মৃণালিনীর সৌন্দর্য্য বহন করিতেছে। ইহার তাৎপর্য্য এই যে, মৃণালিনী যেমন স্বভাবতঃ শুক্লবর্ণা হইয়া ও কর্দ্দমাদি সম্পর্কে মলিনা হইয়া থাকে এবং তাহার মৃণালদণ্ড কণ্টকনিকরে আবৃত হয় সেইরূপ জগদম্বার গ্রীবা ও শিবের ভুজা-

লিঙ্গন নিবন্ধন রোমাঞ্চরূপ কণ্টক ধারণ করিয়াছে এবং উহাতে অবলম্বিত হারলতিকা কস্তূরী প্রভৃতিরূপ কর্দ্দম দ্বারা মলিনা হওয়ায় মৃণালিনীর সাদৃশ্যলাভ করিয়াছে। ৬৮

গলে রেখাস্তিস্রো গতিগমকগীতৈকনিপুণে
বিবাদব্যানদ্ধপ্রগুণগুণসংখ্যাপ্রতিভুবঃ।
বিরাজন্তে নানাবিধমধুররাগাকরভুবাং
ত্রয়াণাং গ্রামাণাং স্থিতিনিয়মসীমান ইব তে ॥৬৯

টীকা।

গলে ইতি। গতিগমকযুক্তগানকুশলে! তব গলে তিস্রো রেখা বিরাজন্তে। কথম্ভূতাঃ, ত্রয়াণাং গ্রামাণাং তারঘোরমন্দ্রাণাং স্থিতিনিয়মসীমান ইব। তাবৎ ত্বমত্র তিষ্ঠ ত্বমত্র তিষ্ঠেতি যন্নিয়মনং তস্য সীমান ইব। কিম্ভূতানাং, নানাপ্রকারমধুররাগাণাং বসন্তপ্রভৃতীনাং আকারভুবাং জন্মস্থানানাং। রেখাঃ কিম্ভূতাঃ, বিবাদায় ব্যানদ্ধঃ সম্বন্ধঃ যঃ প্রগুণগণঃ তস্য সংখ্যাসূচিকাঃ। দেব্যাঃ কণ্ঠগলেভ্যঃ অন্যেষাং পিকাদীনাং কণ্ঠগলং তুচ্ছং ইতি ভাবঃ। বিবাহব্যানদ্ধত্রিগুণগণসংখ্যেতি কৈবল্যাশ্রঃ। তদাকারমর্থঃ। বিবাহকালে মাত্রাবদ্ধং যত্রিগুণীকৃতং সৌভাগ্যসূত্রং তস্য সূচিকাঃ। ত্বৎপরা স্বামিনঃ সুভগা নাস্তীত্যঙ্কত্রয়ং যতঃ স্বামিনঃ অর্দ্ধাঙ্গরূপাসি ॥ ৬৯ ॥

জগদম্বে! তোমার ঐ গতিওগমকমিলিত গানবিষয়ে

সুদক্ষ কণ্ঠ দেশে যে তিনটী রেখা বিরাজমানা রহিয়াছে উহা সন্দর্শনে বোধ হইতেছে যে, বসন্তাদি নানাবিধরাগের জন্মস্থানরূপ যে তার ঘোর ও মন্দ্র নামক তিনটী গ্রাম আছে ঐ রেখাত্রয় যেন এই গ্রামস্থিতির নিশ্চয়ার্থ সীমা স্বরূপ হইয়াছে। আর যেসকল কোকিলাদিধ্বনি তোমার কণ্ঠ-ধ্বনির সহিত উৎকৃষ্টতা নিয়া বিবাদ করত পরাভব পাইয়াছে ঐ সকলধ্বনি হইতে তোমার কণ্ঠধ্বনি যেপরিমাণ প্রাধান্য লাভ করিয়াছে ঐ রেখাত্রয় বোধহয় তাহার সূচক. অর্থাৎ তোমার কণ্ঠধ্বনি কোকিলাদিধ্বনি অপেক্ষায় ত্রিগুণ

মৃণালীমৃদ্বীনাং তব ভুজলতানাং চতসৃণাং
চতুর্ভিঃ সৌন্দর্য্যং সরসিজভবঃ স্তৌতি বদনৈঃ।
নখেভ্যঃ সন্ত্রস্যন্ প্রথমদলনাদন্ধকরিপো-
শ্চতুর্ণাং শীর্ষাণাং সমমভয়হস্তার্পণধিয়া ॥ ৭০ ॥

টীকা।

মৃণালী ইতি। তব মৃণালীমৃদ্বীনাং চতসৃণাং ভুজানাং সৌন্দর্য্যং ব্রহ্মা চতুর্ভির্মুখৈঃ স্তৌতি হস্তসৌন্দর্য্যাতিশয়ত্বং বিবৃণোতি। সর্ব্বাঙ্গেষু সৎসু কথং হস্তসৌন্দর্য্যং স্তৌতী-ত্যাহ নখেভ্য ইত্যাদি। অন্ধকরিপোর্নখেভ্যঃ প্রথমদলনাৎ পূর্ব্বশিরশ্ছেদাৎ সন্ত্রস্যন্ সন্ চতুর্ণাং শীর্ষাণাং সমং এক-কালেন অভয়হস্তদানবুদ্ধ্যা স্তৌতীত্যন্বয়ঃ। পূর্ব্বং ব্রহ্মাণং পঞ্চবক্ত্রং দৃষ্ট্বা অহমিবায়োঽস্তীতি ক্রোধাৎ শিবঃ একং

শিরশ্চিচ্ছেদ। অতস্ত্রাসাদবশিষ্টানি শিবনখেভ্যস্ত্রাতুং হস্তসৌন্দর্য্যং স্তৌতীত্যর্থঃ ॥ ৭০ ॥

জগজ্জননি! পূর্ব্বকালে বিরিঞ্চি ও পঞ্চানন ছিলেন. একদিবস ভূনাথ পঞ্চানন, "আমার ন্যায় আবার বিরিঞ্চিকে ও পঞ্চানন দেখিতেছি; ইহা অসঙ্গত, ত্রিজগতে দ্বিতীয় পঞ্চানন রাখিব না" এই মনে করিয়া নখাগ্রদ্বারা বিরিঞ্চির এক মস্তক ছেদন করেন। বিরিঞ্চি তদবধি চতুরানন হইয়া "মৃত্যুঞ্জয় বা অপর মস্তক ও ছেদন করেন" এইভয়ে কাতর হইয়া এককালে তুমি চারি হস্ত দ্বারা চারি মস্তকে অভয়দান করিবে, এই কামনায় চারিমুখেই মৃণালিনীর তুল্য সুকোমল ত্বদীয় ভুজবল্লী চতুষ্টয়ের সৌন্দর্য্য বর্ণনক স্তব করিতেছেন। ৭০

নখানামুদ্দ্যোতৈর্নবনলিনরাগং বিহসতাং
করালাস্তে কান্তিং কথয় কথয়ামঃ কথমমী।
কদাচিদ্বা সাম্যং ভজতু কলয়া হন্ত কমলং
যদি ক্রীড়ল্লক্ষ্মীচরণতললাক্ষারুণদলম্ ॥ ৭১ ॥

টীকা।

নখানামিতি। অমী বয়ং তব করাণাং কান্তিঃ কথং কথয়ামঃ ঔপম্যরহিতত্বাৎ কথং বর্ণয়ামঃ তৎ কথয়। কিন্তুতানাং, নখদীধিতিভিঃ সদ্যস্ফুটপদ্মরাগং বিহসতাং। হন্ত হর্ষে অহহ যদি কমলং ক্রীড়ন্ত্যা লক্ষ্ম্যাশ্চরণতললাক্ষয়া

অরুণদলং ভবতি. তদা কদাচিদ্বা কলয়া লোহিতাংশেন সাম্যং ভজতি ন তু সর্ব্বতোভাবেনেতি ভাবঃ॥ ৭১॥

গিরীন্দ্রবালিকে! তোমার করচতুষ্টয় নখকিরণ দ্বারাই সদ্য আবির্ভূত পদ্মরাগ মণিকে উপহাস করিতেছে সেই করচতুষ্টয়ের শোভাবর্ণন করিতে আমরা কি প্রকার পারিব, বল। বিশেষত এই ত্রিলোকে এই করচতুষ্টয়ের তুলনাস্পদ কোন বস্তুই দেখা যায়না. তবে যদি কোন ও কালে কমলালয়া কমলের উপরে শ্রীচরণ বিন্যাস করিয়া খেলা করিতে থাকেন, তাহাতে যদি ঐচরণের অলক্তকরঙ্গে ঐ কমল রঞ্জিত হয় তাহা হইলে বোধ হয় কিঞ্চিন্মাত্র তুলনা হইতে পারে। ৭১

সমং দেবি স্কন্দদ্বিপবদনপীতং স্তনযুগং
তবেদং নঃ খেদং হরতু সততং প্রস্নুতমুখম্।
যদালোক্যাশঙ্কাকুলিতহৃদয়ো হাসজনকঃ
স্বকুম্ভৌ হেরম্বঃ পরিমৃষতি হস্তেন ঝটিতি॥ ৭২॥

টীকা।

সমং ইতি। হে দেবি! ইদং তব স্তনযুগ্মং নোঽস্মাকং খেদং দৈন্যং হরতু। কিম্ভূতং, সমং অন্যোন্যসদৃশং। পুনঃ কিম্ভূতং, স্কন্দদ্বিপবদনাভ্যাং পীতং নান্যৈরিতি ভাবঃ। অবিরতং ক্ষরন্মুখং জগন্মাতৃত্বাৎ সর্ব্বেষাং ভরণায়েতি ভাবঃ। হেরম্বো গণেশঃ যৎ স্তনযুগলমালোক্য মমেদং কুম্ভ-

যুগং কুত্রাগতমিত্যাশঙ্কাকুলিতহৃদয়ঃ সন্ ঝটিতি শীঘ্রং হস্তেন স্বকুম্ভৌ পরিমৃষতি অন্বেষণং করোতি। কিম্ভূতঃ, মুখবৈরূপ্যাৎ স্বভাবতো হাসজনকঃ। এতেন কর্ম্মণা বিশেষতঃ হাসজনকঃ। এতেন শ্রীমত্যাঃ স্তনয়োর্গজকুম্ভবৎ কঠিনতা সৌষ্ঠবতা চ স্পষ্টীকৃতা ॥ ৭২ ॥

মহেশ্বরি! তোমার এই পরস্পর উপস্থিত স্তনযুগল আমাদিগের ভোগতৃষ্ণা অপনয়ন করুক। পূর্ব্বে ভগবান্ ষড়াননও গজানন ইহা হইতে স্তন্যপান করিতেন এই নিখিল জগৎপালন করিবার জন্য অবিরত ইহা হই স্তন্যধারা ক্ষরিত হইতেছে। গজানন ইহা অবলোকন করিয়া "আমার মস্তকের কুম্ভ দুটী ই কি ঐ দেখা যায়" এরূপ আশঙ্কানিবন্ধন ব্যাকুল হইয়া মস্তকে হস্তপ্রদান করত কুম্ভদ্বয় অন্বেষণ করিতে থাকে তদীয় ব্যাকুলতা নিবন্ধন বিকটমুখাকৃতি দেখিয়া কেহ ই না হাসিয়া থাকিতে পারেন না। ৭২

অমূ তে বক্ষোজাবমৃতরসমাণিক্যকুতুপৌ
ন সন্দেহস্পন্দো নগপতিপতাকে মনসি নঃ।
পিবন্তৌ তৌ যস্মাদবিদিতবধূসঙ্গমরসৌ
কুমারাবদ্যাপি দ্বিরদবদনক্রৌঞ্চদলনৌ ॥ ৭৩ ॥

টীকা।

অমূ তে ইতি। হে নগপতিপতাকে! গিরিরাজভূষণরূপে!

ত্তে তব অমূ বক্ষোজৌ অমৃতরসপূর্ণমাণিক্যঘটৌ অত্রার্থে নোঽস্মাকং মনসি ন সন্দেহস্পন্দো ন সন্দেহং কুরুতঃ। তদেব হেতুনা দ্রঢ়য়তি যস্মাত্তৌ পিবন্তৌ দ্বিরদবদনক্রৌঞ্চ-দলনৌ গণেশকার্ত্তিকেয়ৌ অদ্যাপি অজ্ঞাতবধূসঙ্গমরসৌ কুমারৌ বালকৌ। ন সন্দেহস্পন্দ ইতি প্রাঞ্চঃ। নোঽস্মাকং মনসি সন্দেহলেশমপি ন ইতি ॥ ৭৩ ॥

নগেন্দ্রভূষণরূপে! আমাদের চিত্তে নিঃসন্দেহই বোধহয় যে তোমার এই স্তনযুগল দুটী অমৃতপূর্ণ মাণিক্যময় কলস, যেহেতু গণেশ ও কার্ত্তিকেয় ইহারা এখন ও উহাহইতে অমৃতময় স্তন্য পান করত বালকরূপেই রহিয়াছেন সেইজন্য অদ্যাপি ও ইহাঁরা ভার্য্যাপরিগ্রহ জনিত সুখানুভব বিষয়ে পরাঙ্মুখ আছেন। ৭৩

বহত্যম্ব স্তম্বেরমদনুজকুম্ভপ্রসৃতিভিঃ
সমারব্ধাং মুক্তামণিভিরমলাং হারলতিকাম্।
কুচাভোগো বিম্বাধররুচিভিরন্তঃশবলিতাং
প্রতাপব্যামিশ্রাং পুরবিজয়িনঃ কীর্ত্তিমিব তে ॥ ৭৪

টীকা।

বহতি ইতি। হে অম্ব! তব কুচাভোগঃ স্তনতটঃ গজা-কারদৈত্যকুম্ভপ্রসূতৈর্মুক্তামণিভিঃ সমারব্ধাং গ্রথিতাং হার-লতিকাং বিম্বাধরকান্তিভিরন্তঃশবলিতাং অন্তর্লোহিতাং। তত্রোৎপ্রেক্ষতে। পুরবিজয়িনঃ প্রতাপব্যামিশ্রাং কীর্ত্তিমিব।

শম্ভোঃ পুরবিজয়জন্মৌ কীর্ত্তিপ্রতাপৌ অতিহৃদ্যতয়া হৃদয়ে বিভর্ষীতি ধ্বনিতং। স্তম্বেরমবদনকুম্ভপ্রশস্তিভিরিতি বহুষু পাঠঃ। তচ্চিন্ত্যং॥ ৭৪

জগদম্বে! তোমার এই স্তনমণ্ডল করিরূপ দানবের কুম্ভবিনির্গত মুক্তা ফলনিকরে বিনির্ম্মিত রমণীয় হারলতা ধারণ করিয়াছে। ঐ মৌক্তিক হারলতা. বিম্বাকার অধর কান্তির প্রতিবিম্বতা নিবন্ধন লোহিতবর্ণ হইয়া উঠিয়াছে। অতএব বোধহয় শূলপাণি যে ত্রিপুরাসুর বিনাশ করিয়া কীর্ত্তি ও প্রতাপ বিস্তার করিয়াছিলেন অনুরাগ নিবন্ধন তুমি যেন ঐ কীর্ত্তি আর প্রতাপই (হারলতাছলে) হৃদয়ে বহন করিতেছ। ৭৪

কুচৌ সদ্যঃস্বিদ্যত্তটঘটিতকূর্পাসভিদুরৌ
কষন্তৌ দোর্মূলং কনককলসাভৌ কলয়তা!
তব ত্রাতুং ভঙ্গাদলমিতি বিলগ্নং তনুভুবা
ত্রিধাবদ্ধং দেবি ত্রিবলিলবলীবল্লিভিরিব॥ ৭৫॥

টীকা

কুচাবিতি। হে দেবি! তব বিলগ্নং উদরং অতিকৃশং মধ্যং ভঙ্গাৎ ত্রাতুং অনুভুবা কামেন ত্রিবলিরূপাভিল বলীবল্লিভিস্তাত্রাকৃতিলতাবিশেষৈস্ত্রিধাবদ্ধং। কুতো ভঙ্গাশঙ্কেত্যাহ, তনুভুবা কিম্ভূতেন, দোর্ম্মূলং কষন্তৌ পীড়য়ন্তৌ স্বর্ণকুম্ভাকারৌ কুচৌ কলয়তা চিন্তয়তা। পুনঃ কিম্ভূতৌ, সদ্য-

স্তৎক্ষণাৎ শিবানুরাগজনিতস্বেদং মুঞ্চৎ প্রান্তঘটিতং প্রান্ত-মিলিতং কূর্পাসং কঞ্চুলিকাং ভেত্তুং শীলমনয়োস্তৌ তথা। এতেন স্তনয়োরুৎকর্ষবর্ণনং। অয়ং শ্লোকঃ কুত্রচিৎ তব তুল্যমিত্যাদেরনন্তরং দৃশ্যতে তব কুচৌ কর্ত্তারৌ উদয়ং কলয়তামনুগৃহ্নতানিতি প্রাঞ্চঃ॥ ৭৫ ॥

---

মহেশ্বরি! তোমার এই সুবর্ণময় কলস সদৃশ স্তনযুগল উত্তুঙ্গতা নিবন্ধন ত্বদীয় ভুজমূলদ্বয় আকর্ষণ করিতেছে এবং চন্দ্রশেখরের প্রতি অনুরাগহেতুক স্বেদ বিন্দু নিকরে আর্দ্রীভূত উপরিবদ্ধ কঞ্চুলিকাটী যেন ভেদ করিতে প্রবৃত্ত হইয়াছে। কামদেব সাতিশয় ক্ষীণ তোমার মধ্যস্থান ঐ স্তন-যুগের গুরুতর ভারে ভগ্নপ্রায় দেখিয়া যে ব্যাকুল হইয়া ঐ স্থানটী রক্ষা করার জন্য ত্রিবলীরূপ লতাদ্বারা দৃঢ়বন্ধন করিয়াছেন। ৭৫

তব স্তন্যং মন্যে ধরণিধরকন্যে হৃদয়তঃ
পয়ঃপারাবারঃ পরিবহতি সারস্বত ইব।
দয়াবত্যা দত্তং দ্রবিণশিশুরাস্বাদ্য তব যৎ
কবীনাং প্রৌঢ়ানামজনি কমনীয়ঃ কবয়িতা॥ ৭৬

টীকা॥

তব স্তন্যমিতি। হে গিরিসুতে! তব স্তন্যং দুগ্ধং সারস্বতঃ পয়ঃপারাবার ইব সরস্বত্যা অমৃতসিন্ধুরিব হৃদয়তঃ পরি-হরতি হৃদয়ান্নির্যাতি। কৈলাসে সরস্বত্যাঃ সমুদ্রবদগাধা-

মৃতকুণ্ডমস্তি, তজ্জলপানাৎ মহাকবয়ো ভবন্তি। তস্মাদ্ যথা সরস্বতী নাম্নী নদী বহতি তথা তব ক্ষীরং বহতীতি ভাবঃ। পরিবহতীতি পাঠে সারস্বতঃ পয়ঃপারাবারঃ সরস্বত্যা অমৃতকুণ্ডং তবৈব হৃদয়াদ্দুগ্ধং পরিবহতি অন্যথা কথমীদৃক্-প্রভাব ইতি ভাবঃ যত্তব স্তন্যং দয়াবত্যা ভবান্যা দত্তং আস্বাদ্য দ্রবিড়দেশীয়ঃ কশ্চিৎ শিশুঃ প্রৌঢ়ানাং কবীনাং মধ্যে কমনীয়ঃ উত্তমঃ কবয়িতা অজনি কাব্যকর্ত্তা অভূৎ। তত্রায়ং গুরূণামুপদেশঃ।—পুরা শঙ্করাচার্য্যপিতা অপুত্রঃ শিবভক্ত আসীৎ। পশ্চাৎ শিবকৃপয়া তস্য শঙ্করনামা পুত্রো জাতঃ। একদা পিতা ভিক্ষার্থং গতঃ। মাতা কুটুম্ব-ভরণার্থং শাকচেষ্টয়া প্রাঙ্গণে ষাণ্মাসিকং বালকং নিধায় গতা। এতস্মিন্ সময়ে ক্ষুধয়া রোরুয়মাণং বালকং দৃষ্ট্বা দয়য়া স্বয়ং জগদম্বিকা ক্রোড়ে নিধায় স্তনং পায়য়িত্বা অন্তর্হিতা। তদৈবায়ং মহাকবিরভূৎ। তস্যামন্তর্হিতায়াং ভিক্ষার্থিনং সন্ন্যাসিনং দৃষ্ট্বা বালকঃ শ্লোকেন প্রত্যুত্তরঞ্চকার। তদ্ যথা একা মাতা শাকাহর্ত্তা তত্র ক্ষপণক দশ শাকার্ত্তাঃ। যত্র ক্ষপণকদশশাকাশা তত্র ক্ষপণক কা শাকাশা ॥ ৭৬ ॥

---

গিরিসুতে! আমার বোধ হইতেছে যে, তোমার হৃদয় হইতে দুগ্ধরূপ সরস্বতী কুণ্ডের অমৃতময় জলধারা প্রবাহিত হইতেছে। যেহেতু দ্রাবিড়-দেশোৎপন্ন কোন এক বালক তোমার ঐ কৃপাবিতরণ পূর্ব্বক প্রদত্ত স্তন্য পান করিয়াই

সমস্ত মহাকবিদিগের অগ্রগণ্য একজন মহাকবি হইয়াছিল। এস্থলে টীকাকার একটী কিংবদন্তী লিখিয়াছেন যে পূর্ব্ব-কালে শঙ্করাচার্য্যের পিতা অনপত্য এবং সাতিশয় শিবভক্ত ছিলেন। পরে শিবের অনুগ্রহে তাঁহার শঙ্কর নামক পুত্র জন্মে। একদিন শঙ্করাচার্য্যের পিতা ভিক্ষার জন্য বহির্গত হন শঙ্করের মাতাও ষণ্মাষ মাত্র বয়ঃপ্রাপ্ত শঙ্করকে আঙ্গিনাতে রাখিয়া শাক সংগ্রহের জন্য বাটী হইতে বহির্গতা হন, এরূপ সময়ে ঐ বালক শঙ্করাচার্য্য ক্ষুধায় অধীর হইয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে থাকেন এই কালে মহামায়া দয়াময়ী জগদম্বা তথায় আসিয়া বালককে ক্রোড়ে লইয়া স্তন্য প্রদান পূর্ব্বক সুস্থির করিয়া প্রস্থান করেন। বালক ঐ স্তন্যপান করিয়া ঐ সংগেই মহাকবি হইয়া নানাবিধ প্রবন্ধ রচনা করিতে লাগিল, ইত্যবসরে তাহার নিকটে একজন সন্ন্যাসী আসিয়া ভিক্ষা প্রার্থনা করে, বালক তখন "একা মাতা শাকাহর্ত্রী তত্র ক্ষপণক দশ শাকার্ত্তাঃ। যত্র ক্ষপণক দশশাকাশা তত্র ক্ষপণক কা শা-কাশা।" এই শ্লোক দ্বারা তাহার প্রত্যুত্তর করেন। ঐ শ্লোকটীর তাৎপর্য্য এই যে হে ক্ষপণক! আমার মাতা একাকিনী শাক অন্বেষণ করিতে গিয়াছেন, এই বাড়ীতে দশজন ঐ শাকের জন্য কাতর হইয়া রহিয়াছেন, তাহাতে আবার ঐ দশজনের ও প্রত্যেকে দশজন (ইন্দ্রিয়রূপ) ভিক্ষুক আছে উহারা ও ঐ শাকের জন্য (স্ব স্ব ভোগ্য বিষয়ের নিমিত্ত) উন্মুখ হইয়া রহিয়াছে। অতএব তোমার আর এস্থলে শাকের আশা কি?। ৭৬

হরক্রোধজ্বালাবলিভিরবলীঢ়েন বপুষা
গভীরে তে নাভীসরসি কৃতঝম্পো মনসিজঃ।
সমুত্তস্থৌ তস্মাদচলতনয়ে ধূমলতিকা
জনস্ত্বাং জানীতে জননি তব রোমাবলিরিতি ॥৭৭

টীকা।

হরক্রোধ ইতি। হে অচলতনয়ে! মনসিজঃ কামঃ শিব কোপাগ্নিসমূহৈর্ব্ব্যাপ্তেন দেহেন গভীরে তব নাভিসরোবরে কৃতঝম্পঃ। তস্মাৎ দগ্ধস্য পানীয়সংযোগাৎ যা ধূমলতিকা সমুত্তস্থৌ তাং জনঃ রোমাবলিরিতি কৃত্বা জানীতে। হরে ক্রুদ্ধে সত্যপি ত্বমেবাশ্রয়ভূতাসীত্যর্থঃ॥ ৭৭

গিরিনন্দিনি! রতিপতি, ভূতপতির কোপানলে দগ্ধ হইয়া তোমার অতিগম্ভীর নাভি সরোবরে ঝাঁপ দিয়াছিলেন, তাহাতে জলমধ্যে ঐ প্রজ্বলিত শরীর পতিত হওয়া নিবন্ধন যে ধূমরাশি উত্থিত হয়, ত্রিলোকে তাহাকেই তোমার ঐ নাভিসরোবরের ঊর্দ্ধস্থিত রোমাবলী বলিয়া প্রতিপন্ন করিতেছে। ইহার তাৎপর্য্য এই যে, ভূতনাথ রুষ্ট হইলেও তুমিই শরণ। পঞ্চশর হরকোপানলে দগ্ধ হইয়াও তোমার শরণ লইয়াই পুনর্ব্বার জীবন লাভ করিয়াছেন। ৭৭

যদেতৎ কালিন্দীতনুতরতরঙ্গাকৃতি শিবে
কৃশে মধ্যে কিঞ্চিজ্জননি তব তদ্ভাতি সুধিয়াম্।
বিমর্দ্দাদন্যোন্যং কুচকলসয়োরন্তরগতং
তনূভূতং ব্যোম প্রবিশদিব নাভিং কুহরিণীম্॥৭৮

টীকা।

যদেতদিতি। হে শিবে! তব কৃশে মধ্যে যৎ যমুনাসূক্ষ্ম-তরতরঙ্গাকৃতি কিঞ্চিদ্বস্তু তৎ কুচকলসয়োঃ পরস্পরপীড়নাৎ মধ্যগতং তনূভূতং সূক্ষ্মং ব্যোমতত্ত্বং নাভিহ্রদং প্রবিশদিব সুধিয়াং মনসি ভাতি। সুধিয়ঃ ইতি কৈবল্যাশ্বঃ। তত্র শিবস্য মনসি ভাতীত্যর্থঃ॥ ৭৮

---

জগজ্জননি! তোমার এই ক্ষীণতম মধ্যস্থানে যে, যমুনা নদীর অতিসূক্ষ্ম তরঙ্গাকার কোন একটী বস্তু বলিয়া লক্ষ্য হইতেছে, তাহা দেখিয়া পণ্ডিতগণ বিবেচনা করিতেছেন যে, কুচকলসদ্বয়ের পরস্পর সংঘট্টন নিবন্ধন তাহার অন্তর্গত আকাশতত্ত্বই ঐ রূপে অতিক্ষীণ হইয়া গম্ভীরতর নাভিহ্রদে প্রবেশ করিতেছে। ৭৮

স্থিরো গঙ্গাবর্ত্তঃ স্তনমুকুললোমাবলিলতা-
কলাস্থানং কুণ্ডং কুসুমশরতেজোহুতভুজঃ।
রতেলীলাগারং কিমপি তব নাভীতি গিরিজে
বিলদ্বারং সিদ্ধেগিরিশনয়নানাং বিজয়তে॥ ৭৯॥

টীকা।

স্থির ইতি। কিমপি অনির্ব্বচনীয়ং তব নাভী ইত্যনেন উচ্যমানপ্রকারেণ বিজয়তে। কিন্তদিত্যাহ। স্থিরো গঙ্গাবর্ত্তঃ। গঙ্গাবর্ত্তস্যাস্থিরত্বাৎ নাভেঃ স্থিরত্বেনাপরিতোষাৎ পুনরভ্যুমীয়তে। অথবা স্তনকোরকলোমাবলিলতয়া আলবালং। আলবালস্য উচ্চতয়া নাভের্গাম্ভীর্য্যাদপরিতোষঃ। অথবা কন্দর্পতেজোবহ্নেঃ কুণ্ডং। কুণ্ডস্য সমেখলত্বাৎ নাভের্মেখলারহিতত্বাদপরিতোষঃ। অথবা রতেঃ ক্রীড়াগৃহং। তত্রাপি পাঞ্চিপাটালাভাদপরিতোষঃ। অতএব গিরিশ নয়নানাং সিদ্ধের্বিলদ্বারং। যথা সিদ্ধা অপি বিলদ্বারে তপঃ কৃত্বা সিদ্ধিং প্রাপ্নুবন্তি॥ ৭৯

---

শৈলবালিকে! তোমার নাভি বিবর এক অনির্ব্বচনীয় সুষমা বিশিষ্ট হইয়াছে, ইহা দেখিলে মনে হয়, যেন গঙ্গার আবর্ত্তটি নিশ্চলহইয়া রহিয়াছে। না, তাহা সম্ভাবিত নহে গঙ্গাবর্ত্ত কেন ঐরূপ সুস্থিরথাকিবে? তবেএটি স্তনযুগল রূপ কোরকদ্বয়ে বিরাজিত রোমাবলী লতার আলবালই হইবে। না,তাহাও নহে। এই যে অতিগভীর, আলবালের উচ্চতাই লোক প্রসিদ্ধ। তবে এইটি পঞ্চশরের তেজোরূপ পাবকের কুণ্ডইহতে পারে। না, তাহা ও সম্ভাবিত নহে, কারণ কুণ্ডের যে মেখলা থাকা প্রসিদ্ধ, ইহাতে ত মেখলা লক্ষ্য হইতেছে না। বোধ হয় এইটি বা কামপত্নী রতিদেবীর বিহার মন্দির হইতে পারে। না, তাহার যে

বিশেষ পারিপাট্য থাকা সম্ভব। বোধ হয় তবে এটি শিবনেত্রের তপস্যা করার গহ্বর দ্বারই হইবে। অর্থাৎ ভূতপতির নেত্রত্রয় ঐ নাভিবিবর নিরীক্ষণে সিদ্ধমনোরথ হইয়াছে। ৭৯

নিসর্গ ক্ষীণস্য স্তনতটভরেণ ক্লমজুষো
নমন্মূর্ত্তের্নাভৌ বলিষু শনকৈস্ত্রুট্যত ইব।
চিরং তে মধ্যস্য ত্রুটিততটিনী-তীরতরুণা
সমাবস্থাস্থেম্নো ভবতু কুশলং শৈলতনয়ে॥ ৮০

টীকা।

নিসর্গ ইতি। হে শৈলতনয়ে! তব মধ্যস্য চিরং কুশলং ভবতু ভঞ্জনং ন ভবত্বিত্যর্থঃ। কিম্ভূতস্য, নিসর্গক্ষীণস্য স্তনতটভরেণ ক্লান্তিভাজঃ। নাভৌ মজ্জতঃ বলিষু ত্রুট্যত-ইব অতএব ভগ্নতটিনীতীরতরুণা সমাবস্থয়া স্থেমা স্থিতি র্যস্য সমাবস্থাস্থেম্নঃ। অতএব কৌশল্যমাশংসতে॥ ৮০

---

গিরীন্দ্রনন্দিনি! তোমার এই মধ্যস্থল স্বভাবতই অতিকৃশ, বিশেষতঃ কুচযুগলের গৌরবনিবন্ধন ক্লান্ত হইয়াছে, অনুমান হয় যেন উহারা নাভিনদীতে পড়িতেছে। বলিত্রয় নিরীক্ষণ করিলে অনুমানহয় যেন বিভিন্ন হইয়া উঠিয়াছে। অতএব বিবেচনা করি উহারা নদীর তীরস্থ ভগ্নপ্রায় পাদপের তুল্যাবস্থা লাভ করিয়াছে। এ জন্য আশা করি যে, উহারা যেন চিরদিন মঙ্গলপূর্ব্বক বিরাজ করে

কখন ও যেন ভগ্ন হইয়া নাভিরূপ গম্ভীর নদীতে পড়িয়া না যায়। ৮০

গুরুত্বং বিস্তারং ক্ষিতিধরপতিঃ পার্ব্বতি নিজা-
ন্নিতম্বাদাচ্ছিদ্য ত্বয়ি যজনরূপেণ নিদধে।
অতস্তে বিস্তীর্ণো গুরুরয়মশেষাং বসুমতীং
নিতম্বপ্রাগ্ভাবঃ স্থগয়তি লঘুত্বং নয়তি চ ॥ ৮১

টীকা।

গুরুত্বমিতি। হে পার্ব্বতি! পর্ব্বতকন্যে! পর্ব্বতরাজঃ নিজান্নিতম্বাৎ গুরুত্বং বিস্তারঞ্চ আচ্ছিদ্য আকৃষ্য যজনরূপেণ অর্থাৎ বিবাহকালে যৌতুকত্বেন ত্বয়ি নিদধে নিহিতবান্। ভরণরূপেতি পাঠে যথা হিমবান্ বাহনং সিংহং দদৌ তথা গুরুত্বং বিস্তারঞ্চ নিহিতবানিত্যর্থঃ। অতঃ কারণাত্তে তব গুরুর্ব্বিস্তীর্ণশ্চ নিতম্বপ্রাগ্ভাবঃ পাদবিক্ষেপেণ নিতম্ব-ব্যাপারঃ অশেষাং বসুমতীং স্থগয়তি ভারাক্রান্তং করোতি লঘুত্বঞ্চ নয়তি আত্মশোভয়া বসুমতীশোভাং তিরস্করো-তীত্যর্থঃ ॥ ৮১

নগেন্দ্রনন্দিনি! শৈলরাজ স্বীয় নিতম্ব হইতে গুরুত্ব ও বিস্তার আকর্ষণ করিয়া বিবাহপ্রদান সময়ে যৌতুক-রূপে তোমাকে অর্পণ করিয়াছিলেন সেই নিমিত্ত তোমার এই নিতম্বদেশ বিস্তীর্ণ ও গৌরবান্বিত হইয়া গমন সময়ে

এই পৃথিবীমণ্ডল ভারাক্রান্ত করে এবং স্বীয় শোভা দ্বারা পৃথিবীমণ্ডলের শোভাকে পরাভূত করে। ৮১

করীন্দ্রাণাং শুণ্ডাঃ কনককদলীকাণ্ডপটলী-
মুভাভ্যামূরুভ্যামুভয়মপি নির্জ্জিত্য ভবতী।
সুবৃত্তাভ্যাং পত্যৌ প্রণতিকঠিনাভ্যাং গিরিসুতে
বিজিগ্যে জানুভ্যাং বিবুধকরিকুম্ভদ্বয়মপি ॥ ৮২

টীকা।

করীন্দ্রাণামিতি। হে গিরিসুতে! ভবতী উভাভ্যাং উরুভ্যাং করীন্দ্রাণাং শুণ্ডাঃ কনককদলীকাণ্ডসমূহঞ্চ উভয়ং উভাভ্যাং উরুভ্যাং নির্জ্জিত্য জানুভ্যাং ঐরাবতকুম্ভদ্বয়মপি বিজিগ্যে। কিম্ভূতাভ্যাং জানুভ্যাং, সুবর্ত্তুলাভ্যাং। পুনঃ কীদৃগ্‌ভ্যাং, পত্যুর্ম্মহাদেবস্য প্রণতিকঠিনাভ্যাং। উপযমনকালে শ্রীমতা শ্রীমত্যা জনুনী গৃহোতে ইতি শৃঙ্গারবর্ণনং শঙ্কররূপস্য শঙ্করাচার্য্যস্য ন দোষায়েতি ॥ ৮২

গিরিবালিকে! তুমি উরুদ্বয় দ্বারা মাতঙ্গদিগের শুণ্ড-সকল এবং কনক কদলীস্তম্ভ সকল পরাজয় করিয়াছ। আর সুবর্ত্তুল ও পতির পাণিযুগল দ্বারা পীড়ন নিবন্ধন সুদৃঢ় জানুদ্বয় দ্বারা ঐরাবতের মস্তকস্থিত কলস দ্বয়কে পরাভূত করিয়াছ। ইহার তাৎপর্য্য এই যে, জগ-

দম্বার উরুদ্বয়, করিশুণ্ড এবং কদলীস্তম্ভ অপেক্ষায় রমণীয়। জানুযুগল ও ঐরাবত কুম্ভাপেক্ষায় রমণীয়। ৮২

পরাজেতুং রুদ্রং দ্বিগুণশরগর্ভৌ গিরিসুতে
নিষঙ্গৌ তে জঙ্ঘে বিষমবিশিখো বাঢ়মকৃত।
যদগ্রে দৃশ্যন্তে দশশরফলাঃ পাদযুগলী-
নখাগ্রচ্ছদ্মানঃ সুরমুকুটশাণৈকনিশিতাঃ ॥ ৮৩ ॥

টীকা।

পরাজেতুমিত্যাদি। হে গিরিসুতে! তব জঙ্ঘে বিষমবিশিখঃ কামঃ রুদ্রং পরাজেতুং দ্বিগুণশরগর্ভৌ দশবাণগর্ভৌ নিষঙ্গৌ তূণৌ বাঢ়ং দৃঢ়ং যথা স্যাৎ তথা অকৃত কৃতবান্। কথং জ্ঞায়তে ইত্যাহ যয়োরগ্রে পাদযুগলীনখাগ্রচ্ছদ্মানঃ নখব্যাজেন দশশরফলা দশবাণফলাগ্রা দৃশ্যন্তে। কিম্ভূতাঃ, সুরমুকুটশাণৈকনিশিতাঃ। ইন্দ্রাদীনাং মুকুটশাণেনাতি-তীক্ষ্ণাঃ! এতেন তব জঙ্ঘাদর্শনমাত্রেণ শিবঃ কামেন পরাজিতো ভবতীত্যর্থঃ ॥ ৮৩ ॥

---

শৈলেন্দ্রবালিকে! আমার বোধ হইতেছে যে, রতিপতি, ভগবান পশুপতিকে মুগ্ধ করার জন্য তোমার জঙ্ঘাযুগলকে পাঁচটী পাঁচটী বাণ দ্বারা পরিপূর্ণ দুটী তূণীর স্বরূপ করিয়াছেন। যেহেতু ঐ তূণীরের সম্মুখস্থানে দশটী নখাগ্রচিহ্নচ্ছলে দশটী বাণের অগ্রভাগ লক্ষ্য হইতেছে।

এই নখাগ্ররূপ বাণের অগ্রভাগ সুরগণের মুকুটাভরণে ঘর্ষিত হওয়ায় সুতীক্ষ্ণ হইয়াছে। ৮৩

শ্রুতীনাং মূর্দ্ধানো দধতি তব যৌ শেখরতয়া
মমাপ্যেতৌ মাতঃ শিরসি দয়য়া ধেহি চরণৌ।
যয়োঃ পাদ্যং পাথঃ পশুপতিজটাজূটতটিনী
যয়োর্লাক্ষালক্ষ্মীররুণহরচূড়ামণিরুচিঃ ॥ ৮৪ ॥

শ্রুতীনামিতি। হে মাতঃ! যৌ তব চরণৌ বেদানাং শিরাংসি শেখরতয়া শিরোভূষণত্বেন দধতি বিভ্রতি এতৌ চরণৌ দয়য়া মমাপি শিরসি ধেহি অর্পয়। চরণয়োর্মহিমানমাহ—যয়োঃ পাদ্যং পাথঃ পাদনির্ণেজনং জলং পশুপতেঃ শিবস্য জটাসমূহস্থা নদী। গঙ্গাব্যাজেন তব পাদপ্রক্ষালনজলং পশুপতির্ধত্তে ইত্যর্থঃ। যয়োর্লাক্ষালক্ষ্মীরলক্তকসম্পৎ অরুণবর্ণা শিবচূড়ামণেঃ কান্তিঃ। মানিন্যাঃ শ্রীমত্যাশ্চরণপতিতস্য শম্ভোশ্চূড়ামণেঃ শুদ্ধস্ফটিকাভস্য চন্দ্রস্য লাক্ষাসংযোগাৎ অরুণকান্তিরিতি ভাবঃ। অরুণহরিচূড়ামণিরিতি পঞ্চাননঃ। তত্র বিনয়পতিতস্য হরেশ্চূড়ায়াঃ পদ্মরাগমণেরলক্তাক্তসংযোগাৎ অরুণা কান্তিরিতি ভাবঃ ॥৮৪

জগদম্বে! তোমার যে চরণযুগল বেদসকলের উপনিষদ

রূপ মস্তকে আভরণ রূপে ধৃত হইয়াছে, তুমি অনুকম্পা-পূর্ব্বক ঐচরণযুগল এইঅধম সন্তানে অর্পণ কর। এই চরণযুগলপ্রক্ষালন জল মহেশ্বর স্বকীয় জটাজূট সুশোভিত মস্তকে সুরধুনী রূপে বিরাজকরিতেছে। এই চরণে অনুলিপ্ত অলক্তকরস মহেশ্বরের শেখররূপ অর্দ্ধ চন্দ্রকে লোহিতাকার করিয়াছে। ৮৪

হিমানীহন্তব্যং হিমগিরিতটাক্রান্তরুচিরৌ
নিশায়াং নিদ্রাণং নিশি চ পরভাগে চ বিশদৌ।
পরং লক্ষ্মীপাত্রং শ্রিয়মপি সৃজন্তৌ সময়িনাং
সরোজং ত্বৎপাদৌ জননি জয়তশ্চিত্রমিহ
কিম ॥ ৮৫
।

হিমানীতি। হে জননি! তব পাদৌ কর্ত্তৃ সরোজং জয়তঃ ইহ কিং চিত্রং। চরণসরোজয়োঃ স্বভাবকথনেন তদেব ব্রচয়তি। হিমানী ইদং সরোজং হন্তি। তবপাদৌ পুনঃ হিমগিরিতটাক্রান্তেন পর্য্যটনেন মনোহরৌ। কমলং নিশায়াং নিদ্রাণং। তব পাদৌ নিশি চ পরভাগে চ রাত্রৌ দিবসে চ বিশদৌ স্বচ্ছন্দরাগৌ। কমলং পরং কেবলং লক্ষ্ম্যাঃ স্থানং। তব পাদৌ প্রণয়িনাং সম্বন্ধে লক্ষ্মীং স্থজন্তৌ। হিমানীহন্তব্যং ইতি কুত্রাপি পাঠঃ। তত্র হিমান্যা নাশ্যমিত্যর্থঃ॥ ৮৫ ॥

জগদম্বে! সরোজ বৃন্দ হিমসংহতির প্রাচুর্ভাবে বিনষ্ট হইয়া থাকে, কিন্তু তোমার চরণ সরোজ হিমালয়ের তটে পর্য্যটন করিয়াও সুকোমলই রহিয়াছে। সরোজ-বৃন্দ রাত্রিযোগে মুদ্রিত হইয়া থাকে, তোমার চরণ সরোজ দিবারাত্রি সর্ব্বদাই রমণীয় প্রভাতে সমুদ্ভাসিত। সরোজ বৃন্দে লক্ষ্মী অবস্থিতিমাত্র করিয়া থাকেন। তোমার চরণ সরোজ স্বয়ং লক্ষ্মী সমন্বিত অথচ উপাসক দিগকে ও লক্ষ্মী প্রদানকরিয়া থাকে। অতএব তোমার এই চরণ সরোজ যে, সরোজবৃন্দকে পরাজয় করিয়াছে ইহা আর আশ্চর্য্যের বিষয় কি?! ৮৫

নমোবাচং ব্রুমো নয়নরমণীয়ায় পদয়ো-
স্তবাস্মৈ দ্বন্দ্বায় স্ফুটরুচিরসালক্তকবতে।
অসূয়ত্যত্যন্তং যদভিহননায় স্পৃহয়তে
পশূনামীশানঃ প্রমদবনকঙ্কেল্লিতরবে ॥ ৮৬ ॥

টীকা।

নমোবাচমিত্যাদি। অস্মৈ তব চরণয়োর্দ্বন্দ্বায় নমোবাচং ব্রুমঃ নমস্করোমি। কথম্ভূতায়, নয়নরমণীয়ায়। ব্যক্তকান্তি-দ্রবীভূতালক্তকযুক্তায়। যস্য চরণদ্বন্দ্বস্য অভিহননায় স্পৃহয়তে প্রহারং বাঞ্ছতে প্রমদবনস্য কঙ্কেল্লিতরবে অশোক-বৃক্ষায় পশূনামীশানঃ শিবঃ অত্যন্তং অসূয়তি দ্বেষ্টি। অস্মিন্ কঠিনত্বচি অশোকবৃক্ষে অতিকোমলপাদয়োর্ব্বি-ক্ষেপাৎ কদাচিদ্ব্যথা জায়ত ইতি ভাবঃ। অশোকবৃক্ষোপরি

পাদাঘাতে কৃতে সতি কামিনীনাং কামো বর্দ্ধতে। তথা চ কামশাস্ত্রে "পাদাঘাতাদশোকো বদনমদিরয়া কেশরঃ কর্ণিকারঃ" ইত্যাদি। অতএব কালিদাসঃ। "রক্তাশোকশ্চলকিশলয়ঃ কেশরশ্চাত্র কান্তঃ প্রত্যাসন্নৌ কুরুবকবৃতের্মাধবীমণ্ডপস্য। একঃ সখ্যাস্তব সহ ময়া বামপাদাভিলাষী কাঙ্ক্ষত্যন্যো বদনমদিরাং দোহদচ্ছদ্মনাস্যাঃ॥" নমো বা কিং ক্রম ইতি কুত্রাপি পাঠঃ॥ ৮৬

---

জগজ্জননি! প্রমদকাননস্থিত অশোক বৃক্ষ ত্বদীয় সুকোমল, নয়নানন্দকর, অলক্তকে অনুলিপ্ত চরণযুগলের আঘাত আকাঙ্ক্ষা করিয়া থাকে বলিয়া, ভগবান ভূতনাথের অপ্রিয় হইয়াছে। আমরা ঐ চরণ যুগলে প্রণত হইলাম। ইহার তাৎপর্য্য এই যে, কবিগণ বলিয়া থাকেন যে "রমণীদিগের চরণাঘাত হইলে অশোক বিকসিত হইয়া থাকে" অতএব অশোক বৃক্ষ জগদম্বার চরণাঘাত অভিলাষ করে। মহাদেব "অতিকঠিন অশোকে এই সুকোমল চরণ স্পর্শ হইলে জগদম্বা ব্যথা পাইবেন" এই মনে করিয়া অশোককে দ্বেষ করিতেছেন॥ ৮৬

মৃষা কৃত্বা গোত্রস্খলনমথ বৈলক্ষনমিতং
ললাটে ভর্ত্তারং চরণযুগলং তাড়য়তি তে।
চিরাদন্তঃশল্যং দহনকৃতমুন্মূলিতবতা
তুলাকোটিক্বাণৈঃ কিলকিলিতমীশানরিপুণা॥ ৮৭

টীকা।

মুষা ইতি। গোত্রস্খলনং মুষা কৃত্বা কুলধর্ম্মস্খলনং ন ভবেদিতি কৃত্বা তব চরণযুগলং ভর্ত্তারং ললাটে তাড়য়তি। গোত্রং নাম্নি কুলে ক্ষেত্রে ইতি ধরণিঃ। ভর্ত্তারং কিম্ভূতং, বৈলক্ষনমিতং বিশেষচ্ছদ্মতয়া নমিতং লজ্জাধোমুখং। বৈলক্ষং ছলিসম্মতং ইতি ধরণিঃ। অথ এতস্মিন্নেব ঈশান-রিপুণা কামেন তুলাকোটিক্কাণৈঃ নূপুরশব্দচ্ছলেন কিলকি-লিতং চীৎকারিতং। কিম্ভূতেন কামেন, চিরাৎ দহনকৃতং দাহজনিতং অন্তঃশল্যং উম্মূলিতবতা উৎপাটয়তা। অতএব অদ্যাপি তত্তদেশীয়া বিবাহদিবসে বরাগমনমাত্রেণ ছদ্মনা কন্যামানীয় ললাটে চরণপ্রহারং কারয়িত্বা গৃহাভ্যন্তরং নয়েদিতি দেশাচারঃ॥ ৮৭

মহামায়ে! মহেশ্বর কৌতুক ছলে তোমাকে আহ্বান করার স্থলে অপর কোন এক কামিনীর নাম নিয়া আহ্বান করিয়া লজ্জাবশতঃ অধোমুখ হইয়াছিলেন তুমি তাঁহাকে অন্য কামিনীতে অনুরক্ত বুঝিয়া রোষান্বিতা হইয়া যখন তাঁহার কপালে পদাঘাত করিয়াছিলা ঐ সময় নূপুর ধ্বনি হওয়াতে বিবেচনা হইয়াছিল যে, রতিপতি, পশুপতির নয়নানলে দগ্ধ হইয়াছিলেন বলিয়া যে, তাঁহার চিত্তে শল্য নিহিত ছিল তাহা যেন উক্ত পদাঘাত সময়ে উৎক্ষিপ্ত হইল, এই আনন্দ হেতু রতিপতি মুক্তকণ্ঠে চিৎকার করিতেছেন। এস্থলে টীকাকার একটী দেশাচার লিখিয়াছেন যে জগদম্বার ঐ পদাঘাত হইতে কোন কোন দেশে এখন

ও এরূপ নিয়ম আছে যে, বিবাহদিবসে বর আসিয়া উপস্থিত হওয়া মাত্র কোন ও ছলে বরের কপালে কন্যার পদাঘাত করাইয়া পরে অন্তঃপুরে বরকে সমাদরে নিয়া আসে ॥ ৮৭

পদন্তে কান্তীনাং প্রপদমপদং দেবি বিপদাং
কথং নীতং সদ্ভিঃ কঠিনকমঠীকর্পরতুলাম্।
কথং বা বাহুভ্যামুপযমনকালে পুরভিদা
তদাদায় ন্যস্তং দৃশদি দয়মানেন মনসা ॥ ৮৮ ॥

টীকা।

পদন্ত ইতি। হে দেবি! তে তব প্রপদং পাদাগ্রং সদ্ভিঃ পণ্ডিতৈঃকঠিন কমঠীকর্পরতুলাং কথং নীতং, কূর্ম্মকর্পরাকৃতি পৃষ্ঠোন্নতং পদং স্ত্রীণাং প্রশস্তং ইতি ভাবঃ। কিম্ভূতং, কান্তীনাং পদং বিপদাং অপদং অস্থানং। কথং বা উপযমনকালে বিবাহকালে দয়াযুক্তেন চেতসা পুরভিদা শিবেন তৎ পদং বাহুভ্যামাদায় দৃশদি ন্যস্তং অর্পিতং। অতিকোমলস্য তব পাদস্য কঠিনোপমানং কঠিনার্পণমপি ন যুজ্যতে ইতি ভাবঃ ॥ ৮৮

ভগবতি! কবিগণ কিপ্রকার এই কমনীয় কান্তি-সমুজ্জ্বল বিপদভঞ্জক ত্বদীয় চরণের সহিত সুকঠিনকূর্ম্ম পৃষ্ঠের তুলনা বর্ণন করেন এই রূপ তুলনা কখনই হইতে পারে না। আর ভগবান শঙ্কর সদয়চিত্ত হইয়া ও কিপ্রকারে ইবা বিবাহকালে ঐ চরণ কমল হস্ত দ্বারা

ধারণ করিয়া পাষাণের উপরে বিন্যস্ত করিয়াছিলেন। তোমার পাদপদ্মের যে, কঠিন বস্তুর সহিত সাদৃশ্য বর্ণন করা, কি কঠিন বস্তুতে অর্পণ করা, ইহা নিতান্ত অনুচিত ॥ ৮৮

নখৈর্নাকস্ত্রীণাং করকমলসঙ্কোচশশিভি-
স্তরূণাং দিব্যানাং হসত ইব তে চণ্ডি চরণৌ।
ফলানি স্বস্থেভ্যঃ কিশলয়করাগ্রেণ দদতাং
দরিদ্রেভ্যো ভদ্রং শ্রিয়মনিশমহ্নায় দদতৌ ॥ ৮৯

টীকা।

নখৈরিতি। হে চণ্ডি! তব চরণৌ দিব্যানাং তরূণাং সম্বন্ধে নখৈর্হসত ইব। নখৈঃ কিম্ভূতৈঃ, দেবস্ত্রীকরপদ্ম সম্পুটীকরণচন্দ্রৈঃ। তরূণাং কীদৃশাং, স্বার্থিভ্যঃ কিশলয়-করাগ্রেণ ফলানি দদতাং। চরণৌ কিম্ভূতৌ, অহ্নায় ঝটিতি অনিশং সততং দরিদ্রেভ্যো ভদ্রাং শ্রিয়ং দদতৌ কল্প-বৃক্ষাদপ্যভীষ্টদৌ তব চরণাবিতি ভাবঃ ॥ ৮৯

---

চণ্ডিকে! ত্বদীয় চরণযুগলের নখচন্দ্র সমীপে সুর-সুন্দরীগণের করকমল মুদ্রিত হইয়া রহিয়াছে। তোমার চরণ যুগল ঐ নখ কিরণ দ্বারা যেন সুরতরুদিগকে উপহাস করিতেছে। যেহেতু সুরতরু দেবতাদিগকে মাত্র নিখিল পল্লবরূপ করাগ্র দ্বারা অভীষ্ট ফল প্রদান করেন। তোমার এই চরণযুগল ভক্তমাত্রকেই অবিরত বাঞ্ছিত ফল

প্রদান করিতেছেন। অর্থাং কল্পবৃক্ষ অপেক্ষাও জগদম্বার চরণযুগল বাঞ্ছিত ফলপ্রদ ॥ ৮৯

কদা কালে মাতঃ কথয় কলিতালক্তকরসং
পিবেয়ং বিদ্যার্থী তব চরণনির্ণেজনজলম্।
প্রকৃত্যা মূকানামপি চ কবিতাকারণতয়া
যদাদত্তে বাণী মুখকমলতাম্বূলরসতাম্ ॥ ৯০ ॥

টীকা।

কদা কাল ইত্যাদি। হে মাতঃ! কদা কালে কস্মিন্ সময়ে তব চরণনির্ণেজনজলং চরণোদকং বিদ্যার্থী জ্ঞানার্থী অহং পিবেয় তৎ কথয় ব্রূহি। কিম্ভূতং কলিতঃ ব্যক্তীভূতঃ অলক্তকরসো যত্র। যৎ পাদোদকং বাণী কর্ত্রী কবিতাকারণতয়া স্বভাবমূকানাং নতু কারণান্তরমূকানাং মুখকমলতাম্বূলরচনাং আধত্তে আদধাতি। যৎ পীত্বা স্বভাবমূকোঽপি মহাকবির্ভবতীতি ভাবঃ। যদাদত্তে বাণী মুখকমলতাম্বূলরসতামিতি কুত্রাপি পাঠঃ। তৎ তাম্বূলরসব্যাজেন স্বয়ং বাণী গৃহ্লাতীত্যর্থঃ ॥ ৯০ ॥

---

জগদম্বে! বলত, কোন্ দিনে আমি বিজ্ঞানযাচক হইয়া তোমার সেই অলক্তকরস রঞ্জিত চরণামৃত পান করিতে পারিব। ঐ চরণামৃত পানে স্বাভাবিক মূকতাপ্রাপ্ত ব্যক্তিরাও কবিত্ব লাভ করিতেছে। এই নিমিত্ত ভগবতী সরস্বতী ও বদনকমলান্তর্গত তাম্বূলরস ছলে ঐ চরণামৃত সর্ব্বদা পান করিতেছেন। অর্থাৎ জগদম্বার

চরণানুগ্রহে জন্মাবধি মূকব্যক্তি ও মহাকবি হইয়া থাকে অজ্ঞানী ও দিব্যজ্ঞান লাভকরিয়া থাকে ॥ ৯০

পদন্যাসক্রীড়াপরিচয়মিবালব্ধুমনস-
শ্চরন্তস্তে খেহলং ভবনকলহংসা ন জহতি।
স্ববিক্ষেপে শিক্ষাং সুভগমণিমঞ্জীররণিত-
চ্ছলাদাচক্ষাণং চরণকমলং চারুচরিতম্ ॥ ৯১ ॥

টীকা।

পদন্যাসেত্যাদি। ভবনকলহংসা রাজহংসাঃ খে আকাশে অলং অত্যর্থং চরন্তোঽপি তব চরণকমলং ন জহতি ন ত্যজন্তি। কিম্ভূতাঃ, পাদবিন্যাসরূপক্রীড়ায়াং পরিচয়ং আলব্ধুমনস ইব পাদবিন্যাসক্রীড়াং জ্ঞাতুকামা ইব। চরণকমলং কিম্ভূতং, স্ববিক্ষেপে আত্মনো গমনে সুষ্ঠুমণিনূপুরশব্দচ্ছলাৎ শিক্ষামাচক্ষাণং নানাবিধগমনচাতুরীমুপদিশৎ। রাজহংসা নিয়তং তব পাদানুযায়িনোঽপি ঈদৃক্ লীলাং ন জানন্তীতি ভাবঃ ॥ ৯১ ॥

ভবসুন্দরি! তোমার চরণ কমল, গমন সময়ে সুললিত নূপুরধ্বনিছলে নানাবিধ ভাবহাবব্যঞ্জক সুচারুগমন নৈপুণ্যবিষয়ে শিক্ষা প্রদান করিতেছে। এই কারণে ভবনস্থিত রাজহংসগণ গগনপথে বিচরণ ক্ষম হইয়াও সুচারুগমনবিষয়ে উপদেশ লাভ করার অভিলাষেই যেন তোমার চরণ কমলের সংসর্গ পরিত্যাগ করিতেছে না। অর্থাৎ রাজহংসগণ সতত তোমার চরণ কমলের অনুগত হইয়াও তোমা র

চরণকমল যেরূপ মনোহর গমন চাতুরী বিষয়ে সমর্থ, ইহারা তদ্রূপ সমর্থ নহে॥ ৯০ ॥

অরালা কেশেষু প্রকৃতিসরলা মন্দহসিতে
শিরীষাভা গাত্রে দৃশদিব কঠোরা কুচতটে।
ভৃশন্তন্বী মধ্যে পৃথুরপি বরারোহবিষয়ে
জগত্ত্রাতুং শম্ভোর্জ্জয়তি করুণা কাচিদরুণা॥ ৯

টীকা।

শ্রীমত্যাঃ সৌন্দর্য্যমুক্ত্বা রূপস্যানির্ব্বচনীয়ত্বমাহ, অরালা ইতি। শম্ভোঃ শিবস্য কাচিৎ অনির্ব্বচনীয়া করুণা কৃপারূপা অরুণবর্ণা মূর্ত্তির্জ্জগত্ত্রাতু' জগতাং ত্রাণায় জয়তি। বিশেষণানাং বিরোধাভাসতয়া অনির্ব্বচনীয়ত্বমাহ। কিম্ভূতা, কেশেষু অরালা কুটিলা। মন্দহসিতে সহজসরলা। গাত্রে শিরীষাভা মৃদ্বী। কুচতটে শিলেব কঠোরা। মধ্যে অতিশয়ক্ষীণা। বরারোহবিশয়ে পৃথুতরা। দারেষ্বপি গৃহাঃ শ্রোণ্যামপ্যারোহো বরস্ত্রিয়া ইত্যমরঃ। অত্র কুটিল-সরলয়োঃ মৃদুকঠোরয়োঃ পৃথুক্ষীণয়োরেকত্বপ্রতিপাদনং বিরোধাভাসালঙ্কারঃ। সর্ব্বত্র অবয়বভেদেনাবিরোধঃ। অত্র বাগ্‌ভবকূটং কামরাজমুদ্ধৃত্য অরুণবর্ণং ধ্যায়েদিতি সাম্প্রদায়িকাঃ॥ ৯২ ॥

জগদম্বে! তুমি কেশভারে কুটিলা হইয়াও মৃদুহাস বিষয়ে স্বভাবত সরলা। তুমি শরীর বিষয়ে শিরীষ কুসুমের তুল্য

সুকোমলা হইয়াও স্তনযুগল বিষয়ে পাষাণের ন্যায় কঠিনা। তুমি মধ্যদেশে ক্ষীণা হইয়াও নিতম্ব প্রদেশে অতিশয় বিশালা হইয়াছ। এই যে তোমার অনির্ব্বচনীয়া অরুণবর্ণা প্রতিমূর্ত্তি, ইহা দেখিয়া বোধ হয় ত্রিলোক পালনের নিমিত্ত ভগবান শঙ্করের সাক্ষাৎ মূর্ত্তিমতী করুণাই যেন ঐরূপে বিরাজ করিতেছে। ৯২।

পুরারাতেরন্তঃপুরমসি ততস্ত্বচ্চরণয়োঃ
সপর্য্যামর্য্যাদা তরলকরণানামসুলভা।
তথা হ্যেতে নীতাঃ শতমখমুখাঃ সিদ্ধিমতুলাং
তব দ্বারোপান্তস্থিতিভিরণিমাদ্যাভিরমরাঃ॥ ৯৩

টীকা।

শ্রীমত্যাঃ পূজায়াঃ পূর্ব্বং পীঠদেবতাদীনাং পূজায়াঃ আবশ্যকত্বমাহ পুরা ইতি। পুরারাতেঃ শিবস্য অন্তঃপুরমসি ত্রিপুরজয়িনো মহিষী ভবসি ততঃ কারণাৎ ত্বচ্চরণয়োঃ সপর্য্যামর্য্যাদা পূজাপরিপাটী তরলকরণানাং চঞ্চলেন্দ্রিয়াণাং অসুলভা দুর্ল্লভা। তৎ কথমিন্দ্রাদয়ঃ সিদ্ধা ইত্যাহ। এতে শতমখমুখা ইন্দ্রাদ্যা দেবাঃ তব দ্বারোপান্তে স্থিতির্যাসাং তাভিরণিমাদ্যাভিরতুলাং সিদ্ধিং নীতাঃ। যদ্বা পুরারাতের্ব্বিন্দুরূপস্য অন্তঃপুরং ত্রিরেখাসি চক্রমধ্যস্থাসি। তব চরণং ইন্দ্রাদীনামপ্যগোচরং অতএব অঙ্গাবরণদেবতাঃ পূজয়েদিতি ভাবঃ। তব পূজা চঞ্চলেন্দ্রিয়াণাং অসুলভা দুর্ল্লভা কিন্তু স্থিরেন্দ্রিয়াণাং চক্রভেদনসমর্থানাং শুকাদীনাং সুলভা ইতি ধ্বনিঃ॥ ৯৩

জগদম্বে! তুমি ভূতনাথের মহিষী অতএব চপলেন্দ্রিয় মনুজগণের পক্ষে তোমার শ্রীচরণযুগলের অর্চনা পারিপাট্য সুলভ নহে। তবে যে এই শত শত মহেন্দ্র প্রভৃতি দেবগণ সিদ্ধ মনোরথ হইয়াছেন দেখা যায় তাহাতেও তোমার দ্বারস্থিত অণিমাদি অষ্টসিদ্ধির আরাধনা মুখ্যই কারণ তোমার চরণপূজার পারিপাট্য বিষয়ে কেহই প্রবীণতা লাভ করেন নাই। এস্থলে টীকাকার অন্যপ্রকারও ব্যাখ্যা করিয়াছেন যথা।—জগদম্বে! তুমি শ্রীচক্রান্তর্গত বিন্দুরূপী ত্রিপুরারির অন্তঃপুর অর্থাৎ ত্রিকোণময়ী রেখাস্বরূপা। ইন্দ্রিয় পরতন্ত্র ব্যক্তিরা তোমার পূজাবিষয়ে সমর্থ নহে, কিন্তু চক্র ভেদে সুনিপুণ সেই শুক প্রভৃতির পক্ষেই তোমার পূজাতে সামর্থ্য দুর্লভ নহে। ৯৩।

গতাস্তে মঞ্চত্বং দ্রুহিণহরিরুদ্রেশ্বরশিবাঃ
শিবঃ স্বচ্ছচ্ছায়াঘটিতকপটপ্রচ্ছদপটঃ।
ত্বদীয়ানাং ভাসাং প্রতিফলনলাভারুণতয়া
শরীরী শৃঙ্গারো রস ইব দৃশাং দোগ্ধি কুতুকম্ ৯৪

টীকা।

শ্রীমত্যাঃ পীঠমাহ গতা ইতি। ব্রহ্মবিষ্ণুরুদ্রেশ্বরদেবাঃ তে তব মঞ্চত্বং গতাঃ। তৎ কুতঃ সদাশিব ইত্যাহ। শিবঃ সদাশিবঃ স্বচ্ছচ্ছায়াঘটিতকপটপ্রচ্ছদপটঃ সন্ নির্ম্মলকান্তিযুক্ত-ছদ্মপ্রচ্ছদপটঃ সন্ বিগ্রহবান্ শৃঙ্গারো রস ইব দৃশাং চক্ষুষাং কুতুকং দোগ্ধি প্রপূরয়তি। শৃঙ্গাররসস্য রজোগুণ-

প্রধানত্বাৎ অরুণত্বং। সদাশিবঃ শুক্লস্তৎ ক'ং সারূপ্যমিত্যাহ ত্বদীয়ানাং ভাসাং প্রতিবিম্বলাভেন অরুণতয়া। এতেন সদাশিবস্থাপি ন শৃঙ্গারকর্তৃত্বং পরমশিবকান্তাসীতি তাৎপর্য্যার্থঃ ॥ ৯৪ ॥

জগদম্বে! ব্রহ্মা বিষ্ণু, রুদ্র ও ঈশ্বর এই শিবচতুষ্টয় তোমার সিংহাসন বহন করিতেছেন। ঐ সিংহাসনের উপরি ভাগে সদাশিব নির্ম্মল ধবলকান্তি ছলে রমণীয় শুভ্রবসনে সমাচ্ছাদিত হইয়া শয়িত আছেন। এই সদাশিবে তোমার অরুণকান্তি প্রতিবিম্বিত হওয়াতে বিবেচনা হইতেছে যে, ঐ সদাশিব ছলে শৃঙ্গাররস যেন মূর্ত্তিমান হইয়া বিরাজ করতঃ সাধকবৃন্দের নয়নানন্দ বর্দ্ধন করিতেছে। ইহার তাৎপর্য্য এই যে, শৃঙ্গাররস রজোগুণময় অতএব উহা, রক্তবর্ণ বর্ণনীয়। শুক্লবর্ণ সদাশিবে জগদম্বার অরুণাভা প্রতিবিম্বিত হওয়াতে মূর্ত্তিমান শৃঙ্গাররস বলিয়া উৎপ্রেক্ষা করা হইয়াছে। বস্তুত এইটি প্রতিপন্ন হইল যে, সদাশিবে শৃঙ্গার কর্তৃত্ব নাই, পরমশিবই ঐ কর্তৃত্ব লাভ করিয়াছেন। যাঁহারা "ষট্ শিবাঃ পরিকীর্ত্তিতাঃ" এই মতানুযায়ী তাঁহাদের মতে ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র ঈশ্বর ও সদাশিব এই পঞ্চশিব জগদম্বার সিংহাসনের পাদস্বরূপ হইয়াছেন, পরশিব সিংহাসনের উপরিভাগে শয়িত রহিয়াছেন, ঐ শুদ্ধ স্ফটিককান্তি সুশোভিত পরমশিবেই জগদম্বার অরুণআভা প্রতিফলিত হওয়ায় মূর্ত্তিমান শৃঙ্গাররস বলিয়া

উৎপ্রেক্ষিত হইয়াছে ইনি জগদম্বার পতি নহেন সহস্রার-স্থিত পরম শিবই জগদম্বার পতি। ৯৪।

কলঙ্কঃ কস্তূরী রজনিকরবিম্বং জলময়ং
কলাভিঃ কর্পূরৈর্ম্মরকতকরণ্ডং নিবিড়িতম্।
অতস্ত্বদ্ভোগেন প্রতিদিন মিদং রিক্তকুহরং
বিধির্ভূয়ো ভূয়ো নিবিড়য়তি নূনং তব কৃতে ৯৫

টীকা।

শ্রীমত্যাঃ পূজায়াং পাত্রাদিকং নিরূপয়তি কলঙ্ক ইতি। জলবজ্জলং চন্দ্ররশ্মি পীযূষমিতি যাবৎ। জলময়ং পিযূষ-পূর্ণং রজনিকরবিম্বং চন্দ্রমণ্ডলং কলাভিঃ কর্পূরৈর্নিবিড়িতং চন্দ্রকলারূপকর্পূরৈঃ পূরিতং মরকতকরণ্ডং প্রতিদিনং। শরচ্চন্দ্রস্য শুভ্রবর্ণতয়া মরকতমণেঃ কৃষ্ণবর্ণত্বাৎ উৎপ্রেক্ষ্যতে। কলঙ্কঃ কস্তূরী যত্র। তথা চ সৌগন্ধ্যার্থং পূজা-পাত্রাণি কস্তূর্য্যাদিভিঃ সংস্ক্রিয়ন্তে। অতঃ কারণাৎ ত্বদ্ভো-গেন আত্মভোগার্থং শ্রীমত্যা নিরূপিতরিক্তকুহরং শূন্যগর্ভং ইদং মরকতকরণ্ডং নূনং নিশ্চিতং তব কৃতে যুষ্মদর্থং বিধি-র্ভূয়োভূয়ঃ পূরয়তি। তথাচোর্দ্ধাম্নায়ে ব্রহ্মরন্ধ্রাদধোভাগে যচ্চান্দ্রং পাত্রমুত্তমং। কলাধারেণ সম্পূজ্য তর্পয়েত্তেন খেচরী মিতি। ৯৫

---

জগদম্বে! আমরা বিবেচনা করি যে তদীয় অর্চ্চনার্থ সৃষ্টি-কর্ত্তা প্রতিদিনই এই চন্দ্রমণ্ডলরূপ মরকত মণি নির্ম্মিত

পাত্রটী কিরণময় পীযূষ পরিপূর্ণ করিয়া প্রদান করিতেছেন। ঐ পাত্রটী কলঙ্করূপ কস্তূরীগন্ধে আমোদিত এবং কলারূপ কর্পূরখণ্ড সমন্বিত। পূজা করিতে করিতে যে সময় ঐ পাত্রটী ন্যূন লক্ষ্য হয়, সৃষ্টিকর্ত্তা তৎক্ষণেই আবার পীযূষাদি দ্বারা পরিপূর্ণ করিয়া দিয়া থাকেন। অর্থাৎ মরকতমণির পাত্র স্বভাবতঃ শুক্লবর্ণ না হইলেও কলারূপ কর্পূরাদি দ্বারা পরিপূর্ণ থাকাতে শুভ্রবর্ণ হইয়া থাকে। যে কালে ঐ কলারূপ কর্পূরাদি ক্ষয় হইতে থাকে, সে সময় ঐ চন্দ্রমণ্ডলরূপ পাত্র আবার পূর্ব্ববর্ণ লাভ করিয়া থাকে। ঊর্দ্ধাম্নায়েও লিখিত আছে ব্রহ্মরন্ধ্রের নিম্নদেশে যে চন্দ্রমণ্ডলরূপ পাত্র আছে তাহা হইতে অমৃতাদি আনিয়া জগদম্বার পূজা ও তর্পণাদি করিতে হয়। ৯৫।

স্বদেহোদ্ভূতাভির্ঘৃণিভিরণিমাদ্যাভিরভিতো
নিষেব্যাং নিত্যে ত্বামহমিতি সদা ভাবয়তি যঃ।
কিমাশ্চর্য্যং তস্য ত্রিনয়নসমৃদ্ধিং তৃণয়তো
মহাসম্বর্ত্তাগ্নির্ব্বিরচয়তি নীরাজনবিধিম্ ॥ ৯৬ ॥

টীকা।

স্বদেহ ইতি। হে নিত্যে! নিত্যস্বরূপে! স্বদেহোদ্ভূতাভিঃ স্বশরীরজাতাভির্ঘৃণিভিঃ অণিমাদ্যাভি সিদ্ধিভিরভিতো নিষেব্যাং ত্বাং অহমিতি যঃ সদা ভাবয়তি সোঽহং ভাবেন যঃ সদা উপাস্তে ত্রিনয়নসমৃদ্ধিং [illegible]রতঃ শিবসম্পত্তিং তৃণীকুর্ব্বতস্তস্য মহাসম্বর্ত্তাগ্নির্মহাপ্র[illegible]গ্নির্নী-

রাজনবিধিং নির্ম্মঞ্জনবিধিং বিরচয়তীতি কিমাশ্চর্য্যং। সএব সদাশিব ইতি ভাবঃ॥ ৯৬॥

---

সনাতনি! তুমি স্বকীয় দেহ হইতে আবির্ভূত অণিমাদি অষ্টসিদ্ধি কর্ত্তৃক আরাধিতা হইতেছ। যে সাধক ঐরূপে 'সোঽহং' এইজ্ঞানে "অর্থাৎ আমি জগদম্বা হইতে অভিন্ন" এইপ্রকার জ্ঞানশালী হইয়া সর্ব্বদা তোমাকে উপাসনা করে, সে যে মহেশ্বরের অষ্টসিদ্ধিকেও তৃণরূপ বিবেচনা করিতে সমর্থ হয় এবং প্রলয় কালীয় সম্বর্ত্তনামক অনল দ্বারা নীরাজিত হইয়া থাকে ইহা বৈচিত্র্য কিছুই নহে। অর্থাৎ ঐরূপে ভাবনাশীল সাধকই যে সাক্ষাৎ সদাশিব, তাহার আর কোন সন্দেহ নাই ৯৬

কলত্রং বৈধাত্রং কতি কতি ভজন্তে ন কবয়ঃ
শ্রিয়ো দেব্যাঃ কো বা ন ভবতি পতিঃ
কৈরপি ধনৈঃ।
মহাদেবং হিত্বা তব সতি সতীনামচরমে
কুচাভ্যামাসঙ্গঃ কুরুবকতরোরপ্যসুলভঃ॥ ৯৭॥

টীকা।

কলত্রমিতি। হে সতি! সতীনামচরমে! সতীনাং মধ্যে মহাদেবং হিত্বা তব কুচাভ্যামাসঙ্গঃ তবালিঙ্গনং কুরুবক-তরোঝিণ্টিবৃক্ষস্যাপি দুর্লভঃ। কুরুবকো নাম ঝিণ্টীবৃক্ষ-বিশেষঃ। তস্যালিঙ্গনেন স্ত্রীণাং কামবৃদ্ধির্ভবতি। তথাচ

কামশাস্ত্রে কুরুবকতরুর নিন্দনাৎ সিন্ধুবার ইতি। মহাদেবস্তু সর্ব্বাত্মকত্বাৎ শ্রীমত্যাঃ সর্ব্বাধারভূতত্বাৎ ক্রিয়াব্যভিচারো নাস্তীতি ভাবঃ। তথাচ ভারতে, "ন চক্রাঙ্কা ন পদ্মাঙ্কা ন বজ্রাঙ্কা জনাঃ ক্বচিৎ। লিঙ্গাঙ্কাশ্চ ভগাঙ্কাশ্চ তেন মাহেশ্বরী প্রজা" ইতি। অন্যাসা ক্রিয়াব্যভিচারমাহ বৈধাত্রং কলত্রং কতি কতি কবয়ো ন ভজন্তে অপি তু কাব্যসামর্থ্যমাত্রেণ বাগীশা ভজন্তি নতু মূর্খাঃ। শ্রিয়ো দেব্যাঃ লক্ষ্ম্যাঃ কৈরপি ধনৈর্ধনসম্পর্কমাত্রেণ কঃ পতির্ন ভবতি, অপিতু সর্ব্বএব ধনিনঃ লক্ষ্মীপতয়ঃ ন তু দরিদ্রা ইতি ভাবঃ॥ ৯৭॥

হরমহিলে! এই ত্রিলোকে তুমিই অদ্বিতীয়া সতী তোমার ন্যায় সতী আর দেখা যায় না। যেহেতু, চতুরাননের প্রিয়তমা যে ভগবতী সরস্বতী দেবী ইনিও অসংখ্য অসংখ্য কবিগণ নিয়া বিলাস করিতেছেন। আর কেশবের কামিনী যে কমলা দেবী ইনি ই বা অর্থনিবন্ধন কত কত ব্যক্তিকে আশ্রয় না করিতেছেন। এই ভিন্ন যাঁহারা তাঁহাদিগের মধ্যে ও অপর কথা দূরে থাকুক, কুরুবক বৃক্ষকে কেইবা আলিঙ্গন না করিয়া থাকেন। একমাত্র তুমিই স্বীয় পতিকে ছাড়িয়া কুরুবক বৃক্ষ পর্য্যন্তও আলিঙ্গন কর না। ইহার তাৎপর্য্য এই যে কুরুবক বৃক্ষে আলিঙ্গনে রমণীদিগের কাম বৃদ্ধি হইয়া থাকে। সুতরাং কুরুবককে সকল রমণীরাই আলিঙ্গন করিয়া থাকেন। একমাত্র জগদম্বার ই তাহাতে দোষ ঘটিতে পারে না। কারণ জগদম্বাও জগন্ময়ী, মহেশ্বর ও জগন্ময়

এতাদৃশ উভয়ের আলিঙ্গনে আর দোষের সম্ভাবনা কি ?। ৯৭

গিরামাহুর্দ্দেবীং দ্রুহিণগৃহিণীমাগমবিদো
হরেঃ পত্নীং পদ্মাং হরসহচরীমদ্রিতনয়াম্।
তুরীয়া কাপি ত্বং দুরধিগমনিঃসীমমহিমা
মহামায়া বিশ্বং ভ্রময়সি পরং ব্রহ্মমহিষি ॥ ৯৮ ॥

টীকা।

গিরামিতি। হে পরংব্রহ্মমহিষি! আগমবিদো জ্ঞানিনঃ দ্রুহিণগৃহিণীং ব্রহ্মণঃ শক্তিং বাগীশ্বরীমাহুঃ। বিদুষামধিষ্ঠাতৃত্বমাহুঃ। হরেঃ পত্নীং লক্ষ্মীমাহুঃ ধনিনামধিষ্ঠাতৃত্বং। হরসহচরীং দুর্গামাহুঃ জ্ঞানিনামধিষ্ঠাতৃত্বং। হে মহামায়ে! ত্বং পুনস্তুরীয়া এতত্ত্রয়াতিরিক্তা কাপি অনির্ব্বচনীয়া। যতো বিশ্বং ভ্রময়সি জগন্মোহয়সি। ত্বং কিম্ভূতা, দুরধিগমনিঃসীমমহিমা দুজ্ঞেয়োঽপরিমিতঃ মহিমা যস্যাঃ সত্বরজস্তমসামতিরিক্তাসীত্যর্থঃ॥ ৯৮ ॥

পরমব্রহ্মমহিষি! বেদপারগ পণ্ডিতগণ বলিয়া থাকেন যে, সরস্বতী চতুরাননের সহধর্ম্মিণী, কমলা কেশবের সহধর্ম্মিণী এবং গিরীন্দ্রবালিকা ত্রিলোচনের সহধর্ম্মিণী। কিন্তু তুমি ইহাঁদের কেহই নও, তুমি সত্ব রজঃ তম এই গুণত্রয়ের অতীতা শক্তিত্রয়ের অতিরিক্তা চতুর্থী প্রকৃতি, তোমার স্বরূপ অনির্ব্বচনীয়। তোমার অসীম মায়া ও

অসীম মহিমা কে বুঝিতে পারে। তুমি এই বিশ্বসংসারকে মোহাভিভূত করিতেছ। ৯৮

সমুদ্ভূতস্থূলস্তনভরমুরশ্চারু হসিতং
কটাক্ষে কন্দর্পাঃ কতি চ ন কদম্বদ্যুতিবপুঃ।
হরস্য ত্বদ্ভ্রান্তিং মনসি জনয়ামাস মদনো
ভবত্যাং যে ভক্তাঃ পরিণতিরমীষামিয়মুমে ॥ ৯৯

টীকা।

সমুদ্ভূত ইতি। হে উমে! ভবত্যাং যে ভক্তাঃ অমীষামিয়ং পরিণতিঃ ফলপরিপাকঃ। তদ্দর্শয়ন্নাহ. মদনঃ কন্দর্পঃ হরস্য মনসি ত্বদ্ভ্রান্তিং জনয়ামাস ত্বামভেদেন ভজন্ আত্মনি ত্বদ্ভ্রান্তিং জনয়ামাস। মদনঃ কিম্ভূতঃ, কদম্বদ্যুতি-বপুঃ কদম্বপুষ্পবদ্দ্যুতিঃ শোভা যস্য বপুষঃ। তৎ কিং কৃত-বানিত্যাহ। উরো বক্ষঃ সমুদ্ভূতস্থূলস্তনভরং কৃতবান্ প্রাদুর্ভূতঃ স্থূলস্তনয়োর্ভরো যত্র। হসিতং চারু কৃতবান। পূর্ব্বং পৌঢ়হাস্যমাসীৎ তদ্বিহায় মনোহরং কৃতবান্। কটাক্ষে কতি কন্দর্পা ন সন্তি অপি তু সন্ত্যেব। ৯৯

উমে! যাঁহারা একাত্মতারূপে তোমাকে আরাধনা করেন তাঁহাদিগের যে, পরিণামটি এক অনির্ব্বচনীয় হইয়া থাকে অর্থাৎ তাঁহারা অবধারিতই সারূপ্য মুক্তি লাভ করিয়া থাকেন। দেখ পঞ্চশর পঞ্চাননের চিত্তে এরূপ জ্ঞানজন্মাইয়া দিলেন যে, পঞ্চানন নিশ্চয় করিলেন আমিই সেই জগ-

মোহিনী গিরীন্দ্রনন্দিনী। এরূপ নিশ্চয়ের কারণ এই যে, যখন তিনি পঞ্চশরের বশীভূত হইয়া হরগৌরী মূর্ত্তি ধারণ করিলেন, তখন তাঁহার শরীরে কদম্ব কোরকের ন্যায় রোমাঞ্চ সকল বিকসিত হইয়া উঠিল, পূর্ব্বে তিনি অট্টহাস করিতেন তখন তিনি মৃদু মৃদু সুমধুর হাস্য করিতে লাগিলেন, বক্ষঃস্থলে সুপীন পয়োধর ধারণ করিলেন। অপাঙ্গ বিলাসে কত কত কামদেব নৃত্য করিতে লাগিল। অতএবই প্রতিপন্ন হইল যে, যাঁহারা জগদম্বাকে আত্মস্বরূপে ভাবিয়া উপাসনা করেন তাঁহারা জগদম্বার প্রতিকৃতিরূপ সারূপ্য মুক্তি লাভ করিতে পারেন। ৯৯

সরস্বত্যা লক্ষ্ম্যা বিধিহরিসপত্নো বিহরতে
রতেঃ পা তিব্রত্যং শিথিলয়তি রম্যেণ বপুষা।
চিরং জীবন্নেব ক্ষয়িতপশুপাশব্যতিকরঃ
পরং ব্রহ্মাভিখ্যং রসয়তি রসং ত্বদ্ভজনবান্॥ ১০০

টীকা।

সরস্বত্যা ইতি। ত্বদ্ভজনবান্ ত্বদ্ভক্তো জনঃ বিধিহরি-সপত্নঃ সন্ সরস্বত্যা লক্ষ্ম্যা সহ বিজয়তে বিধিহরিপ্রতি-পক্ষমপি ত্বদ্ভক্তং সরস্বতী লক্ষ্মীশ্চ ভজতে ইত্যর্থঃ। রম্যেণ বপুষা আত্মনঃ সৌন্দর্য্যেণ রতেঃ পাতিব্রত্যং শিথিলয়তি। ব্রহ্মাণ্ডে মম পতিঃ সুন্দর ইতি রত্যা অতিনির্ব্বন্ধং দূরী-করোতি। ভক্তঃ কিম্ভূতঃ, ক্ষয়িতপশুপাশব্যতিকরঃ দূরী-কৃতঃ অজ্ঞানরূপঃ পাশো যেন স তথা চিরং বহুকালং

জীবন্নেব ব্রহ্মাভিধ্যং রসং রসয়তি আস্বাদয়তি জীবন্মুক্তো ভবতীত্যর্থঃ। ১০০

---

জগদম্বে! যিনি তোমাকে উপাসনা করিয়া থাকেন, তিনি চতুরানন ও কেশবের পরম বৈরী হইয়া সরস্বতী ও লক্ষ্মীর সহিত ক্রীড়া করিতে থাকেন. অর্থাৎ জগদম্বার ভজনাসক্ত ব্যক্তি প্রধান কবি ও প্রধান ধনপতি হইয়া থাকেন। এবং ঐসাংক স্বীয় মনোহর সৌন্দর্য্য প্রভাবে কামপত্নী রতিদেবীর ও সতীত্ব অস্থির করিয়া থাকেন চিরজীবী হইয়া, পশুপাশবন্ধন অর্থাৎ অজ্ঞান রূপ পাশ-বন্ধন হইতে উন্মুক্ত হন এবং ব্রহ্মানন্দ রসাস্বাদে পরম রসিক হইয়া থাকেন। ১০০

নিধে নিত্যস্মেরে নিরবধিগুণে নীতিনিপুণে
নিরাঘাটজ্ঞানে নিয়পর চিত্তৈকনিলয়ে!
নিবৃত্যা নির্ম্মুক্তে নিখিলনিগমান্তস্তুতপদে
নিরাতঙ্কে নিত্যে নিগময় মমাপি স্তুতিমিমাম্। ১০১

টীকা।

নিধে ইতি। নিধীয়তে অস্মিন বিশ্বমিতি বিশ্বাধারভূতে! নিত্যং প্রতিক্ষণমানন্দহাসো যস্যাঃ, হে নিত্যস্মেরে! নির্গতোঽবধিরিয়ত্তা গুণানাং যস্যাঃ। হে নীতৌ নিপুণে! যথোচিতনিগ্রহানুগ্রহপরে! নিরাঘাটমপরিমিতং জ্ঞানং যস্যাঃ; হে নিরাঘাটজ্ঞানে! নিগমপরা বেদান্তবাদিনস্তেষাং

চিত্তমেব প্রধানং স্থানং যস্যাঃ। নিয়তিঃ শুভাশুভং কর্ম্ম তথা শুভাশুভকর্ম্মহীনে! অপর্য্যাপ্তবেদান্তে স্তুতং পদং স্থানং যস্যাঃ, হে নিখিলনিগমান্তস্তুতপদে! নির্গতিমাতঙ্কং ইদং কর্ত্তব্যমিদমকর্ত্তব্যমিতি চিত্তচাঞ্চল্যং যস্যাঃ হে নিরাতঙ্কে! হে নিত্যে! ইমাং মমাপি স্তুতিং নিগময় বেদবৎ কুরু। যথা বেদঃ প্রমাণং তথা কুর্ব্বিত্যর্থঃ। নিশময় ইতি পঞ্চাননঃ। ১০১

জগদম্বে! তুমি এই সমস্ত জগতের আধাররূপিণী। তোমার মুখমণ্ডল অবিরত আনন্দ হাস্যে পরিপূর্ণ। তোমার গুণরাশি অপরিমেয়। তুমি নীতিবিষয়ে সুনিপুণা অর্থাৎ যথাযোগ্য নিগ্রহ ও অনুগ্রহ করিয়া থাক। তুমি সত্য জ্ঞান স্বরূপিণী। তুমি বেদান্তবিদ পণ্ডিতগণের মানস মন্দিরে বিরাজ করিতেছ। তুমি নিয়তের অনুসারিণী নও। সমস্ত বেদবেদান্ত দ্বারাই ত্বদীয় শ্রীপাদপদ্মের স্তব হইয়া থাকে। এইটি কর্ত্তব্য, এইটি কর্ত্তব্য না, তুমি এরূপ কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনাতে চঞ্চলা হওনা। তুমি অনুকম্পা বিতরণ পূর্ব্বক আমার এই স্তবটিকে লোকসমাজে বেদের ন্যায় আদরণীয় কর। ১০১

প্রদীপজ্বালাভির্দ্দিবসকরনীরাজনবিধিঃ
সুধাসূতেশ্চন্দ্রোপলজললবৈরর্ঘ্যরচনা।

স্বকীয়ৈরম্ভোভিঃ সলিলনিধিসৌহিত্যজননং
ত্বদীয়াভির্ব্বাগভিস্তব জননি বাচাং
স্তুতিরিয়ম॥ ১০২

টীকা।

প্রদীপ ইতি। হে বাচাং জননি! ইয়ং স্তুতিস্ত্বদীয়াভি-র্ব্বাগ্‌ভির্ব্বিরচিতা নাত্র মম কর্ত্তৃত্বমিতি ভাবঃ। অত্র দৃষ্টান্তমাহ প্রদীপেত্যাদি। যথা প্রদীপজ্বালাভির্দ্দিবসকরস্য নির্ম্মঞ্জনবিধিঃ বিশ্বব্যাপকস্তেজসা স্বল্পতেজোঽনুভবিষ্য-তীত্যর্থঃ। যথা সুধাসিন্ধোশ্চন্দ্রস্য চন্দ্রোপলশ্চন্দ্রকান্তমণি-বিশেষঃ। তস্মাদ্‌যদমৃতং স্রবতি তদমৃতেনার্ঘ্যরচনা। যথা স্বকীয়ৈরম্ভোভিঃ সমুদ্রোত্থিতবারিভিঃ সলিলনিধেঃ সমুদ্রস্য সৌহিত্যকরণং প্রীতিজননমিত্যর্থঃ। ১০২

---

জগদম্বে! এই বাক্য সকলের প্রসবিণী ও তুমিই, অতএব সহস্রাংশু যেমন ক্ষুদ্র প্রদীপ শিখার নীরাজনে, সুধাংশু যেমন চন্দ্রকান্তমণি ক্ষরিত জলকণা দ্বারা কল্পিত অর্ঘ্য বিতরণে এবং জলনিধি যেমন স্বীয় জলাঞ্জলি দ্বারা সম্পাদিত তর্পণ ক্রিয়ায় প্রীতিলাভ করিয়া থাকেন তুমি ও তদ্রূপ আত্মপ্রসূত কতিপয় বাক্য দ্বারা গ্রথিত এই ক্ষুদ্র-স্তবটি শ্রবণ করিয়া প্রীতি লাভ কর। ১০২

মঞ্জীরশোভিচরণং বলিশোভিমধ্যং
হারাভিরামকুচমন্দুরহারতাঙ্গম্।

লীলাত্মকং হিমমহীধরকন্যকাখ্যং
জ্ঞানপ্রদীপমিমমীশ্বরদীপদীপ্তম্। ১০৩

টীকা।

মঞ্জীরেত্যাদি। হিমমহীধরকন্যকা আখ্যা যস্য তং জ্ঞানপ্রদীপং জ্ঞানময়ং দীপং অহমীড়ে ইত্যুচ্যমানক্রিয়া ভাবান্তরপ্রবিষ্টা। কিম্ভূতং তং, ঈশ্বরদীপদীপ্তং ঈশ্বররূপেণ বর্ত্তিনা প্রকাশীভূতং। ১০৩

যিনি নূপুর বিরাজিত চরণযুগলে শোভমান। যাহার মধ্যস্থল ত্রিবলী—বলয়ে সুশোভিত। যাঁহার স্তনযুগল মনোহর হারলতাতে সমলঙ্কৃত। যিনি নলিনদলের ন্যায় বিশাল লোচনদ্বয় ধারণ করিয়াছেন; যিনি অবিরত লীলাপরায়ণ, আমি সেই গিরিরাজনন্দিনী নামক ঈশ্বররূপ বর্ত্তিদ্বারা সমুজ্জ্বল জ্ঞানময় প্রদীপকে প্রণাম করিলাম। ১০৩

ইত্থং শঙ্করমূর্ত্তিনা ভগবতা বাগ্দেবতাসিন্ধুনা
শ্রীসৌন্দর্য্যসুধানদীস্তুতিরিয়ং কপ্তা বিচিত্রা
গুণৈঃ।
আবৃত্তা ধৃতশক্তিভির্দশশতাবৃত্ত্যা নরৈঃ সাধকৈ-

স্তান্ কুর্ব্বীত কবীন্নরেন্দ্রমুকুটীসংঘৃষ্টপাদাম্বু-

জান্ ॥ ১০৪

ইতি শ্রীশঙ্করাচার্য্যবিরচিত-

মানন্দলহরীস্তোত্রং

সমাপ্তম্ ।

---

ইত্থমিত্যাদি। সুগমং। ১০৪

ইতি টীকা সমাপ্তা।

সংপ্রতি অপর কবির বিরচিত স্তবমাহাত্ম্য লিখিত হইতেছে। যিনি ত্রিলোকপাবন ভগবান ভূতনাথের অপর মূর্ত্তিস্বরূপ, যিনি বাগ্দেবতারূপা মহানদীসম্বন্ধে পারাবার স্বরূপ সেই মহাত্মা শঙ্করাচার্য্য প্রণীত এই আনন্দলহরী স্তবটি বিবিধ মাধুর্য্যাদিগুণে নিবদ্ধ হইয়াছে, ইহা শ্রীও সৌন্দর্য্য বিতরণ বিষয়ে অমৃতময়ী নদী স্বরূপ, অর্থাৎ সাধক এইস্তব পাঠ করিলে অপার সম্পত্তি ও অলৌকিক সৌন্দর্য্য লাভকরিতে পারেন। যদি উপাসক মহাত্মারা জগৎ প্রসবিনী শক্তি দেবীর ভাবনাপুর্ব্বক এই আনন্দলহরী স্তব সহস্রবার পাঠ করেন, তবে তাঁহারা মহাকবি হইয়া থাকেন এবং তাঁহাদিগের পাদপদ্ম নরপতিদিগের মুকুটাভরণের ঘর্ষণে সর্ব্বদা পরিষ্কৃত হইয়া থাকে। ১০৪

আনন্দলহরীর অনুবাদ সমাপ্ত।